



বারংইপুরের শাসন রোড স্টেশন এলাকায় প্র্যাটফর্মের কাছে অজ্ঞাতপরিচয় যুবকের গলাকাটা দেহ উদ্ধার। রবিবার দেহ উদ্ধারের সময় গলার নলি ও হাতের শিরা কাটা ছিল। পুলিশ দেহ উদ্ধার করে ময়নাতদন্তে পাঠায়। ... বিস্তারিত পাতা ৩



একসময় পরীক্ষামূলকভাবে ছাড়া হয়েছিল কয়েকটি ময়ূর। পূর্ব বর্ষমানের আউশগ্রামের হেদোগড়িয়া সংলগ্ন সেই এলাকায় এখন ময়ূরের সংখ্যা বেড়ে হয়েছে ৫০০টিরও বেশি। ওই এলাকা এখন ময়ূরের অবাধ বিচরণক্ষেত্র হয়ে উঠেছে। বিস্তারিত পাতা ৫



ইচ্ছায় বা অনিচ্ছায় দুর্ভাবের কাশি হতে পারে। কাশি অনেককে বেশ ভোগালেও এটা কিন্তু রোগ প্রতিরোধের একটি প্রাকৃতিক উপায়। তবে অভিরিক্ত কাশি কোনো রোগের লক্ষণ হিসেবেও ঘটতে পারে। কাশি হলে কী করা উচিত- বিস্তারিত পাতা ৬



২০২২ সালে ডিসেম্বরে বিশ্বকাপ জয়ের অধরা স্বপ্ন বাস্তবায়ন করে ফেলেন মেসি। ৩৬ বছরের খরা কাটিয়ে আর্জেন্টিনা জিতে নিজেদের তৃতীয় বিশ্বকাপ আর মেসি জিতে নেয় প্রথম বিশ্বকাপ। তারপর থেকেই ফুটবল রাজপুত্রের অবসর নিয়ে চর্চা শুরু হয়। ...বিস্তারিত পাতা ৮



নববর্ষ উদযাপনে ভিড় চোখে পড়ার মতো পার্ক স্ট্রিট সহ গোটা কলকাতায়। উৎসবে মুখরিত হয়ে উঠেছে গোটা দেশের মানুষজনও।

তাঁর কাছে মেয়েদের চোখের জল মূল্যহীন! মোদিকে তোপ রাহুলের



নয়াদিল্লি, ৩১ ডিসেম্বর : দীর্ঘ লড়াইয়েও মেলেনি সুবিচার। প্রতিবাদে নয়াদিল্লির কর্তব্য পথে নিজের খেলরঙ্গ এবং অর্জুন পুরস্কার ফেলে এলেন ভিনেশ ফোগাটা। এবার ভিনেশের পাশে দাঁড়িয়ে সুর চড়ালেন রাহুল গান্ধী। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে ‘বাহুবলি খোঁচা দিতেও ছাড়েননি কংগ্রেস সাংসদ বজরং পুনিয়া, বীরেন্দ্র সিং আগেই পদ্ম পুরস্কার ফেরানোর সিদ্ধান্ত নিয়েছিলেন। সেই পথে হেঁটে দেশের অন্যতম

সেরা কুস্তিগির ভিনেশ ফোগাটা জানিয়ে দেন, তিনি অর্জুন ও খেলরঙ্গ পুরস্কার ফেরাবেন। মোদিকে খোলা চিঠি লিখে খেলরঙ্গ-অর্জুন ফেরান তিনি। কিন্তু মোদির বাসভবনে যাওয়ার পথে বাধা দেওয়া হয় তাঁকে। যে কারণে এশিয়ান গেমসে সোনা জয়ী কুস্তিগির কর্তব্য পথেই তাঁর পুরস্কার ফেলে আসেন। এনিয়ে এক্স হ্যাভেল স্কোড উগরে দেন রাহুল। কুস্তিগিরদের জন্য কোনও উপযুক্ত ব্যবস্থা নেয়নি কেন্দ্র, এমন অভিযোগ তুলেই মোদির বিরুদ্ধে তোপ দানেন রাহুল গান্ধী। রাহুল লেখেন, এক স্বযোষিত বাহুবলী শুধুমাত্র রাজনীতির জন্য দেশের এই সাহসী মেয়েদের চোখের জলকেও গুরুত্ব দিচ্ছে না। প্রধানমন্ত্রী দেশের অভিভাবক। অত্যাচারিত তিনি এই সংবেদনশীল বিষয়টির সাক্ষী থাকছেন। অর্থাৎ রাহুলের দাবি, কুস্তিগিরদের যত্নগ্ধ দেখেও মুখ বুজে রয়েছেন মোদি। প্রসঙ্গত, সম্প্রতি তিনি হরিয়ানায় কুস্তিগিরদের আখড়াতেও পৌঁছে গিয়েছিলেন। সেখানে বজরং পুনিয়া-সহ বাবিকদের সঙ্গে দীর্ঘক্ষণ সময় কাটিয়েছিলেন। উল্লেখ্য, কুষ্টি ফেডারেশনের প্রাক্তন সভাপতি ব্রিজভূষণের বিরুদ্ধে যৌন হেনস্তার অভিযোগ তুলেছিলেন মহিলা কুস্তিগিররা। কিন্তু তাতেও তাঁকে পদ থেকে সরানো হয়নি। এরপর নেওয়ার কথা ঘোষণা করেছিলেন তিনি। তারপরেই ইন্ডিয়া জোটের পক্ষ থেকে সাক্ষীকে মোদির বিরুদ্ধে বারাগণী থেকে প্রার্থী হওয়ার প্রস্তাব দেওয়া হয় এবং তিনি তাতে একপ্রকার রাজি হয়েছেন বলেই জানান তার। গিয়েছে। চলতি মাসে রাজধানী দিল্লিতে ইন্ডিয়া জোটের বৈঠকে তৃণমূল কংগ্রেস নেত্রী তথা বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বারাগণী থেকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বিরুদ্ধে ইন্ডিয়া জোটের

বিজেপির মিথ্যাই সবচেয়ে শক্তিশালী : মল্লিকার্জুন খাডগে

নয়াদিল্লি, ৩১ ডিসেম্বর : বিজেপির মিথ্যাই সবচেয়ে শক্তিশালী, রবিবার এই মন্তব্য করেন কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাডগে। রবিবার প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ২০২২ সালের মধ্যে কৃষকদের আয় দ্বিগুণ করার প্রতিশ্রুতি নিয়ে সমালোচনা করেছেন তিনি। তার অভিযোগ যে বিজেপির মিথ্যাগুলি সবচেয়ে শক্তিশালী। তিনি এদিন সোশ্যাল মিডিয়া এক্স-এ পোস্ট করে লিখেছেন, নরেন্দ্র মোদী জি, আজ ২০২৩ সালের শেষ দিন। আপনি বলেছিলেন যে ২০২৬ পর্যন্ত প্রত্যেক কৃষকের আয় দ্বিগুণ হবে। প্রতিটি ভারতীয়ের একটি বাড়ি এবং ২৪ ঘণ্টা বিদ্যুৎ থাকবে। অর্থনীতি ৫ ট্রিলিয়ন মার্কিন ডলারে পরিণত হবে। এসব কিছুই ঘটেনি। কিন্তু প্রত্যেক ভারতীয় জানে যে বিজেপির মিথ্যা সবচেয়ে শক্তিশালী! খাডগে কংগ্রেসের পক্ষ থেকে অর্থনীতি পরিচালনা এবং কৃষকদের বিষয়ে তাঁর নীতি নিয়ে কেন্দ্রীয় সরকারকে আক্রমণ করেছেন। তিনি ছাড়াও রবিবার জয়রাম রমেশও কেন্দ্রীয় সরকারের তীব্র সমালোচনা করেন।



রাজ্যের স্বরাষ্ট্রসচিব পদে নন্দিনী চক্রবর্তী

কলকাতা, ৩১ ডিসেম্বর : রাজ্যপাল সিভি আনন্দ বোসের সচিবের পদ থেকে অপসারিত নন্দিনীকে রাজ্যের স্বরাষ্ট্রসচিব হিসাবে নিয়োগ করা হয়েছে। এর আগে এই পদে ছিলেন বিপি গোপালিকা। বর্তমানে পর্যটন দফতরের সচিব পদে রয়েছেন নন্দিনী। সেখান থেকে সরিয়ে স্বরাষ্ট্র সচিব পদে আনা হল তাঁকে। এই অফিসারকে নিয়ে অতীতে বিতর্ক হয়েছে বিভিন্ন সময়ে। রাজ্যপালের সচিব পদ থেকেও তাঁকে সরে যেতে হয়েছিল। তাঁকেই এবার গুরুদায়িত্ব দেওয়া হবে বলে সূত্রের খবর। রবিবার মুখ্যসচিব পদে মেয়াদ শেষ হচ্ছে হরিকৃষ্ণ দিবেদীর। কয়েকদিন আগে মন্ত্রিসভার বৈঠকে মুখ্যসচিব পদের জন্য বি এস গোপালিকার নামে অনুমোদন মিলেছে। এদিনই দুপুর ২ টোর পর দায়িত্ব নিচ্ছেন গোপালিকা। এতদিন তিনি স্বরাষ্ট্র সচিব ছিলেন। ফলে ফাঁকা হয়ে গিয়েছিল স্বরাষ্ট্র সচিবের পদ। সেখানেই এলেন পোড খাওয়া আইএএস নন্দিনী চক্রবর্তী। অন্যদিকে, মেয়াদ শেষ হওয়ার পর রাজ্যের আর্থিক উপদেষ্টার দায়িত্ব দেওয়া হবে হরিকৃষ্ণ দিবেদীকে। উল্লেখ্য, নন্দিনী চক্রবর্তী দীর্ঘদিন ধরে রাজ্যের বিভিন্ন প্রশাসনিক পদে দায়িত্ব সামলেছেন। সি ভি আনন্দ বোস রাজ্যপাল হওয়ার পর নন্দিনী চক্রবর্তীকে বিতর্কের মুখে পড়তে হয়। তাঁকে মুখ্যমন্ত্রী ঘনিষ্ঠ বলেও উল্লেখ করেন বিজেপি নেতারা। রাজ্যপাল নন্দিনী চক্রবর্তীকে দায়িত্ব থেকে অব্যাহতিও দিয়ে দেন। দীর্ঘ জ্ঞানভার পর নন্দিনীকে পদ থেকে সরানো হয়। পরে পর্যটন দফতরের দায়িত্ব পান তিনি।

সরকারি অনুষ্ঠানে বাধ্যতামূলক রাজ্য সঙ্গীত, বাংলা দিবস পালনেরও বিজ্ঞপ্তি নবান্নের

দুরন্ত বার্তা, কলকাতা, ৩১ ডিসেম্বর : রাজ্য সরকারের সমস্ত অনুষ্ঠানে এবার থেকে গাইতে হবে রাজ্য সঙ্গীত। বিজ্ঞপ্তি দিয়ে জানিয়ে দিলেন মুখ্যসচিব হরিকৃষ্ণ দিবেদী। একই সঙ্গে বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, পয়লা বৈশাখ দিনটিকে পালন করতে হবে ‘রাজ্য দিবস’ হিসাবে। মুখ্যসচিবের বিজ্ঞপ্তি অনুযায়ী, রাজ্য সরকারের সমস্ত অনুষ্ঠান, কর্মসূচির শুরুতে গাইতে হবে ‘রাজ্য সঙ্গীত’। বিজ্ঞপ্তি অনুযায়ী, সন্মানের সঙ্গে প্রতি বছর ‘বাংলা দিবস’ পালন করবেন সকল পশ্চিমবঙ্গবাসী। বিধানসভায় গৃহীত প্রস্তাব অনুযায়ী ১ বৈশাখ দিনটিই পালিত হবে রাজ্য দিবস হিসাবে। রাজ্য সঙ্গীতের ক্ষেত্রে নির্দেশিকা, রাজ্য সরকারের সমস্ত অনুষ্ঠান, কর্মসূচির শুরুতে এক মিনিট ৫৯ সেকেন্ড ধরে গাইতে হবে ‘রাজ্য সঙ্গীত’। এবং অনুষ্ঠানের শেষে গাইতে হবে জাতীয় সঙ্গীত। এই দুই গান উঠে দাঁড়িয়ে উপস্থিত সকলকে গাওয়ার কথাও বলা হয়েছে। সেপ্টেম্বর মাসে বিধানসভায় প্রস্তাব এনে রাজ্য দিবস এবং রাজ্য সঙ্গীত অনুমোদন করায় তৃণমূল সরকার। ‘বাংলা দিবস’ হিসাবে বেছে নেওয়া

হল ১ বৈশাখকেই। সেই সঙ্গে বাংলার রাজ্য গান হিসাবে বেছে নেওয়া



হয়েছে কবিগুরু লেখা ‘রাজ্য মাটি-বাংলার জল’ গানটিকে। এর পর মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় নিজে একাধিক অনুষ্ঠানে রাজ্য গান গেয়েছেন। স্পেনে শিল্প সম্মেলনে গিয়েও রাজ্য সঙ্গীত গান মুখ্যমন্ত্রী। সম্প্রতি ২৯তম চলচ্চিত্র উৎসবের

উদ্বোধনেও গাওয়া হয় গানটি। ‘বাংলার মাটি বাংলার জল’-এ গলা



মেলান খোদ মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। উঠে দাঁড়ালেন সলমন খান, অনিল কাপুর, মহেশ ভাট, শত্রুঘ্ন সিনহা, সোনামুখী সিনহা, সৌরভ গঙ্গোপাধ্যায়ের মতো তারকারা। এবার সরকারিভাবে বিজ্ঞপ্তি দিয়ে বাংলার মাটিকে রাজ্য

সঙ্গীত হিসাবে স্বীকৃতি দেওয়া হল। অন্যদিকে অহিসংখ্যাল নিয়ন্ত্রণে রাজ্য সরকার কলকাতা পুলিশের অধীনে আনা দক্ষিণ চব্বিশ পরগনার ভাঙ্গরে নতুন চারটি থানার সূচনা করতে চলেছে। মুখ্যমন্ত্রী তথা পুলিশ মন্ত্রী মমতা বানার্জি আগামী মঙ্গলবার ভার্চুয়ালি ভাঙ্গরের উত্তর কাশিপুর, পোলেরহাট, চন্দনেশ্বর এবং ভাঙ্গড় থানার উদ্বোধন করবেন বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে। এর মধ্যে পোলেরহাট এবং চন্দনেশ্বর থানা দুটি নতুন ভাবে তৈরি করা হয়েছে। উল্লেখ্য গত পঞ্চায়েত নির্বাচন থেকেই উত্তপ্ত হয়ে উঠেছিল ভাঙ্গড় বিধানসভা কেন্দ্র এলাকা। এরপরেই মুখ্যমন্ত্রী গত জুলাই মাসে ভাঙ্গড়কে কলকাতা পুলিশের অধীনে নিয়ে আসার সিদ্ধান্ত নিয়েছিলেন। এদিন প্রবীণ আই এ এস আধিকারিক ভগবতী প্রসাদ হোপালিকা রাজ্যের নতুন মুখ্য সচিব হয়েছেন। আজ তিনি তার নতুন দায়িত্ব হাতে নিয়েছেন। অন্যদিকে রাজ্যের নতুন স্বরাষ্ট্র সচিব হিসাবে দায়িত্ব নিচ্ছেন নন্দিনী চক্রবর্তী। প্রাক্তন মুখ্যসচিব হরিকৃষ্ণ দিবেদিকে মুখ্যমন্ত্রীর প্রধান আর্থিক উপদেষ্টার দায়িত্ব দেওয়া হয়েছে।

মোদির বিরুদ্ধে বারাগণীতে ইন্ডিয়া জোটের প্রার্থী কুস্তিগির সাক্ষী মালিক

নয়াদিল্লি, ৩১ ডিসেম্বর : সবকিছু ঠিক থাকলে আগামী লোকসভা নির্বাচনে বারাগণী থেকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বিরুদ্ধে ইন্ডিয়া জোটের প্রার্থী হতে পারেন কুস্তিগির সাক্ষী মালিকা। সম্প্রতি ভারতীয় কুষ্টি সংস্থার নতুন কমিটিতে বিজেপি সাংসদ ব্রিজভূষণ শরণ সিংয়ের ঘনিষ্ঠ সঞ্জয় সিং সভাপতি নির্বাচিত হওয়ার দিনই টেবিলে জুতো রেখে কুষ্টি থেকে সরিয়ে নেওয়ার কথা ঘোষণা করেছিলেন তিনি। তারপরেই ইন্ডিয়া জোটের

পক্ষ থেকে সাক্ষীকে মোদির বিরুদ্ধে বারাগণী থেকে প্রার্থী হওয়ার প্রস্তাব দেওয়া হয় এবং তিনি তাতে একপ্রকার রাজি হয়েছেন বলেই জানান তারা। গিয়েছে। চলতি মাসে রাজধানী দিল্লিতে ইন্ডিয়া জোটের বৈঠকে তৃণমূল কংগ্রেস নেত্রী তথা বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বারাগণী থেকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বিরুদ্ধে ইন্ডিয়া জোটের



ইন্ডিয়া জোটের অন্দরে। সাক্ষীকে বেছে নেওয়ার কারণ হিসেবে ইন্ডিয়া জোটের এক নেতা জানিয়েছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সংসদে মহিলা বিল পাশ করিয়ে নিয়ে দেশজুড়ে তার প্রচার করেন। মহিলাদের জন্য তিনি ও তার দল বিজেপি কতটা দরদি তা সবসময় তুলে ধরার চেষ্টা করেন। কিন্তু

বাবুস্বাই গ্রহণ করেন। প্রতিবাদে কুস্তিগিররা পদ্মশ্রী থেকে শুরু করে খেলরঙ্গ, অর্জুনের মতো মোদি সরকারের আমলে দেওয়া সব পদক ফিরিয়ে দিচ্ছে। এর চেয়ে খারাপ দিন আর কী হতে পারে। সাক্ষী ইন্ডিয়া জোটের প্রার্থী হলে মানুষের সামনে এই সবকিছু আরও বেশি করে স্পষ্ট হয়ে যাবে। এদিকে, ইন্ডিয়া জোটের

বৈঠকে আজ, ৩১ ডিসেম্বরের মধ্যেই আসন ভাগাভাগির কাজ শেষে ফেলতে হবে বলে তৃণমূলের তরফে জেরালাতে দাবি করা হয়েছিল। তাতে সমাজবাদী পার্টির পক্ষ থেকে উত্তরপ্রদেশে তৃণমূল কংগ্রেসকে একটি আসন তারা ছেড়ে দেবে বলে জানিয়ে দেওয়া হয়েছে। তবে, কংগ্রেসের সঙ্গে আসন ভাগাভাগি নিয়ে তৃণমূলের এখনও পর্যন্ত কোনও চূড়ান্ত রফা হয়নি বলেই জানতে পারা গিয়েছে। জানা গিয়েছে, বাংলায় কংগ্রেসকে দুটো আসন ছাড়া হতে পারে এই বার্তা ১৯ ডিসেম্বর ইন্ডিয়া জোটের বৈঠকের দিনই তৃণমূলের পক্ষ থেকে কংগ্রেসকে দিয়ে দেওয়া হয়েছিল। কংগ্রেস আরও বেশি আসন দাবি করলে তাদের অসম ও ঘোষালয়ে একটি করে আসন তৃণমূলকে ছাড়তে হবে-এমন শর্তও দেওয়া হয়েছে বলেই জানা গিয়েছে। সেক্ষেত্রে কংগ্রেস কী করে সেদিকে নজর রাখছে তৃণমূল।

জোট নিয়ে ধন্দ,হাইকমান্ডের কাছে আবেদন প্রদেশ কংগ্রেসের

দুরন্ত বার্তা, কলকাতা, ৩১ ডিসেম্বর : জোট পরিস্থিতির মধ্যে হাইকমান্ড যে পদক্ষেপ নিতে চলেছে তা নিয়েই বাংলায় এসে ধন্দ কাটিয়ে যাক এআইসিসি। এই দাবি করলেন প্রদেশ কংগ্রেসের বর্ষায়ান নেতা প্রদীপ ভট্টাচার্য। ফের কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাডগেকে চিঠি দিলেন তিনি। সদ্য রাজ্যে কংগ্রেস পর্ববেক্ষকের দায়িত্ব পেরিয়েছেন গুলাম আহমেদ মীর। তাঁর নাম করেই কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাডগেকে চিঠি লিখলেন প্রদেশ কংগ্রেসের প্রাক্তন সভাপতি। তাঁর কথায়, জোট হোক, না হোক, হলে যাদের সঙ্গেই হোক, তার আগে সার্বিক পরিস্থিতিতে এআইসিসির অবস্থান কী, রাজ্যে এসে সেটা বুঝিয়ে দান নতুন পর্ববেক্ষক। তাতে প্রাথমিক প্রস্তুতি নিতে সুবিধা হবে দলের। না হলে ধন্দ তৈরি হচ্ছে কংগ্রেস কর্মীদের মধ্যে। প্রদীপবাবুর মতে, প্রদেশ নেতৃত্ব এবং কর্মীরা দোঁটানায় রয়েছেন। হাইকমান্ড



কী করতে চাইছে বোঝা যাচ্ছে না। তাদের তরফে নেতৃত্বের কেউ এ নিয়ে প্রদেশের সঙ্গে আলোচনাও করছে না। এতে রাজ্যে দলের রাজনৈতিক পদক্ষেপ নিয়ে ধন্দ তৈরি হচ্ছে। যার প্রভাব ভোটের প্রস্তুতিতে পড়তে বাধ্য। আসলে লোকসভায় দলের রণকৌশল নিয়ে প্রদেশ কংগ্রেসে প্রচুর ধন্দ। প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর চৌধুরী নিজেও বিভ্রান্তি তৈরি করছেন। দিল্লিতে তিনি বলছেন হাইকমান্ড চাইলে তৃণমূলের সঙ্গে জোট আপত্তি নেই। আবার বাংলায় এসে বলছেন, দল একা লাতে তৈরি। অন্যদিকে, ছাত্র পরিষদের প্রাক্তনদের তরফে

আবারও রাহুল গান্ধীকে চিঠি লেখা হয়েছে ভারত ন্যায় যাত্রাকে কলকাতা ছুঁয়ে নিয়ে যাওয়ার আবেদন জানিয়ে। এমন অসংখ্য আবেদন বিভিন্ন প্রদেশ থেকে ইতিমধ্যে পৌঁছাতে শুরু করেছে এআইসিসির কাছে। তাদের একজোট করে ৪ জানুয়ারি যাত্রার রুট ম্যাপ নিয়ে এআইসিসি বৈঠকে বসবে।

মহিলা, যুবক, কৃষক ও দরিদ্রদের উন্নয়নে ভারত একটি উন্নত দেশে পরিণত হবে : জেপি নাড্ডা

লখনউ, ৩১ ডিসেম্বর : মহিলা, যুবক, কৃষক ও দরিদ্রদের উন্নয়নে ভারত একটি উন্নত দেশে পরিণত হবে, রবিবার এই মন্তব্য করেন বিজেপির সর্বভারতীয় সভাপতি জগ প্রকাশ নাড্ডা। রবিবার তিনি উত্তরপ্রদেশের মোহনলালগঞ্জে মহিলাদের হাফ ম্যারাথন কর্মসূচিতে অংশ নিয়ে একথা বলেন। এদিনের এই অনুষ্ঠানটি আয়োজন করেছে মোহনলালগঞ্জের সাংসদ কৌশল কিশোর। অনুষ্ঠানে জেপি নাড্ডা বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে দেশের চার জাতি- মহিলা, যুবক, কৃষক ও দরিদ্রদের জন্য কাজ করা হচ্ছে। তাদের উন্নয়নে দেশ উন্নত ভারতে পরিণত হবে। বহুতায় নাড্ডা এদিন রাহুল গান্ধী এবং অখিলেশ যাদব সহ সমগ্র

বিরোধীদের আক্রমণ করেন। নাড্ডা বলেন, এটা আমার সৌভাগ্য যে আমি মহিলা ক্ষমতায়নের জন্য এই হাফ ম্যারাথন কর্মসূচির উদ্বোধনে অংশ নিচ্ছি। আজকের তরুণ প্রজন্মের জন্য এটি একটি ঐতিহাসিক সময়। এখন অমৃতকালের সময়। এদিন বিগত ৭৫ বছরে দেশের স্বাধীনতা ও উন্নয়নে যারা অবদান রেখেছেন তাদের স্মরণ করা হয়। তিনি আরও বলেন, একটি উন্নত ভারতের জন্য একটি সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তারা ভিত্তিতেই আজ আমরা প্রতিটি ক্ষেত্রেই এগিয়ে যাচ্ছি। নাড্ডা জানান, যখন আমরা উন্নত ভারতের কথা বলছি তখন গ্রামের পরিদ্র, মহিলা, কৃষক এবং যুবকদের নিয়ে এগিয়ে নিয়ে

যাওয়ার উদ্দেশ্যে কাজ করতে হবে।

সেজনা আমাদের প্রধানমন্ত্রী বলেন



চারটি জাত আছে- মহিলা, যুবক, কৃষক ও দরিদ্র। আমরা যদি এদের গুরুত্ব দিই তাহলে উন্নত ভারত

গড়তে আমাদের কেউ আটকাতে পারবে না। মুদ্রা যোজনা, প্রধানমন্ত্রী




আবাস যোজনা, উজ্জ্বলা যোজনা, প্রধানমন্ত্রী কিশাণ সন্মান ইত্যাদি মতো প্রকল্প ভারতে রয়েছে।

উত্তরপ্রদেশে, মুখ্যমন্ত্রী আদিত্যনাথ এই প্রকল্পগুলি বাস্তবায়নে দুর্দান্ত কাজ করেছেন। এই প্রকল্পগুলি আমাদের দরিদ্র ভাইদের শক্তি জুগিয়েছে। ৮০ কোটি মানুষকে গরীব কল্যাণ অন্ন যোজনার সুবিধা দেওয়া হচ্ছে। এটা মৌদীর প্রচেষ্টার ফল যে আজ ১৩.৫ কোটি মানুষ দারিদ্রসীমা থেকে বেরিয়ে এসেছে। গত এশিয়ান গেমসে রেকর্ড সংখ্যক পদক জিতেছে ভারত। এখন ভারতে গ্রামের খেলোয়াড়রা বিশ্বজুড়ে আয়োজিত ক্রীড়া ইভেন্টে ভারতের প্রতিনিধিত্ব করছে। এখন খেলোয়াড়দের তালিকা সুযোগ-সুবিধা দেওয়া হচ্ছে বলেও এদিন উল্লেখ করেন নাড্ডা। ভারতীয় জনতা পার্টি (বিজেপি)-র সর্বভারতীয় সভাপতি জগৎ প্রকাশ

নাড্ডা এবং উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ রবিবার লখনউ শহরে একসঙ্গে ‘মন কি বাত’ -এর অনুষ্ঠান শোনে। রবিবার লখনউয়ের ট্রান্সপোর্ট নগরের একটি হোটেলের উভয় নেতা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর মন কি বাত-এর ১০৮-তম পর্ব শোনে। সেসময় যোগী আদিত্যনাথের সঙ্গে উপস্থিত ছিলেন, উপ-মুখ্যমন্ত্রী ব্রজেশ চৌধুরী, রাজ্য সাধারণ সম্পাদক সংগঠন ধর্মপাল সিং, অন্যান্য রাজ্যের আধিকারিক, বিধায়ক এবং দলের কর্মীরা। রবিবার নাড্ডা বিমানবন্দরে পৌঁছলে তাঁকে স্বাগত জানান, মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ ও অন্যান্য নেতারা।

‘গঙ্গা সাগর’ মেলা শুরুর ৫ দিন আগে সাগরদ্বীপে যাবেন মুখ্যমন্ত্রী

দুরন্ত বার্তা, কলকাতা, ৩১ ডিসেম্বর : দেশের সবচেয়ে বড় মেলা গঙ্গা সাগর, সপ্তাহখানেক আগে নবান্নে বসে নিজেই জানিয়েছিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সেই মহাযজ্ঞে যাতে পূণ্যাধীদের কোনওরকম অসুবিধা না হয়, সেটা নিশ্চিত করতে সবরকম উদ্যোগ নিয়েছে রাজ্য সরকার। পূণ্যাধীদের জন্য সব ব্যবস্থাপনা খতিয়ে দেখতে প্রতি বছরই সাগরে যান মমতা।



ব্যতিক্রম হবে না এ বছরও। আগামী ৮ জানুয়ারি থেকে শুরু হচ্ছে গঙ্গাসাগর মেলা। চলবে ১৭ জানুয়ারি পর্যন্ত। মেলা শুরুর পাঁচ দিন আগে ৩ জানুয়ারি সাগরদ্বীপে যাবেন মুখ্যমন্ত্রী। মেলার প্রস্তুতি খতিয়ে দেখার পাশাপাশি কপিল মুনির আশ্রমে পূজা দিতে পারেন মমতা। মেলা শুরু হতে আর হাতে গোনা কয়েকটা দিন বাকি, তাই সাগরে ইতিমধ্যেই তোজো। শুরু হয়েছে। সূত্রের খবর, মুখ্যমন্ত্রীর সফরের আগেই জেলা প্রশাসনের শীর্ষ আধিকারিকরা সাগর পর্যবেক্ষণে যাবেন। গত বুধবারই মেলার প্রস্তুতি খতিয়ে দেখতে নবান্নে বৈঠক করেছিলেন মুখ্যমন্ত্রী। সেই প্রস্তুতি বৈঠকে উপস্থিত ছিলেন ১৫ মন্ত্রী। ১৮ দপ্তরের শীর্ষ আধিকারিক। দক্ষিণ ২৪ পরগনার জেলা প্রশাসনও। সেদিনই মুখ্যমন্ত্রী জানান, গঙ্গাসাগর ভারতের সবচেয়ে বড় মেলা। অন্তত ৪০ লক্ষ মানুষের সমাগম হবে। প্রশাসন সূত্রে জানতে পারা গিয়েছে, মেলায় যোগাযোগ থেকে নিরাপত্তা সব বন্দোবস্ত করা হবে। প্রতিদিন ১৫-১৬টি অতিরিক্ত বাস চলবে। সবমিলিয়ে ২ হাজার ২৫০টি সরকারি বাস যাতায়াত করবে। চলবে অতিরিক্ত ৬৬টি ট্রেন। থাকছে অতিরিক্ত লক্ষের ব্যবস্থাও। ২২টি জেটিকে মজবুত করা হচ্ছে। শুধু যাতায়াতের ব্যবস্থা নয়, মেলার নিরাপত্তার জন্য অতিরিক্ত সিসিটিভি ব্যবস্থা থাকছে। ১ হাজার ১৫০টি সিসিটিভি থাকবে মেলা প্রান্তরে। থাকবে জিপিএস ও স্যাটেলাইট ট্র্যাকিংয়ের ব্যবস্থা। শুধু যন্ত্রের মাধ্যমে নজরদারি নয়, অগ্রীতরিকর ঘটনা এড়াতে মেলায় থাকবে পর্যাপ্ত পুলিশ। ২ হাজার ৪০০ জন সিভিল ডিফেন্সের কর্মী। প্রচুর সিভিক ভলান্টিয়ারও।

সিম, আধার কার্ড, নতুন বছরে বদলে যাচ্ছে এর আর্থিক নিয়মগুলি

দুরন্ত বার্তা, কলকাতা, ৩১ ডিসেম্বর : ২০২৩ শেষ। ২০২৪-এ পা দিতে চলেছে গোটা বিশ্ব। নতুন বছরের সেলিব্রেশনের জন্য প্রস্তুত হচ্ছে গোটা দেশ। তবে একই সঙ্গে নিয়মও বদলে যাবে। কারণ ২০২৪ সালের শুরু



থেকে বদলে যাচ্ছে বেশ কিছু আর্থিক নিয়ম। সিম কার্ড থেকে আধার কার্ড নানা ক্ষেত্রে এই পরিবর্তনগুলি কার্যকর হবে। সিম কার্ড,আজ ১ জানুয়ারি থেকে সিম পেতে ডিজিটাল কেওয়াইসি করতে হবে। ক্যাব্রা টেলিকমিউনিকেশন বিভাগ কাগজ ভিত্তিক কেওয়াইসি বন্ধ করে দিয়েছে। অর্থাৎ সোমবার থেকে আর আধার কার্ডের জেরজর জমা দিলে সিম মিলবে না। সিম কিনতে অনলাইনে নথি আপলোড করতে হবে। আধার কার্ড, আপনি যদি অনলাইনে আপনার আধার কার্ডে কোনও পরিবর্তন করতে চান তবে বিনামূল্যে আপডেটের জন্য ৩১ ডিসেম্বর পর্যন্ত সময় রয়েছে। ১ জানুয়ারি থেকে, আধার কার্ডের তথ্য পরিবর্তনের জন্য ৫০ টাকা করে লাগবে। ইউপিআই, ইউপিআই নিয়ে কড়া অবধান নিচ্ছে কেন্দ্র। এবার এক বছর ধরে নিষ্ক্রিয় ইউপিআই অ্যাকাউন্ট বন্ধ করতে চলেছে কেন্দ্র। ১ জানুয়ারি থেকে, ১ বছর ধরে বন্ধ থাকা ইউপিআই অ্যাকাউন্টগুলি বন্ধ হয়ে যাবে। ব্যাঙ্ক এবং পোষ্টাল কোর্পোরেশন ও গুগল পে-এর খার্ড পার্টি আপগুলি অ্যাকাউন্ট ডিলিট করার কাজ শুরু করবে। অ্যাকবর রিটার্নে জরিমানা- অ্যাকবর রিটার্নের বর্ধিত সময়সীমাও শেষ হয়ে যাচ্ছে ৩১ ডিসেম্বর। ১ জানুয়ারি থেকে আইটিআর ফাইল করার জন্যও জরিমানা দিতে হতে পারে। এই জরিমানার পরিমান ৫ হাজার টাকা পর্যন্ত হতে পারে। ব্যাঙ্ক লকার চুক্তি, রাজর্ভ ব্যাঙ্কের নিয়ম অনুযায়ী, লকার রাখতে হলে নতুন বছরের আগেই চুক্তি করতে হবে গ্রাহকদের। নাহলে ১ জানুয়ারি থেকে লকার পরিসেবা বন্ধ হয়ে যেতে পারে। গাড়ি কেনো এবং পার্সেল পাঠানো ব্যয়বহুল : কেন্দ্রীয় সরকার কর বাড়ানোয় নতুন বছরের শুরুতে বোে যাচ্ছে গাড়ি কেনার খরচ। বাড়ছে পার্সেল পাঠানোর খরচও। গ্যাস সিলিন্ডারের দামও এমনিতে প্রতি মাসের প্রথম দিন গ্যাস সিলিন্ডারের দাম নির্ধারণ হয়। এবারও হবে। রাজস্বান, মধ্যপ্রদেশের মতো রাজ্যে গ্যাসের দাম কমানোর কথা আগেই ঘোষণা হয়েছে।

প্রয়াত ব্রিটিশ অভিনেতা টম উইলকিনসন



ওয়াশিংটন, ৩১ ডিসেম্বর ৯ গত শনিবার ৭৫ বছর বয়সে মারা গেলেন ব্রিটিশ অভিনেতা টম উইলকিনসন। টমের পরিবার বিষয়টি নিশ্চিত করেছেন। টম উইলকিনসন দ্বারাব অস্কারের জন্য মনোনীত হয়েছিলেন। তিনি ‘দ্য ফুল মন্টি’, ‘মাইকেল ক্রেন্ট’ এবং ‘দ্য বেস্ট এজোটিক ম্যারিগোল্ড হোটেল’-এ তার দুর্দান্ত ভূমিকা ও অভিনয়ের জন্য পরিচিত।তার পরিবারের বক্তব্যের ভিত্তিতে দ্য গার্ডিয়ান প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে। নিবর্তিতে বলা হয়, উইলকিনসন শনিবার বাড়িতেই মারা যান। শেষ মুহূর্তে তার স্ত্রী ও পরিবারের সদস্যরা উপস্থিত ছিলেন। দ্য ফুল মন্টি -তে উইলকিনসনের সহ-অভিনেতা, রবার্ট কার্লহিল, শ্রদ্ধা নিবেদন করে বলেছেন, ‘এরকম একজন মহান অভিনেতা, একজন সত্যিকারের টাইটান অভিনেতা শুধুমাত্র তার নিজের নয়, যে কোনো প্রজন্মের।’অভিনেতা অ্যানিউরিন বার্নার্ড তার এক্স হ্যান্ডেলে তাকে শ্রদ্ধা জানিয়েছেন। বার্নার্ড উইলকিনসনের সাথে ২০১৮ সালে ডেড ইন আ উইক (অর ইওর মনি ব্যাক) চলচ্চিত্রে সহ-অভিনয় করেছিলেন। তিনি লিখেছেন, ‘আমাদের এক আশ্চর্যজনক কিংবদন্তীকে আমরা বিদায় জানাই।’আপাতত বিদায় টম এক্স।’ গাফক উইল ইয়াং ইনস্টিগ্রামে লিখেছেন, বিদায় বন্ধু! তোমাকে স্যালুট, প্রিয় টম।’উইলকিনসন পারিবারিক নার্টিক ‘ইন দ্য বেডরুম’-এ অভিনয়ের জন্য ২০০১ সালে শ্রেষ্ঠ অভিনেতা বিভাগে একাডেমি পুরস্কারের জন্য মনোনীত হন। ২০০৭ সালে, তিনি জর্জ ক্লনি অভিনীত ‘মাইকেল ক্রেন্ট’ চলচ্চিত্রের জন্য সেটা পার্শ্ব অভিনেতা বিভাগে মনোনয়ন পান।টমকে প্রায়ই আমেরিকান রাজনৈতিক ব্যক্তিত্বের চরিত্রে অভিনয় করার জন্য বেছে নেওয়া হয়েছিল। ‘দ্য কেনেডিস’-এ প্রাক্তন রাষ্ট্রপতি জন এফ কেনেডির বাবার চরিত্রে অভিনয় করার জন্য তিনি এমি পুরস্কারের জন্য মনোনীত হন। জন অ্যাডামস-এ বেঞ্জামিন ফ্র্যাঙ্কলিন চরিত্রে অভিনয়ের জন্য তিনি এই পুরস্কার পান।লিডসে জন্মগ্রহণকারী টম উইলকিনসন রয়্যাল একাডেমি অফ ড্রামাটিক আর্টস-এ প্রশিক্ষণ নিয়েছেন। তিনি জেফরি আর্টারের বেস্টসেলিং উপন্যাস অবলম্বনে ডায়ানা হার্ডক্যাসলের পাশাপাশি ১৯৯৬ সালের মিনি-সিরিজ ফার্স্ট অ্যামং ইক্যুয়ালসে তার প্রথম বড় পর্দার ভূমিকা পেয়েছিলেন। টম এবং ডায়ানা ১৯৮৮ সালে বিয়ে করেছিলেন। তার দুই মেয়ে আছে।

শৈতপ্রবাহ অব্যাহত রয়েছে জন্মু ও কাশ্মীরে

নয়াদিল্লি, ৩১ডিসেম্বর :জন্মু ও কাশ্মীরে রবিবারও শৈত্যপ্রবাহ অব্যাহত রয়েছে। শৈত্যপ্রবাহের কারণে কাশ্মীর উপত্যকায় সর্বনিম্ন তাপমাত্রা হিমাঙ্কের কয়েক ডিগ্রি নীচে রয়েছে। জন্মুর সমতল ও পাহাড়ি এলাকায় রবিবার সকালের কুয়াশার ফলে মানুষজন বিশেষ করে গাড়ির চালকদের অনেক সমস্যার সম্মুখীন হতে হয়েছে। এদিকে শ্রীনগরে সর্বনিম্ন তাপমাত্রা রহেছে মাইনাস ৩.৪ ডিগ্রি সেলসিয়াস।অনন্তনাগ জেলার পাহাৰগামে সর্বনিম্ন তাপমাত্রা ছিল মাইনাস ৩.৪ ডিগ্রি সেলসিয়াস, বারামুল্লার বিখ্যাত গুলমার্গে সর্বনিম্ন তাপমাত্রা ছিল মাইনাস ৩.৫ ডিগ্রি সেলসিয়াস, কোকারাউনে সর্বনিম্ন তাপমাত্রা ছিল মাইনাস ২.৬ ডিগ্রি সেলসিয়াস এবং কৃপওয়ারায় মাইনাস ৩.৮ ডিগ্রি সেলসিয়াস।শ্রীনগরে আবহাওয়া দফতর জানিয়েছে, ডিসেম্বরে কাশ্মীরে কিছু তুষারপাত এবং বৃষ্টিপাত হয়েছিল যারফলে অনেকদিন ধরে শৈত্যপ্রবাহ পরিস্থিতি রয়েছে।

নতুন বছরের বড় ধামাকা!আর ১০০০ টাকা নয়,অর্ধেকেরও কম দামে পাওয়া যাবে রান্নার গ্যাস

দুরন্ত বার্তা! ৩১ডিসেম্বরঃ ১ জানুয়ারি থেকে আর ১০০০ টাকা নয়,মাত্র ৪৫০ টাকাতেই হেঁশেলে পৌঁছে যাবে উইলকিনসন দ্বারা তবে সকলে নয়, যারা উজ্জ্বলা যোজনার অন্তর্ভুক্ত, তারাই এই সুবিধা পাবেন।সব রাজ্যে নয়, আপাতত রাজস্থানে এই পরিষেবা মিলবে। আসলে নির্বাচনী প্রতিশ্রুতিই পূরণ করছে নতুন সরকার। নির্বাচনী প্রচারে প্রতিশ্রুতি

দিয়েছিলেন, কম দামে রান্নার গ্যাস পৌঁছে দেবেন গৃহস্থের হেঁশেলে। সেই প্রতিশ্রুতি রক্ষা করেই গত বুধবার রাজস্থানের মুখ্যমন্ত্রী ভজন লাল শর্মা ঘোষণা করেন যে রাজ্য সরকার ৪৫০ টাকায় এলপিজি সিলিন্ডার দেবে। ১ জানুয়ারি থেকেই এই পরিষেবা মিলবে। উজ্জ্বলা যোজনার অন্তর্ভুক্ত গ্রাহকরা ৪৫০ টাকায় এই পরিষেবা পাবেন।বর্তমানে কেন্দ্রের উজ্জ্বলা যোজনার অধীনে থাকা

গ্রাহকরা ৫০০ টাকায় রান্নার গ্যাস পান। তবে রাজস্থানে এবার থেকে সিলিন্ডার কিনতে আরও ৫০ টাকা কম খরচ হবে। বুধবার রাজস্থানের টঙ্ক থেকে একটি জনসভায় এই ঘোষণা করেন মুখ্যমন্ত্রী ভজন লাল। পরে এক্স হ্যান্ডেলেও তিনি এই ঘোষণা করেন।পোস্টে মুখ্যমন্ত্রী ভজন লাল শর্মা বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সবকা সাথ, সবকা বিকাশ, সবকা বিশ্বাস, সবকা

প্রয়াস- এই নীতি থেকেই অনুপ্রেরণা নিয়ে রাজস্থান সরকার শূশাসনের লক্ষ্যে প্রত্যেক বিপিএল গ্রাহক ও উজ্জ্বলা যোজনার গ্রাহকদের ৪৫০ টাকায় গ্যাস সিলিন্ডার দেওয়া হবে। মোদীজির গ্যারান্টি মানে তা পূরণ হবে।মুখ্যমন্ত্রী জানান, মাত্র ৪৫০ টাকাতেই এলপিজি সিলিন্ডার পাওয়া যাবে। সরাসরি গ্রাহকদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে ওই ভর্তুকি জমা পড়বে।

বন্দে ভারতের থেকে ৭ গুণ বেশি স্পিডে ছুটবে এই ট্রেন! জানেন কী?

দুরন্ত বার্তা ডিজিটাল ডেস্কঃ পৃথিবীর দ্রুততম ট্রেন নির্মার্নের আতুরঘর বলা হয় চিনকো। আর সেই তরুকা জারি রাখতেই চীন আনতে চলেছে আন্ট। হাই-স্পিড ম্যাগনেটিক লেভিটেশন (ম্যাগলেভ) ট্রেন। দীর্ঘ পাইপলাইনের ভেতরে এই ট্রেন চালানো হবে।অস্ট্রাি আরোস্পেস সায়েন্স অ্যান্ড ইন্ডাস্ট্রি কর্পোরেশন লিমিটেড (সিএএসআইসি) শানসিতে অবস্থিত পরীক্ষা অঞ্চলে এই ম্যাগলেভ ট্রেনটি পরীক্ষা করবে। এখানে দুই কিলোমিটার দীর্ঘ

পাইপলাইনের ভেতরে ভ্যাকুয়াম তৈরি করে ট্রেন চালানো হয়েছে। এই দ্রুততম ট্রেনটি হ্যাংজু এবং সাংহাইয়ের মধ্যে চালানো হবে বলেই আশা করা হয়েছে। এই ট্রেনটি একবার সমস্ত পরীক্ষায় উত্তীর্ণ হয়ে গেলে, প্রথমে এটিকে হ্যাংজু এবং সাংহাইয়ের মধ্যে চালানোর চেষ্টা করা হবে। তবে এটি অনেক কঠোর পরিশ্রম, সময় এবং অর্থ দিয়ে তৈরি করা হয়েছে। মাত্র কয়েক ঘণ্টায়

বলেন, এখন আমরা আমরা প্রাথমিক পরীক্ষা করছি। যেখানে আমরা সফলতাও পেয়েছি।বর্তমানে এর ডিজাইন, গতি, নেভিগেশন ইত্যাদি সফলভাবে পরীক্ষা করা হচ্ছে। তবে সব কিছু ঠিক থাকবে বলেই আশা করা হচ্ছে। এই ট্রেনটি একবার সমস্ত পরীক্ষায় উত্তীর্ণ হয়ে গেলে, প্রথমে এটিকে হ্যাংজু এবং সাংহাইয়ের মধ্যে চালানোর চেষ্টা করা হবে। তবে এটি অনেক কঠোর পরিশ্রম, সময় এবং অর্থ দিয়ে তৈরি করা হয়েছে। মাত্র কয়েক ঘণ্টায়

চিনের এক কোণ থেকে অন্য কোণে চলে যাবে এই ট্রেন। বর্তমানে ৬২৩ কিলোমিটার প্রতি ঘণ্টা গতিতে পরীক্ষা করা হয়েছে এই ট্রেনটিকে। “CASIC বিজ্ঞানী লি ংজা জানান, ভ্যাকুয়াম তৈরি না করেই এই গতি পাওয়া গিয়েছে। ভ্যাকুয়াম তৈরির পর এর গতিবেগ হবে ঘণ্টায় ১০০০ কিলোমিটার। বর্তমানে চিনে দ্রুতগতির বুলেট ট্রেনের সর্বোচ্চ গতি ঘণ্টায় ৩৫০ কিলোমিটার। ফলে সেই দেশ নিজের তৈরি রেকর্ড ভাঙতে চলেছে।

রাজ্য সরকারের সব অনুষ্ঠানের শুরুতে গাইতে হবে ‘ রাজ্য সঙ্গীত’:মুখ্যসচিব

দুরন্ত বার্তা ডিজিটাল ডেস্কঃ রাজ্যের মুখ্যসচিব হরিকৃষ্ণ দ্বিবেদী এক নির্দেশিকা প্রকাশ করে জানিয়ে দিলেন রাজ্য সরকারের সমস্ত অনুষ্ঠান, কর্মসূচির শুরুতে গাইতে হবে ‘রাজ্য সঙ্গীত’।পাশাপাশি, প্রতি বছর পয়লা বৈশাখ ‘এবং মর্দাদা’-র সঙ্গে ‘দিবস’ পালনের কথাও বলা হয়েছে।মুখ্য সচিবের নির্দেশিকায় প্রকাশ, রাজ্যের গরিমা, সংস্কৃতি, ঐতিহ্যের কথা মাথায় রেখে দীর্ঘ দিন ধরেই ‘দিবস’ এবং ‘সঙ্গীত’-এর প্রয়োজন অনুভূত হয়েছে। পয়লা বৈশাখকে ‘ রাজ্য দিবস’ ঘোষণা করা হয়েছে, যাকে বলা হবে ‘রাজ্য দিবস’। কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা ‘ মাটি, বাংলার জল’-কে ‘সঙ্গীত’ ঘোষণা করা হয়েছে।তার পরেই নির্দেশিকায় জানানো হয়েছে, ‘সম্মানের সঙ্গে প্রতি বছর ‘দিবস’ পালন করবেন সকল পশ্চিমমবঙ্গবাসী। রাজ্য সরকারের সমস্ত অনুষ্ঠান, কর্মসূচির শুরুতে এক মিনিট ৫৯ সেকেন্ড ধরে গাইতে হবে ‘সঙ্গীত’ এবং অনুষ্ঠানের শেষে গাইতে হবে জাতীয় সঙ্গীত।পাশাপাশি, এই দুই গান উঠে দাঁড়িয়ে উপস্থিত সকলকে গাওয়ার কথাও বলা হয়েছে। এর আগে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ও এই

উঠে দাঁড়ানোর পরামর্শ দিয়েছিলেন। ভবানীপুরে মুখ্যমন্ত্রীর নিজের বিধানসভা কেন্দ্রে, মেঘভাগের সঙ্গে শেষে এই কথা জানিয়েছিলেন তিনি। এ বার মুখ্যসচিবের নির্দেশিকায় জানানো হল, ‘ রাজ্য সঙ্গীত’-এর সঙ্গে উঠে দাঁড়াতে হবে পালন সকলকো।গত সেপ্টেম্বরে রাজ্য বিধানসভায় রাজ্য সঙ্গীত এবং রাজ্য দিবস নিয়ে প্রস্তাব এনেছিল তৃণমূলের পরিষদীয় দল। প্রস্তাব নিয়ে নাম ছিল আশিস বন্দ্যোপাধ্যায়, ফিরহাদ হাকিম, রাতা বসু, চন্দ্রিমা ভট্টাচার্য, সুশীল সাহা, বিরাবাহা হাসদা, সত্যজি বর্মণ, কালীপদ মণ্ডল, বিশুজি দাস এবং কৃষ্ণ কলাগীর। পশ্চিমবঙ্গ দিবেস হিসাবে কোন দিনটিকে বেছে নেওয়া হবে, তা নিয়ে বেশ কয়েক দিন ধরেই বিতর্ক চলছে রাজ্য রাজনীতিতে। রাজ্য বিজেপির তরফে স্থির হয়েছিল ২০ জুন তারিখটিকে পশ্চিমবঙ্গ দিবস হিসাবে পালন করা হবে। কারণ, ১৯৪৭ সালের ২০ জুন বঙ্গীয় প্রাদেশিক আইনসভার ভোটভূটিতে বাংলা ভাগের বিষয়টি স্থির হয়েছিল। বাংলা দু’ভাগে ভাগ হয়ে পূর্ব পাকিস্তান এবং পশ্চিমবঙ্গ তৈরি হয়। পশ্চিমবঙ্গ ভারতে অন্তর্ভুক্ত হয়। বাংলাদেশ আলাদা হয়ে পাকিস্তানের

অন্তর্ভুক্ত হয়। কিন্তু রাজ্যের শাসকদল তেওঁ বেটেই, বিশিষ্ট জনদের একাংশেরও বক্তব্য, মেঘভাগের সঙ্গে বেদনার স্মৃতি জড়িয়ে রয়েছে। তাই ওই দিনটি পশ্চিমবঙ্গ দিবস হিসাবে স্বীকৃতি পেতে পারে না।গত ২০ জুন রাজ্যে পশ্চিমবঙ্গ দিবস পালন করেছিলেন রাজ্যপাল বোস। কিন্তু ওই দিনটিকে ‘রাজ্য দিবস’ মানতে নারাজ মুখ্যমন্ত্রী। প্রথমে ফোনে অনুরোধ জানিয়ে এবং পরে চিঠি লিখে রাজ্যপালকে এই আয়োজন থেকে বিরত থাকার অনুরোধ জানিয়েছিলেন তিনি। কিন্তু নিজের অবস্থানে অনড় থেকে রাজভবনে ওই দিনই ‘ রাজ্য দিবস’ পালন করেন রাজ্যপাল। এর পাশ্া জবাব দিতে ‘দিবস’ কবে, তা ঠিক করতে একটি কমিটি গঠন করেন মুখ্যমন্ত্রী। প্রাক্তন তৃণমূল সাংসদ তথা ইতিহাসবিদ সুগত বসুকে উপদেষ্টা করে ‘ রাজ্য দিবস নির্ধারণ কমিটি’ তৈরি হয়। আহ্বায়ক করা হয় বিধানসভার ডেপুটি স্পিকার আশিস বন্দ্যোপাধ্যায়কে। সেই কমিটির বৈঠকে পয়লা বৈশাখকে পশ্চিমবঙ্গ দিবস হিসাবে পালন করার সুপারিশ করা হয়েছিল। এর পরেই মুখ্যমন্ত্রী সিদ্ধান্ত নেন, বাংলার বিভিন্ন মহলের বিশিষ্টজনদের ডেকে এ ব্যাপারে

লোকসভা নির্বাচনের আগে রাজ্যজুড়ে রহস্যময় পোস্টার

কলকাতা, ৩১ ডিসেম্বর ঃ ‘বিষ্কন্ড রাজনীতি’ লোকসভা নির্বাচনের আগে রাজ্য জুড়ে পড়ল এই পোস্টার রহস্য। উত্তরবঙ্গ থেকে দক্ষিণবঙ্গ সর্বত্র ছেয়ে গেছে

এইনাম-গোত্রহীন পোস্টার। কে, কী উদ্দেশ্যে এই পোস্টার সাটিয়েছে বহর শ্রেষের দিনে তাই অজানা।রবিবার সকালে দেখা যায় কলকাতার গড়িয়াহাট, রবীন্দ্র সদন,

শ্যামবাজারের মতো এলাকায় এই পোস্টার পড়েছে। প্রদেশ কংগ্রেসের সদরদপ্তরের বিধানভবনের সামনে এই পোস্টার সাটানো হয়। এমনকী, কোচবিহারের মাথাভাঙার বাজারেও

এই পোস্টার চোখে পড়েছে। স্বাভাবিকভাবে লোকসভা নির্বাচনের আগে রাজ্যের বিভিন্ন প্রান্তে ‘ রাজনীতি’ চেয়ে পোস্টার পড়ায় স্বাভাবিক ভাবেই চাঞ্চল্য

ছেলে-বউমার অশান্তি তুঙ্গে!একের পর এক সম্পত্তি ভাড়া দিতে শুরু করলেন অমিতাভ

দুরন্ত বার্তা ডিজিটাল ডেস্কঃ সম্প্রতি টিপ্সেল টাউনের শিরোনামে উঠে এসেছে চহ্জন পরিবারের কোন্দল। এই পরিস্থিতিতেই বলিউড শাহেনশাহ এক কাণ্ড ঘটালেন। মুম্বইয়ের ওশিওয়ারায় অমিতাভের বাণিজ্যিক সম্পত্তি রয়েছে। যা ২.৭ কোটি টাকা বার্ষিক ভাড়ায় লিজ দিয়েছেন। লোটােস সিগনেচারের সম্পত্তিটি চারটি ইউনিটজুড়ে প্রায় ১০,১৮০ বর্গফুট বিস্তৃত। এবং ২০২৪ সালের মার্চ মাস থেকে পরবর্তী পাঁচ বছরের মেয়াদের জন্য ওয়ার্নার মিউজিক ইন্ডিয়া লিমিটেডকে ভাড়াও দেওয়া হয়েছে।প্রপস্ট্যাকের নথি অনুযায়ী,

একটি রিয়েল এস্টেট সংস্থা এই বিষয়টি নিশ্চিত করেছে। এবং বলছে যে মিউজিক কোম্পানিটি ১.৩ কোটি টাকায় সিকিউরিটি আমানত জমা দিয়েছে। অমিতাভ বছন ২০২৩ সালের আগস্টে এই চারটি অফিস স্পেস কিনেছিলেন, প্রতিটি প্রায় ৭.১৮ কোটি টাকায় কিনেছিলেন।রিয়েলটি সেক্টরের আরেকটি উদ্যম্লে, মুম্বইয়ের ম্যান ইনফান্ট কমস্ট্রাকশন লিমিটেড (MCL) পালি হিল, বাজা (পশ্চিম) এর ভিরগো কো-অপারেটিভ হাউজিং সোসাইটিতে অভিনেতা অমির খানসহও একটি ফ্ল্যাট রয়েছে।প্রায় ৩৫.০০০ বর্গফুট প্লট

এলাকা কভার করা প্রকল্পটি ২০২৪ সালের মাঝামাঝি সময়ে চালু হবে বলেও আশা করা হচ্ছে এবং অকল্পবিজ্ঞানে অভিনেতা অমির খানের মালিকানাধীন একটি ফ্ল্যাটও এর অন্তর্ভুক্ত রয়েছে।চলতি বছরে অমিতাভ বছনের বাংলা প্রতীক্ষা মেয়ে শ্বেতার নামে লিখে দিয়েছেন বলে শোনা গিয়েছিল। যা নিয়ে চারিদিনকে নানা চর্চাও হয়েছে। অনেকেই প্রশ্ন তুলেছেন তবে ছেলে অভিষেক চতন কি কিছুই পাবেন না? এমনকী বউমা ঐশ্বর্যর জন্যই নাকি বর্ষিতা ছেলে, এমনটাও শোনা চলেছে। এবার সাধারণ ভাড়া দেওয়ার সিদ্ধান্ত আরও একবার

নতুন প্রশ্নের জন্ম দেয়।প্রসঙ্গত, প্রভাস, কমল হাসান, দীপিকা পাডুকোন এবং দিশা পাটানির সঙ্গে কল্পবিজ্ঞান সম্পর্কিত অ্যাকশন সিনেমা ককি ২৮৯৮ এ দেখা যাবে ‘বিগ বি’ কো ছবিটি ২০২৪ সালে মুক্তি পাবে। তাছাড়াও, তিনি তমিল ছবি ভেট্টাইয়ানের জন্য রজনীকান্তের সঙ্গে পুনরায় একত্রিত হতে চলেছেন। দু’জন এর আগে ১৯৯০-এর দশকে মুকুল আনন্দের ‘হাম’ ছবিতে কাজ করেছিলেন। বিগ বি টেলিভিশনেও এতদিন বেশ সক্রিয় ছিলেন। তবে এবার তিনি নির্জেই জানিয়েছে জনপ্রিয় গেম শো কৌন বনগা ক্রেড়োপতি এবারের সিজন শেষ হবে খুব শীঘ্রই।

গড়িয়ায় বিয়ে বাড়িতে গিয়েছিল। ছেলে, ওর দু’টো বন্ধু ছিল পাড়ুকোন এবং দিশা পাটানির সঙ্গে কল্পবিজ্ঞান সম্পর্কিত অ্যাকশন সিনেমা ককি ২৮৯৮ এ দেখা যাবে ‘বিগ বি’ কো ছবিটি ২০২৪ সালে মুক্তি পাবে। তাছাড়াও, তিনি তমিল ছবি ভেট্টাইয়ানের জন্য রজনীকান্তের সঙ্গে পুনরায় একত্রিত হতে চলেছেন। দু’জন এর আগে ১৯৯০-এর দশকে মুকুল আনন্দের ‘হাম’ ছবিতে কাজ করেছিলেন। বিগ বি টেলিভিশনেও এতদিন বেশ সক্রিয় ছিলেন। তবে এবার তিনি নির্জেই জানিয়েছে জনপ্রিয় গেম শো কৌন বনগা ক্রেড়োপতি এবারের সিজন শেষ হবে খুব শীঘ্রই।

বিড়লা মন্দিরের সামনে দুর্ঘটনা, দুমড়ে মুচড়ে গিয়েছে গাড়ি

কলকাতা,৩১ ডিসেম্বর ঃ সাংসদকলে শহর কলকাতায় ভয়াবহ পথদুর্ঘটনা। রবিবার সকাল ৬টা নাগাদ বিলা মন্দিরের কাছে ভয়াবহ এই দুর্ঘটনা ঘটে। দুর্ঘটনার জেরে ফুটপাথের উপর উঠে যায় ক্ষতিগ্রস্ত গাড়িটি। বেরিয়ে আসে এয়ারবাগ। বালিগঞ্জ ফাউ থেকে পার্ক সার্কাস সেডেন পর্যায়েদিকে যাওয়ার সময় এই দুর্ঘটনা ঘটে। বেপরোয়া গতির কারণেই এই দুর্ঘটনা বলে মনে করা হচ্ছে।স্থানীয় সূত্রে জানা গিয়েছে,

দু’টি বিলাসবহুল গািাতে এদিন একদল ফিরছিল। বন্ধুদের গ্রুপ ছিল বলে খবর। তার মধ্যে একটি গাড়ি দুর্ঘটনার কবলে পড়ে। দুর্ঘটনার কবলে পড়া গাড়িতে ছিলেন চারজন। কোনওভাবে তা গতি নিয়ন্ত্রণ করতে না পেরে রাস্তার ধারে থাকা একটি বিদ্যুতের খুঁটিতে সজোরে ধাক্কা মারে। একেবারে দুমড়ে মুচড়ে যায় দুর্ঘটনা সেই গাড়ি।জানা গিয়েছে, দুর্ঘটনার পরই গাড়িতে থাকা দলটি অপর গাড়িতে

চেপে ঘটনাস্থল থেকে বেরিয়ে যায়। খবর পেয়ে আসে বালিগঞ্জ থানার পুলিশ দ্বেজ সার্কিট ক্যামেরার ফুটেজ দেখে তদন্ত শুরু করছে তারা। ঘটনার পরে ৪ বন্ধুই অন্য গাড়িতে করে চলে যায়। গাড়ি চালাচ্ছিল সেই ৪ বন্ধুরই একজন। গাড়িতে যে যুবকরা ছিলেন, তাঁদেরই একজনের বাবা সকালে পুলিশের সঙ্গে দেখা করতে আসেন। তনবির আহমেদ নামে ওই ব্যক্তি বলেন, আমার ছেলে


চিকিৎসা চলছে। এদিকে রাতভর আগুন নেভানোর কাজ চলে। শেষ অবধি রবিবার ভোরে আগুন নেভানো সম্ভব হয়। স্থানীয় বাসিন্দারা জানিয়েছেন, রাত ১০টা নাগাদই কারখানা বন্ধ হয়ে গিয়েছিল। ১০-১৫ জন শ্রমিক কারখানা চত্বরে ঘুমোচ্ছিল। হঠাৎ অগুনত খণে গোঁ। ভিতরে আটকে পড়েন শ্রমিকরা।

মন কি বাত-এর ১০৮-তম পর্বে দেশবাসীকে নতুন বছরের শুভেচ্ছা প্রধানমন্ত্রীর



নয়াদিল্লি, ৩১ডিসেম্বর ঃ মন কি বাত-এর ১০৮-তম পর্বে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশবাসীকে নতুন বছরের শুভেচ্ছা জানিয়েছেন। প্রধানমন্ত্রী রবিবার তাঁর রেডিও অনুষ্ঠান ‘মন কি বাত’-এর ১০৮ তম পর্বে দেশবাসীকে নতুন বছরের শুভকামনা জানিয়েছেন। জানিয়ে তিনি বলেন, একটি জপলায়ার ১০৮টি পুঁতির মতো এই পর্বটিও তাঁর জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। তিনি বলেন, ভারত আত্মবিশ্বাসে ভরপুর। এটি উন্নত ভারতের চেতনায় পরিপূর্ণ। ভারতে আত্মনির্ভরশীলতার অনুভূতি আছে। ২০২৪ সালেও আমাদের একই চেতনা ও গতি বজায় রাখতে হবে। ‘মন কি বাত’-এ তিনি যে বার্তা পেয়েছেন সেজন্য প্রধানমন্ত্রী সকলকে ধন্যবাদ জানান। গত বছরে দেশের খেলোয়াড় ও শিল্পীদের সাফল্যের কথাও তিনি এদিন উল্লেখ করেছেন। তিনি বলেন, ভারতের সম্ভাবনা অত্যন্ত চিত্তাকর্ষক এবং আমাদের এদের থেকে অনুপ্রেরণা নিয়ে এগিয়ে যেতে হবে। ভারতে যে ইনোভেশন হাব’ তৈরি হচ্ছে তা থেকে এটাই বোঝা যাচ্ছে যে আমরা থামছি না।

বিজেপির মিথ্যাই সবচেয়ে শক্তিশালীঃখাড়গে



সবচেয়ে শক্তিশালী!খাড়গে কংগ্রেসের পক্ষ থেকে অর্থনীতি পরিচালনা এবং কৃষকদের বিষয়ে তাঁর নীতি নিয়ে কেন্দ্রীয় সরকারকে তীব্রমর্শ করছেন। তিনি খাড়াও রবিবার জয়রাম রমেশও কেন্দ্রীয় সরকারের তীব্র সমালোচনা করেন।

কুয়াশায় ধীর ট্রেনের গতি

নয়াদিল্লি, ৩১ ডিসেম্বর ঃগোড়া ও কুয়াশার কারণে উত্তাল গোটা উত্তর ভারত। কুয়াশার কারণে বিদ্যুত হয়েছে রেল চলাচল। ভারতীয় রেলওয়ের মতে, রবিবার দিল্লি পৌঁছনো ২৬টি ট্রেন নির্ধারিত সময়ের কয়েক ঘণ্টা পিছিয়ে চলছে।ভারতীয় আবহাওয়া বিভাগ জানিয়েছে, এদিন সকালে রাজধানী দিল্লির ইন্ডিয়া গেট এবং ডিউটি পাথ শৈত্যপ্রবাহের কবলে পড়ে। এখানে ঘন কুয়াশা ছিল। এছাড়াও, শ্রীনগর, জম্মু ও কাশ্মীরে ঘন কুয়াশার কারণে দূশমানতা উল্লেখযোগ্যভাবে হ্রাস পেয়েছে। শ্রীনগরে সর্বনিম্ন তাপমাত্রা -২.৫ ডিগ্রি সেলসিয়াস। কেন্দ্রীয় দূষণ নিয়ন্ত্রণ বোর্ডের মতে, জাতীয় রাজধানীতে বায়ুর গুণমান সূচক (একিউআই) ‘গুরুতর’ বিভাগে রয়েছে। সকালে আনন্দ বিহারে ৪২৫, দ্বারকার সেক্টর ৮-এ ৪২৫, আরকে পুরমে

ফিরে দেখা ২০২৩, বিষয়ঃবিবিধ

গুয়াহাটি, ৩১ ডিসেম্বর ঃ গুয়াহাটিতে মুখামন্ত্রী ডা. হিমন্তবিশু শর্মার হাতে চালু জিও টু এজি পরিষেবা।ইমফল, ১২ জানুয়ারি ঃভারতীয় শিশু কল্যাণ পরিষদ (আইসিডাব্লিউ) প্রচলিত ২০২২ সালের জাতীয় সাহসিকতা পুরস্কার পাচ্ছে মণিপুুরের দুই শিশুছাত্র প্রদীপ খইরম এবং সাইখম রাজ সিংহ। ২০২২ সালের ১৬ ফেব্রুয়ারি সাইখম বিজেন সিংহ এবং সাইখম (ওংবি) অপরূপা ওরফে বেমবেম দেবীর নয় বছরের ছেলে সাইখম টমথিন সিংহ ইমফল পশ্চিমের উরিপোক আহাহেমে লৌকহায়ে অবস্থিত একটি ছোট পুকুরে পড়ে গিয়েছিল। পুকুর থেকে উদ্ধারের জন্য তাদের এই পুরস্কারে ভূষিত করেছে আইসিডাব্লিউ।মাইবাং (অসম), ১৩ জানুয়ারি ঃ উন্নতি নবরূপে সজ্জিত ডিমাসা জনগোষ্ঠীর ঐতিহ্যময় রণচণ্ডী মন্দির তথা একপাথরের ঘর। এদিন নব সজ্জিত রণচণ্ডী মন্দির ও রণচণ্ডী পার্কের আনুষ্ঠানিক উদ্বোধন করেন উত্তর কাছাড় পার্বত্য পরিষদের মুখ্য কার্যনির্বাহী সদস্য দেবেলাল গালোস।কোহিমা (নাগাল্যান্ড), ২৭ ফেব্রুয়ারি ঃ নাগাল্যান্ডের রাজধানী কোহিমার মাও মার্কেটে এক বিধবসী অগ্নিকাণ্ডে গোটা বাজার জ্বলে-পুড়ে ছাই হয়ে গেছে।হাফকল (অসম), ৫ এপ্রিল (হিস.) ঃদেশের আসমারিক সন্মান পদম্ভী পেয়েছেন ডিমাসা হাসাও জেলার বিশিষ্ট সমাজকর্মী ড. রামকুয়াংবে জেমি নিউমে। এদিন রাষ্ট্রপতি ভবনে আয়োজিত এক অনুষ্ঠানে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্ম় রামকুয়াংবে জেমি নিউমেকে দেশের আসমারিক সন্মান পদম্ভী প্রদান করেছেন।তেজপুুর (অসম), ২১ আগস্ট ঃশোণিতপুর জেলার উইলিয়ামসন মার্গার গ্রুপের বোহালি চা বাগানে ভারতের সবচেয়ে বয়স্ক (৮৯ বছর) গৃহপালিত এশিয়াটিক হাতি ‘ প্রসাদ’-এর মৃত্যু।গুয়াহাটি, ২৭ আগস্ট ঃ উত্তর-পূর্বাঞ্চলের ছয় নিবেদিতপ্রাণ শিক্ষাবিদকে মর্দ্যাদাপূর্ণ ‘ শিক্ষক পুরস্কার ২০২৩’-এ সম্মানিত করতে মনোনীত করা হয়েছে। মর্যাদাপূর্ণ এই পুরস্কারের জন্য মোট ৫০টি সরকারি স্কুলের শিক্ষকের মধ্যে এই ছয়জনকে শিক্ষাক্ষেত্রে তাদের অপরিসীম অবদানের জন্য চয়ন করা হয়েছে।গুয়াহাটি ১ সেপ্টেম্বর (হিস.) ২০২৩-এর রামন ম্যাগসাহাই পুরস্কার পেয়েছেন অসমের কানসাার বিশেষজ্ঞ পদ্মশ্রী ড. রবি কান্নান আরান।নয়াদিল্লি (অসম), ১৬ সেপ্টেম্বর (হিস.) ঃঅসমের পাঁচ শিল্পী যথাক্রমে সতরীয়া শিল্পী হরিবানন বরবরা, ওজপালি শিল্পী ধরুমেশ্বর নাথ, বেহোলা বাদক মিনতি খাডেম, সতরীয়া শিল্পী গুরুপূরসাদ ওজা এবং লোকসাহিত্য শিল্পী মাখনচন্দ্র বরাকে সংগীত নাটক অকাদেমি পুরস্কার প্রদান।ইমফল, ৩ মে ঃতরুশিলি উপজাতি (এসটি) তালিকায অন্তর্ভুক্ত ইমফলজাতীয় শিল্পীরা প্রতিনিয়ত ‘ ট্রাইবাল স্টুডেন্টস ইউনিয়ন, মণিপুুর’-এর উদ্যোগে এদিন বিকেলে মণিপুুরের উপজাতি সংগঠনগুলি ‘ মিল’-এর পর মণিপুুরে আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি শুরু। রাজ্যের কয়েকটি জেলা অধিকারমে বিক্ষুব্ধ, ফেরজাওল, জিরিবাম, পশ্চিম ইমফল, ঝউবাল, তেংনোপাল, কাকিৎ এবং কাংপোকপিতে ছড়িয়ে পড়ে হিংসা।

পূর্ণাঙ্গ পঞ্জিকা
কলকাতা,১জানুয়ারিঃসোমবার, ১৫পৌষ মাস ১৪৩০ বঙ্গাব্দ, ইংরেজীঃ১১জানুয়ারিঃ ২০২৩, ৫৩৬ চৈতঃ৪৩৮, কলিঃঃ১২৩, সৌরঃঃ১৫পৌষ মাস, চান্দ্র ৭ মধুসূদন মাস, ১৯৪৪ শকাব্দ ২০৭৯ বিক্রম সাধ, ২৫৬৫ বুদ্ধাব্দঃ, বাংলাদেশঃ১৫পৌষ মাস ১৪৩০, ভারতীয় সিভিলঃ ১৫পৌষ মাস ১৯৪৪, মৈতৈঃ ১৪ শজিবু, আসামঃ২২ চ’ত, মুসলিমঃঃ-ইদ-১৪৪৩ হিজরী শ্রীশ্রী অরুণাচলপুজার গতস্থাপন (সপ্তমী)সূর্য উদয়ঃ সকাল ০৫ঃ ২৪ঃ২৫ এবং অন্তঃবিকাল ০ঃ৫ঃ ০০। চন্দ্র উদয়ঃসকাল ১০ঃ১ঃ ২২(৮) এবং অন্তঃরাত্রি ১ঃ২ঃ১৬ (০(৮)।শুক্র পক্ষ /তিথিঃসপ্তমী (ভদ্রা) রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮ঃ৪৫ পর্যন্ত নক্ষত্রঃআর্দ্রা রাত্রিঃ১১ঃ২৮ঃ০১ দং ৪৫৮ঃ৪৫ পর্যন্ত পরে পুনর্বসুকরণঃবহিজ রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮ঃ৪৫ পর্যন্ত পরে ব্রহ্মীয়াঃঅতিথিঃ অমৃতযোগঃদিন ০৫ঃ২৪ঃ৩১ থেকে - ০৭ঃ০৪ঃ১২ পর্যন্ত, তারপর ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ১০ঃ২৩ঃ৩৩ পর্যন্ত, তারপর ১২ঃ ৫ঃ৩০ঃ থেকে - ০২ঃ৩০ঃ২ঃ৫ পর্যন্ত, তারপর ০৪ঃ১২ঃ২৫ থেকে - ০৫ঃ৫২ঃ০৬ পর্যন্ত এবং রাত্রি ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ৫৬ঃ ৪ঃ পর্যন্ত, তারপর ০ঃ৩০ঃ০২ থেকে - ০৩ঃ৫ঃ২০ পর্যন্ত এবং রাত্রি ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ৫৬ঃ ৪ঃ পর্যন্ত, তারপর ০ঃ৩০ঃ০২ থেকে - ০৩ঃ৫ঃ২০ পর্যন্ত এবং রাত্রি ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ৫৬ঃ ৪ঃ পর্যন্ত, তারপর ০ঃ৩০ঃ০২ থেকে - ১১ঃঃ৫ঃ১ঃ পর্যন্ত, তারপর ০ঃ৫ঃ২ঃ১২ থেকে - ০৫ঃ২৪ঃ৩ঃ পর্যন্ত।কুলিক বেলঃ দিন ০৭ঃ৫৫ঃ০২ থেকে - ০৮ঃ ৪ঃ৪৫ঃ পর্যন্ত।কুলিক রাত্রিঃ০৭ঃ ২ঃ৫ঃ২৫ থেকে - ০৮ঃ৩ঃ৫৫ পর্যন্ত।বারবেলাঃ দিন ০৮ঃ৩১ঃ ২৫ থেকে - ১০ঃ৪ঃ৪৫ঃ পর্যন্ত।কালবেলাঃদিন ১০ঃ৪ঃ৪৫ঃ থেকে - ১১ঃ৩ঃ৮ঃ১৮ পর্যন্ত।কালরাত্রিঃ০৮ঃ৪৫ঃ১২ থেকে - ১০ঃ১ঃ১ঃ৫ পর্যন্ত।গ্রন্থকৃত্য (সূর্য উদয় কালীনা)ঃরবিঃ১১ঃ২ঃ৪ঃ ৬১৯ (২৭) ৩ পদঃদুঃ ২২ঃ১৫ঃ৫০ (৭) ১ পদঃদুঃ ৯ঃ২৭ঃ৫৩ঃ৯ (২৩) ২ পদঃবঃ ০২ঃ২২ঃ (১) ১ পদঃবঃপুঃতিঃ ১০ঃ২৯ঃ২২ঃ (২৫) ৩ পদঃশুক্রঃ ১০ঃ১৭ঃ (২৪) ১ পদঃমণিঃ ৯ঃ২৫ঃ৩০ (২৩) ১ পদঃরাঃ ১২ঃ২৭ঃ (৩) ২ পদঃকৃত্যঃ ৭ঃ২২ঃ৫৩ (১৬) ৪
আবহাওয়া
বৃষ্টির হতে পারে নাও হতে পারে। তাপমাত্রা সর্বোচ্চ ২৮.৩ডিগ্রি সেলসিয়াস ও (২) সর্বনিম্ন ১৯.০ডিগ্রী সেল্টিগ্রেড ও (১) দিনের বেলায়। আপেক্ষিক আর্দ্রতা হবে ৯৯শতাধরা এবং ৪১শতকরা। বৃষ্টি হয়নি রবিবার। জ্যোয়ার-সকাল ৬টা ২১ মিনিট এবং রাতঃচটা ২০মিনিট হবে। ভাটা-সকাল-৬টা ২০মিনিট। রাতঃ১০টে ২১ মিনিট। সূর্য উদয়ঃ আড়াঃ ৬টা ২১মিনিট এবং সূর্য অস্ত্য যাবে ঃ ৫ টা ০৫ মিনিটে।
রাশিফল
মেঘরাশিঃআপনার রাশি আত্মীয়স্বজন আপনার দৃষ্টিভা়া সুর করবে আর আপনাকে কাঙ্ক্ষিত মুক্তির স্বাদ দেবে। এরকম আত্মীয় থাকার জন্য আপনি নিজেকে ভাগবান মনে করবেন।শুভদিনঃ বৃষত রাশিঃকোন শারীরিক যন্ত্রণায় ভোগা আজ প্রবলভাবে সম্ভাব্য। সংসারে শান্তি হবে।মিথুন রাশিঃএকটি আনোপ্রমোদ এবং মজার দিন। যারা শোয়ার বাজারে তাদের অর্থ বিনিয়োগ কর্কট রাশিঃবিশেষ করে খোলা খাবার খাওয়ার সময় বিশেষ সাবধানতা নেওয়া উচিত।সিংহরাশি

ভিক্টর বন্দ্যোপাধ্যায়ের বাড়িতে মোহন ভাগবত

দূরন্ত বার্তা, কলকাতা, ৩১ ডিসেম্বর : পশ্চিমবঙ্গ সফরে রবিবার অভিনেতা ভিক্টর বন্দ্যোপাধ্যায়ের বাড়িতে গিয়ে তার সঙ্গে দেখা করলেন সরসজ্জাচলক ডাঃ মোহন ভাগবত। এদিন তিনি যান তবলাবাদক বিক্রম ঘোষের বাড়িতেও। যা নিয়ে নানা জল্পনা শুরু হলেও সঙ্ঘের মতে এটা রুটিন প্রক্রিয়া। দু’দিনের সফরে শনিবারই কলকাতায় এসেছেন সরসজ্জাচলক ডাঃ মোহন ভাগবত। শনিবার

কেঙ্গে প্রাণী ছিলেন ভিক্টর। তিনিই ছিলেন রাজ্যে বিজেপির প্রথম তারকা প্রাণী। দীর্ঘ সময় সংঘ পরিবারের সংগঠন ‘ভারতী’র রাজ্য



রাত্তে রাজ্যের একসময়ের মন্ত্রী তথা প্রাক্তন সিবিআই অধিকর্তা উপেন বিশ্বাস ও এআইএফএফ সভাপতি কল্যাণ চৌবের বাড়ি যান তিনি। রবিবার সাংসদকাল তিনি যান ভিক্টর বন্দ্যোপাধ্যায়ের বাড়ি। এর পর আজ সংঘের সমন্বয় বৈঠকেও যোগ দেনেন ভাগবত। তাতে সংঘের সব শাখার প্রতিনিধিদের পাশাপাশি বিজেপি নেতারাও থাকবেন। ভিক্টরের সঙ্গে বিজেপির পুরনো সম্পর্ক। ১৯৯১-এর লোকসভা ভোটে বিজেপির টিকিটে কলকাতা উত্তর-পশ্চিম

সভাপতিও ছিলেন তিনি। মাঝে আশা দীর্ঘদিন বিজেপির সঙ্গে যোগাযোগ ছিল না। গত বছরই অভিনেতা পদ্ম সন্মান পেয়েছেন। এদিন ভিক্টরের সঙ্গে দেখা করার আগে তাঁর সঙ্গে সঙ্ঘ পরিবারের ঘনিষ্ঠতার কথা জানিয়ে বিশেষ বার্তা নেন ভাগবত, তাতে ভগবত লেখেন, ‘আরএসএস-এর সঙ্গে ভিক্টর অভিনেতা ওভিশ্যায় ঘৃণিঝড় বিধ্বস্ত এলাকায় মৃতদেহ সরানোর কাজ করেছেন। উত্তরাখণ্ডে ভূমিকম্প এলাকায় গিয়ে যোগ দিয়েছেন

উদ্ধারকার্যে’। আরএসএস এবং ভাগবতের প্রশংসা করে বার্তা দেন ভিক্টরও। তাঁর কথায়, ‘এই দেশের ভাষা এবং সংস্কৃতিকে

বাঁচিয়ে রাখতে তাঁদের উদ্যোগ প্রশংসনীয়। এই জন্যই ভারত সাংস্কৃতিক দিক থেকে এত সমৃদ্ধ এবং গৌটা বিশ্বে সমাদৃত’। আরএসএস-এর সঙ্গে নিজের ঘনিষ্ঠতার কথাও তুলে ধরেন ভিক্টর। তবে এই সাঙ্ক্ষাতের নেপথ্যে বিশেষ কোনও কারণ রয়েছে কিনা, তা

এখনও পর্যন্ত শোলাসা করেননি দুই পক্ষের কেউই।লোকসভা ভোটের আবেহ সরসজ্জা চালক মোহন ভাগবতের এই সফর ঘিরে বিভিন্ন মহলে চর্চা শুরু হয়েছে। যদিও সংঘ সূত্রের খবর, সংঘপ্রধান বেনেনও রাজ্যে গেলে সেই রাজ্যের বুদ্ধিজীবীদের সঙ্গে দেখা করে থাকেন। এটা রুটিন প্রক্রিয়া। বিভিন্ন জগতে উজ্জ্বল নক্ষত্রের সঙ্গে দেখা করটা সেই রাজ্যে সফরের আদর্শ প্রচারণের মাধ্যম হিসাবে ব্যবহার করা হয়। এর সঙ্গে প্রত্যক্ষ রাজনীতির কোনও যোগ নেই।

ট্রাক চালকদের বিক্ষোভে অগ্নিগর্ভ পরিস্থিতি ডানকুনিতে

দূরন্ত বার্তা, ডানকুনি হুগলি, ৩১ ডিসেম্বর : কেন্দ্রের নয়া পরিবহণ আইনের প্রতিবাদ। ট্রাক চালকদের বিক্ষোভে অগ্নিগর্ভ পরিস্থিতি ডানকুনিতে। টায়ার জালিয়ে বিক্ষোভ দেখান ট্রাক চালকরা। রবিবার সকাল সাড়ে দশটা থেকে জাতীয় সড়ক অবরোধ করেছেন তারা। রাস্তায় টায়ার জালিয়ে, গাছের গুঁড়ি ফেলে বিক্ষোভ দেখাতে থাকেন তারা। রাস্তায় সার দিয়ে দাড়িয়ে থাকতে দেখা যায় একাধিক বাস, প্রাইভেট কার। দীর্ঘক্ষণ পরে অ্যাকশন মুডে আসে পুলিশ। শুরু হয় ধরপাকা। পরিস্থিতি উত্তণ্ড হয়ে উঠলে লািচার্জ করতেও বাধ্য হয় পুলিশ। বেশ কয়েকজন ট্রাকচালককে আটকও করা হয়। ব্যাপক বিশৃঙ্খল পরিস্থিতি তৈরি হয় এলাকায়। এদিকে, দীর্ঘক্ষণ রাস্তায় গাড়িয়ে আটকে থাকার পর অনেক যাত্রীকে হেঁটে বেশ কিছু দূর এগিয়ে যেতেও দেখা যায়। দীর্ঘক্ষণ অবরোধ চলার পর পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। প্রসঙ্গত, কেন্দ্রের নয়া পরিবহণ নীতিতে ‘ অ্যান্ড রানের’ ক্ষেত্রে বিশেষ পদক্ষেপ করা হচ্ছে। তাতে অভিযুক্ত চালকের ১০

বছরের জেল ও সাত লক্ষ টাকা জরিমানা হবে শাস্তিধরূপ। আগে এই অভিযোগে জামিনযোগ্য ধারায় মামলা রুজু করা হত। অভিযুক্ত দেখাতে থাকেন। হাজার হাজার ট্রাক চালক রাস্তায় টায়ার জালিয়ে বিক্ষোভ দেখান। দীর্ঘক্ষণ ধরে আটকে থাকে বহু গাড়ি। বেলা ১টা

চালক তদন্তে সহযোগিতা করলে বিশেষ ছাড়ও দেওয়া হত। কিন্তু এখন জামিন অযোগ্য ধারায় মামলা রুজু হবে। দুর্ঘটনার প্রবণতা কমাতেই এই ধরনের উদ্যোগ কেন্দ্রের। কিন্তু কেন্দ্রের এই নয়া পরিবহণ আইনের প্রতিবাদে রবিবার সকাল সাড়ে দশটা থেকে ডানকুনিতে ট্রাক চালকরা রাস্তা অবরোধ করে বিক্ষোভ

দেখাতে থাকেন। হাজার হাজার ট্রাক চালক রাস্তায় টায়ার জালিয়ে বিক্ষোভ দেখান। দীর্ঘক্ষণ ধরে আটকে থাকে বহু গাড়ি। বেলা ১টা

করছেন। তাঁর বক্তব্য, কেন্দ্রের এই আইন স্বৈরাচারী অত্যাচার। আইনের মাধ্যমেই অত্যাচার। আইনে রয়েছে হিট অ্যান্ড রানের ক্ষেত্রে চালকদের



কিছু সময় আগে পুলিশ ঘটনাস্থলে আসে। প্রথমে ট্রাক চালকদের অবরোধ তুলে নিতে বলে। কিন্তু ট্রাক চালকরা বিক্ষোভ দেখাতে থাকায় পরিস্থিতি উত্তণ্ড হয়। লািচার্জ শুরু করে বিক্ষোভ তুলে দেয় পুলিশ। বেশ কয়েকজনকে আটক করে পুলিশ। মন্ত্রী মেন্ধেশিয় চক্রবর্তী অবশ্য ট্রাক চালকদের এই আদোলনকে সমর্থন

১০ বছরের দেশ ও সাত লক্ষ টাকার জরিমানা। দেশে যে আইন রয়েছে, তা মানুষের জন্যই। কিন্তু সেই আইনকে সমর্থন করি না, যাতে মানুষের ওপর অত্যাচার নেনে আসে। রোড সেক্ফটির জন্য আমরাও প্রচুর কিছু করেছি। যাতে দুর্ঘটনা কমে। কেবল বড় বড় শাস্তি দিয়ে দিলাম, তাহলেই সব হয়ে গেল, তেমনটা নয়।

প্ল্যাটফর্মের কাছে যুবকের দেহ উদ্ধারে ব্যাপক চাঞ্চল্য বারুইপুরে

দূরন্ত বার্তা, বারুইপুর, ৩১ ডিসেম্বর : বারুইপুরের শাসন রোড স্টেশন এলাকায় প্ল্যাটফর্মের কাছে অজ্ঞাতপরিচয় যুবকের গলাকাটা দেহ উদ্ধার ঘিরে ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে। রবিবার দেহ উদ্ধারের সময় গলার নলি ও হাতের শিরা কাটা ছিল। বারুইপুর থানার পুলিশ দেহ উদ্ধার করে ময়নাতদন্তে পাঠায়। প্রাথমিকভাবে মনে করা হচ্ছে, ওই যুবককে খুন করা হয়েছে। কে বা কারা খুন করল তাতে, তা এখনও স্পষ্ট নয়। রবিবার সকালে বারুইপুরের শাসন রোড স্টেশনের ২ নম্বর প্রাটফর্মে যাতায়াতকারীরা দেখতে পান এক যুবকের রক্তাভ দেহ পড়ে থাকতে দেখেন। তার গলার নলি এবং হাতের শিরা কাটা। ক্ষতবিক্ষত দেহ দেখে ইইচই শুরু হয়। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছয় বারুইপুর থানার আইসির নেতৃত্বে বিশাল পুলিশবাহিনী। বারুইপুর থানার পুলিশ দেহ উদ্ধার করে ময়নাতদন্তে পাঠায়। ওই যুবকের পরিচয় এখনও জানা যায়নি। প্রাথমিকভাবে পুলিশের অনুমান, খুন করা হয়েছে তাকে। পুলিশ ঘটনার তদন্ত করে দেখছে।

স্বেচ্ছাসেবী সংস্থার পক্ষ থেকে টিবি রোগীদের মধ্যে খাদ্য সামগ্রী বিতরণ

বলাইচাঁদ মুখোপাধ্যায়, শিয়াখালা, হুগলি। তারকেশ্বরের স্বেচ্ছাসেবী সংস্থা পরশএব উদ্যোগে এবং তারকেশ্বরের বালিগোড়ি এক নম্বর পঞ্চায়েতের সহযোগিতায় টিবি রোগীদের মধ্যে প্রোটিনযুক্ত খাদ্য সামগ্রী বিতরণ করা হলো। ওই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বালিগোড়ি এক নম্বর পঞ্চায়েতের প্রধান নীরবন্ধু মাটি পঞ্চায়েতের সদস্যবৃন্দ সহ স্বাস্থ্য কর্মীরা। পরশের সম্পাদক শম্পা ঘোষ জানান টিবি রোগীদের শুধুমাত্র ওষুধ খেলেই রোগ সারবে না তাদের প্রয়োজন প্রোটিন যুক্ত খাবার। কিন্তু অনেক রোগী সেরকম সার্মথ্য থাকে না তাই তাদের মধ্যে কিছুটা সহযোগিতা করার উদ্দেশ্যেই আমরা এই খাদ্য সামগ্রী তাদের হাতে তুলে দিলাম। তিনি বলেন অতীতেও আমরা এই কর্মসূচি সংঘটিত করেছি, শুধু তাই নয় এ বিষয়ে রোগীদের মধ্যে সচেতনতা বাড়াতে আমরা বিভিন্ন কর্মসূচি গ্রহণ করি। তিনি জানান এই প্রোটিন যুক্ত খাদ্যদ্রবের তালিকায় ছিল ডাল, সব্যধিন, ডিম,ছাতু সহ বিভিন্ন প্রোটিন যুক্ত খাবার। রোগীদের মধ্যে বিশ্বজি দুলে, লক্ষ্মী ভূমিজ,জহর পাত্র এরা এই খাবার পেয়ে অত্যন্ত খুশি।

রাতের অন্ধকারে ঘোলায় সরস্বতী প্রতিমা ভাঙার অভিযোগ

দূরন্ত বার্তা, বারাসত, ৩১ ডিসেম্বর : রাতের অন্ধকারের সুযোগ নিয়ে সরস্বতী প্রতিমা ভাঙার অভিযোগ। ঘটনাকে কেন্দ্র করে চাঞ্চল্য ছড়াল উত্তর ২৪ পরনালার ঘোলায় বিলকান্দা পঞ্চায়েত এলাকায়। আর্থিক ক্ষতির মুখে মুশিল্লারা। তদন্তে ঘোলা থানার পুলিশ। বছরের শুরুতেই সরস্বতী পূজা। স্বাভাবিকভাবেই মুশিল্লারা ইতিমধ্যেই প্রতিমা তৈরির কাজ শুরু করে দিয়েছেন। ঘোলা থানার অন্তর্গত বিলকান্দা পঞ্চায়েতের অনেকেই প্রতিমা শিল্পের সঙ্গে যুক্ত। স্থানীয়দের দাবি, বিলকান্দা রুক ২-এর লেনিন গড় এলাকায় রাকের অন্ধকারে কেউ বা কারা তাগুব চালাচ্ছে। ভেঙে দেওয়া হচ্ছে তৈরি করে রাখা সরস্বতী প্রতিমা। অভিযোগ, এখনও পর্যন্ত কমপক্ষে ৩৫ টি প্রতিমা ভাঙা হয়েছে। এক একটি মূর্তি তৈরিতে বেশ অনেকটা সময় লাগে। সেখানে একের পর এক মূর্তি ভাঙায় সমস্যায় পড়ছেন শিল্পীরা। প্রচুর টাকার ক্ষতি হচ্ছে, যা স্বাভাবিকভাবেই চিন্তা বাড়চ্ছে। ইতিমধ্যেই এ বিষয়ে ঘোলা থানার লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে। তদন্ত শুরু করেছে পুলিশ। পাশাপাশি মুশিল্লীদের পাশে থাকার আশ্বাস দিয়েছেন স্থানীয় পঞ্চায়েত প্রধান।

পুরি থেকে বাড়ি ফিরে দেখলেন ঘর ফাঁকা, খোয়া গিয়েছে সর্বস্ব



পুরি বেড়াতে গিয়েছিলেন চুঁচড়া পুরসভার ২৩ নম্বর ওয়ার্ডের অন্তারবাগানের বাসিন্দা মানস কুমার মণ্ডল। শনিবার রাতে বাড়ি ফিরে দেখেন বাড়ির আলমারি খোলা, সব কিছু লুণ্ঠণ্ড অবস্থায় পড়ে রয়েছে। পরিবারের সদস্যরা জানাচ্ছেন, শনিবার তাঁদের ক্ষিতরে রাত হয়ে গিয়েছিল। যখন ঘরে ঢুকতে যান, দেখেন সদর দরজা হালকা করে ভেজানো রয়েছে। তালা ভাঙা। দেবেই রুকটা ছা্য করে উঠেছিল। ঘরে ঢুকে দেখেন আলমারির লকার ভাঙা। জামা কাপড়, সব কিছু লুণ্ঠণ্ড অবস্থায় ঘরের মেঝেতে পড়ে রয়েছে। নগদ টাকা সহ সোনার গহনা চুরি গিয়েছে বলে জানান বাড়ি মালিক । পরিবারের সদস্যদের চিকারেই ছুটে আসেন স্থানীয় স্থানীয় বাসিন্দা। খবর দেওয়া হয় চুঁচড়া থানার পুলিশকে। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে। খবর পেয়ে বাড়িতে যান স্থানীয় কাউন্সিলর দিব্যেন্দু অধিকারী। তিনি বলেন, চুরি হয়েছে ফাঁকা বাড়িতে তদন্ত শুরু করেছে পুলিশ। বাড়ির মালিক বলেন, ১০ দিনের জন্য গিয়েছিলাম। ফিরে এসে দেখি এই অবস্থা। ঘরের সবদিক লুণ্ঠণ্ড ছিল। ভয়ঙ্কর পরিস্থিতি। এরকম পরিস্থিতিতে আতঙ্কিত পাড়ার বাসিন্দারাও এক প্রতিবেশী বলেন, জমজমাট পাড়া। তার মধ্যেই কখন এভাবে চুরি হয়ে গেল, বোঝাই যাচ্ছে না। আমরা সবাই আতঙ্কিত।

দূরন্ত বার্তা, চুঁচড়া, ৩১ ডিসেম্বর : বছর শেষের ট্রিপা পরিবারের পুরি বোাতে গিয়েছিলেন। বাড়ি ফিরে দেখলেন ঘর ফাঁকা। খোয়া গিয়েছে সর্বস্ব। বাড়ি ফিরে নিঃশ্ব চুঁচড়ার অন্তারবাগানের মণ্ডল পরিবার। দিন দশেক আগে পরিবার নিয়ে

জেনারেল ম্যানেজার হাওড়া ময়দান থেকে এসপ্ল্যানেড স্ট্রেচ অব ইস্ট-ওয়েস্ট মেট্রো করিডোর পরিদর্শন করেছেন

কলকাতা, ৩১ ডিসেম্বর : শ্রী পি. উদয় কুমার রেড্ডি, জেনারেল ম্যানেজার, মেট্রো রেলওয়ে, হাওড়া ময়দান থেকে ইস্ট-ওয়েস্ট মেট্রো করিডোর (প্রিন লাইন) এর এসপ্ল্যানেড প্রসারিত আজ অর্থাৎ ৩১.১২.২০২৩ তারিখে পরিদর্শন করেছেন। এই পরিদর্শনের সময়, কলকাতা মেট্রো রেল কর্পোরেশন লিমিটেডের (কেএমআরসিএল) উর্ধ্বতন কর্মকর্তাদের পাশাপাশি মেট্রো রেলের অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তারা তাঁর সঙ্গে ছিলেন। শ্রী রেড্ডি হাওড়া ময়দান মেট্রো স্টেশন থেকে আজকের পরিদর্শন শুরু করেছেন। তিনি একটি মেট্রোতে হুগলি নদীর তলদেশে এসপ্ল্যানেড মেট্রো স্টেশন পর্যন্ত ভ্রমণ করেছিলেন। শ্রী রেড্ডি এসপ্ল্যানেড স্টেশনে সমস্ত যাত্রী সুবিধা এবং কাজের অগ্রগতি পরিদর্শন করেছেন

কারণ এই স্ট্রেটচটি চালু হওয়ার জন্য প্রস্তুত। হাওড়া ময়দান থেকে এই স্টেশনগুলির বায়ুচাচল এবং শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা। শ্রী রেড্ডি



এসপ্ল্যানেড পর্যন্ত সমস্ত ভূগর্ভস্থ স্টেশনগুলির কাজের অগ্রগতি মূল্যায়ন করার সময়, তিনি যাত্রী সুবিধাগুলিও পরিদর্শন করেছিলেন,

কাজের অগ্রগতি দেখে সন্তোষ প্রকাশ করেন এবং সকলকে সমন্বীভাব মন্থো সমস্ত মূল্যবত্ব কাজগুলি সম্পন্ন করার পরামর্শ দেন।

ঐতিহ্য হারাচ্ছে তেলিয়ামুড়ার বড়মুড়া ইকো পার্ক, পর্যটন ও বন দফতরের বিরুদ্ধে উদাসীনতার অভিযোগ

তেলিয়ামুড়া, ৩১ ডিসেম্বর : পর্যটন দপ্তর ও বনদপ্তরের উদাসীনতায় ঐতিহ্য হারাচ্ছে খোয়াই জেলার তেলিয়ামুড়া বড়মুড়া ইকো পার্ক। যার সরাসরি প্রভাব পরিলক্ষিত হল বছরের শেষ দিকে। অসম আগরতলা জাতীয় অভয়ারণ্য পাশে বড়মুড়া ইকোপার্ক এক সময় ছিল ভ্রমণপিপাসুদের অন্যতম পর্যটনের আকর্ষণ। ডিসেম্বরের শেষ দিকে এবং জানুয়ারিতে উপচে পড়তো ভ্রমণপিপাসুদের ভিড়। কিন্তু পর্যটন দফতরের উদাসীনতায় বর্তমানে এই স্থানটি গরিমা হারাচ্ছে এবং এ বছর বিরাট ভাটা পড়েছে বড়মুড়া ইকো পার্কে আসা পর্যটকের সংখ্যায়ও

এই ইকো পার্কে কয়েক বছর আগে ত্রিপুরার পর্যটন দপ্তর থেকে বড়মুড়া ইকোপার্কে ৫ টি কাঠের লগহাট তৈরি করা হয়েছিল। কিন্তু সঠিক রক্ষণাবেক্ষণের অভাবে এই কাঠের লগহাটগুলি বর্তমানে কার্যত ভঙ্গুর অবস্থায় সম্পূর্ণ বন্ধ হয়ে পড়েছে। ফলে বড়মুড়া ইকোপার্কে আসা পর্যটকদের আনন্দে ভাটা পড়ছে। এনিয়ে পর্যটকরাও সংবাদ মাধ্যমের মুখোমুখি হয়ে দপ্তরের বিরুদ্ধে ক্ষোভ উগরে দেন। এই বড়মুড়া ইকোপার্কের থাকা একমাত্র খাবার দোকানটিও বর্তমানে বেহাল অবস্থায় পড়ে রয়েছে। এই খাবার দোকানটিও মেরামত করে পুনরায়

সঠিকভাবে চালু করার কোন উদ্যোগ নেই সস্ঠিষ্ট দপ্তরের। অন্যদিকে, বড়মুড়া ইকোপার্কে বনদপ্তরের দুটি লগহাট রয়েছে। তেলিয়ামুড়া বনদপ্তরের আধিকারিকদের বক্তব্য বনদপ্তরের ওই দুইটি লগহাট শুধুমাত্র ভিআইপিদের জন্য বরাদ্দ। কিন্তু রবিবার দিন ইকোপার্কে গিয়ে প্রত্যক্ষ করা যায় যে, বনদপ্তরের অফিসার-বাবুদের আস্থীয়-স্বজন এবং বন্ধু বান্ধবদের জন্য আমোদ-প্রমোদের জায়গা ওই দুটি লগহাট। ফলে সাধারণ মানুষ এবং ভ্রমণপিপাসুরা এই ইকো পার্কে থেকে মুখ ফিরিয়ে নিচ্ছেন।

ত্রিপুরা সরকার উন্নত শিক্ষা পরিকাঠামো গড়ে তোলার লক্ষ্যে কাজ করছেঃ মুখ্যমন্ত্রী

আগরতলা, ৩১ ডিসেম্বর : ছাত্রছাত্রীরা গুণগত শিক্ষায় শিক্ষিত হলেই দেশ উন্নত হবে। ত্রিপুরা সরকার উন্নত শিক্ষা পরিকাঠামো গড়ে তোলার লক্ষ্যে কাজ করছে। রবিবার আগরতলার কাছে সূর্যমনিগর দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ের নতুন ভবনের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর ডা. মানিক সাহা এ কথা বলেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, মাত্র কিছু দিনের মধ্যে সূর্যমনিগর দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ের এই ভবনটি নির্মাণ করা হয়েছে। বিদ্যালোজিত প্রকল্পের আওতায় এই বিদ্যালয় রাজ্যের অন্যান্য আধুনিক বিদ্যালয় থেকে কোনও অংশে কান নয়। রাজ্যে জাতীয় শিক্ষানীতি সহ মিশন বিদ্যালোজিত প্রকল্প চালু করা হয়েছে। বর্তমান সরকার ক্ষমতায় এসে গুণগত শিক্ষার প্রসারে রাজ্যে এনসিআরটি পাঠ্যক্রম চালু করেছে।

তাছাড়া বছর বাঁচাও প্রকল্প ও বন্দে ত্রিপুরা নামক একটি শিক্ষামূলক চ্যানেল চালু করা হয়েছে। ছাত্রছাত্রীদের শিক্ষায় আগ্রহী করে তুলতে সুপার-৩০, নিপুণ ত্রিপুরা প্রকল্প, বিদ্যা সেতু মিডিল, অঙ্গণওয়াডি কেন্দ্রে মুকুল কর্মসূচি ও বৃত্তিমূলক শিক্ষা চালু করা হয়েছে। মুখ্যমন্ত্রী বলেন, বর্তমান প্রজন্ম আগামী দিনের ভবিষ্যৎ। আজকের ছাত্রছাত্রীদের হাতেই আগামী দিনে দেশের ও রাজ্যের দায়িত্ব থাকবে। বর্তমান কেন্দ্রীয় ও রাজ্য সরকার আগামী প্রজন্মের উজ্জ্বল ভবিষ্য গাার লক্ষ্যে কাজ করছে। রাজ্যে দিব্যঙ্গজ্ঞ ছাত্রছাত্রীদের জন্যও রাজ্য সরকার বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছে। রাজ্যের ছাত্রছাত্রীদের এখন বহিঃ রাজ্যে গিয়ে পড়ার মানসিতাও সৃষ্ট পেয়েছে। রাজ্যেই এখন উন্নত শিক্ষাব্যবস্থা গড়ে উঠছে।

গোজু-রিও ক্যারাটের শীতশিবির অনুষ্ঠিত হোল ওড়িশার চাঁদিপুরে

বনস্পতি দে, চাঁদিপুর, ৩১ ডিসেম্বর : পূর্ব ভারতের বুড়ো একাডেমি অফ ক্যারাটে-ডো এবং ইন্টারন্যাশনাল মেইবুকান গোজু- রিও ক্যারাটে সংস্থার ফুয়ুমিচি শীতকালীন ক্যারাটে প্রশিক্ষণ শিবির ও বেল্ট প্রেডিং পরীক্ষা আয়োজিত হলো ২৫ থেকে থেকে ২৮ডিসেম্বর ওড়িশার চাঁদিপুরে। এই ফুয়ুমিচি বা শীতকালীন শিবির অনুষ্ঠিত হয়ে থাকে প্রতি বছর পূর্ব নির্ধারিত বিভিন্ন স্থানে। হাওড়া, মন্দারমণি এবং পুরুলিগিরি এর এই বছর রাজ্যের বাইরে এই শিবির আয়োজিত হলো। কলকাতা, হাওড়া, রানাতাচাঁদ শিবির বুড়ো একাডেমি ইন্ডিয়ার তিনজন প্রশিক্ষক সহ মোট প্রশিক্ষণ ছাত্র-সদস্য এই শিবিরে অংশগ্রহণ করে। সমগ্র শিবির পরিচালনা করেন ক্যারাটে প্রশিক্ষক সেননী সমরজি মল্লিক। অনুষ্ঠানে সকল যোগদানকারিকে একাডেমীর পক্ষ থেকে ট্র্যাকসুট দিয়ে বরণ করা হয়। এই বছর জাপানের সেইকেন-কাই ক্যারাটে সংস্থার দক্ষিণ এশীয় প্রধান শিহান সুমিত ব্যানাজী অতিথি প্রশিক্ষক হিসাবে শিবিরে উপস্থিত থাকেন এবং ফুল কন্সট্যান্ট ক্যারেটের প্রশিক্ষণ দেন। শিবিরে জাপানি মার্শাল আর্ট



শিক্ষার খুঁটিনাটি যেমন কিহন (বেসিক), দাচি (পদক্ষেপ), কাতা (ফর্ম), কুমিতে (কমব্যাট), কোবুডো (হাতিয়ার শিক্ষা) এবং রেফারি শিক্ষার প্রশিক্ষণ দেওয়া হয়। শিহান সুমিত ব্যানাজি সমুদ্রতটে জাপানি ফুলকন্সট্যান্ট ক্যারাটে এবং আধুনিক জাপানি সাবাবিক ক্যারাটের বিশেষ কলা কৌশল প্রশিক্ষণ দেন। অনুশীলন শেষে নিঃশব্দ কিচি বেল্ট প্রেসোনে পরীক্ষা- প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। শিক্ষার্থী শ্রীমণী ব্যানাজী, ঋষভ কুমার ব্যানাজী, ডাঃ সুভম তরফদার, গোপাল মজুমদার অসাধারণ দক্ষতায় সফলভাবে উত্তীর্ণ হন পরীক্ষায় এবং ডাবল প্রমোশন পেয়ে পুরস্কৃত হন। শিবির শেষে শিক্ষার্থীদের অংশগ্রহণের অভিজ্ঞানপত্র এবং সকল প্রশিক্ষককে স্মারক দিয়ে সংবর্ধিত করেন শিহান সুমিত ব্যানাজী। সকল সদস্যের ধনিতোটে সংস্থার নব নির্বাচিত সচিব নিয়ুক্ত হন সেনসি সমরজি মল্লিক, শ্রী অভিজিৎ সরকার প্রশিক্ষক এবং সহকারী প্রশিক্ষক নির্বাচিত হন যথাক্রমে শ্রীমণী এবং ঋষভ কুমার ব্যানাজী। সায়োনারা অনুষ্ঠানের মাধ্যমে বিপুল করতালির মাধ্যমে শিবিরের সমাপ্তি ঘোষণা করা হয়।

উত্তর কণকাতায় কিছু দেওয়ালে নজরকাড়া পোস্টার

দূরন্ত বার্তা, কলকাতা, ৩১ ডিসেম্বর : উত্তর কলকাতার শ্যামবাজার অঞ্চলে বেশ কিছু দেওয়ালে এই ধরনের পোস্টার দেখতে পাওয়া গেল আজ সকালে পোস্টার গুলিতে কোন ধরনের পাটি কোন সংগঠনের নাম নেই কেইবা কখন এই পোস্টার গুলোকে দেওয়ালে লাগিয়ে দিয়ে গেছে সেটা এই সময় স্পষ্ট নেই কিন্তু এই পোস্টার যে ফলে কীতুলল শুরু হয়ে গিয়েছে রাজনীতির মহলে ।

বিড়লা মন্দিরের কাছে ভয়াবহ দুর্ঘটনা

দূরন্ত বার্তা, কলকাতা, ৩১ ডিসেম্বর : ভোর ৬টায় বিড়লা মন্দিরের কাছে ভয়াবহ দুর্ঘটনা। দুর্ঘটনার জেরে ফুটপাথের উপর উঠে গিয়েছে গাড়ি।খুলে গিয়েছে এয়ারব্যাগ। বালিগঞ্জ ফাঁড়ি থেকে সেভেন পয়েন্টের দিকে যাওয়ার সময় দুর্ঘটনা বলে মনে করা হচ্ছে। দুটি বিলাসবহুল গাড়িতে ফিরছিল বন্ধুরা। তারই একটা দুর্ঘটনার কবলে। দুর্ঘটনার কবলে পড়া গাড়িতে ছিল ৪ বন্ধুরা। ঘটিনার পর ৪ বন্ধুই অন্য গাড়িতে করে চলে যায়। গাড়িচালাছিল সেই ৪ বন্ধুরই একজন। জানা গিয়েছে, পুলিশ সিসিটিভি খুলে চেক করবে। কি কারণে দুর্ঘটনা তাও জানার চেষ্টা চলছে। তীব্র গতিতে কাশে দুর্ঘটনা কিনা তাও খতিয়ে দেখছে। এই মুহুরেতে স্পটে পুলিশ ও সার্জেন্ট।

কল্যাণের নেতৃত্বে মহামিছিল হাওড়ার বাকড়ায়



শ্রেয়া আদক,হাওড়া, ৩১ ডিসেম্বর : কসেবকদিন আগেই ডোমজুড়ের ভূগমূল বিধায়ক কল্যাণ ঘোষের বিরুদ্ধে সলপ এলাকায় পোস্টার পড়েছিল। এর প্রতিবাদে রবিবার দুপুরে বাকড়া তিন নম্বর অঞ্চল ভূগমূল কংগ্রেসের তরফ থেকে এক মহামিছিলের আয়োজন করা হলো কল্যাণ ঘোষের নেতৃত্বে। কল্যাণবাবু জানান, কেন্দ্রীয় সরকারের বঞ্চনার প্রতিবাদে এবং ১০০ দিনের কাজ ও আবাস যোজনার টকার দাবিতে এই মহামিছিল। এরসথে আমাদের দলের নেতা কর্মীদের বিরুদ্ধে বিদ্রোহীরা যেভাবে কুসা অপপ্রচার করছে তার বিরুদ্ধেও আমাদের এই মহামিছিল। কসেবকদিন আগে কে বা কারা রাতের অন্ধকারে পোস্টার লাগিয়ে আমাদেরও হেনস্থা করতে চেয়েছিল তার প্রতিবাদেও আমাদের এদিনের এই মহামিছিল। এদিনের মহামিছিলে কয়েক হাজার কর্মী সমর্থক উপস্থিত ছিলেন।

উল্বেড়িয়া স্টেডিয়াম মাঠ পরিদর্শন করলেন পূর্তমন্ত্রী

দূরন্ত বার্তা, উল্বেড়িয়া, ৩১ ডিসেম্বর : উল্বেড়িয়া স্টেডিয়াম মাঠে সংস্কারের কাজ সরেজমিনে পরিদর্শন করলেন রাজ্যের জনস্বাস্থ্য কারিগরি ও পূর্তমন্ত্রী পুলক রায়, সঙ্গে ছিলেন উল্বেড়িয়া পৌরসভার পৌরপ্রধান অভয় কুমার দাস, উপপৌরপ্রধান দেখ ইন্দ্রানুর রহমান, চেয়ারম্যান ইন কাউন্সিল সেন আকবর আলি প্রমুখ।

হুগলির সিঙ্গুরে এসবিএসটিসির বাস দুর্ঘটনার কবলে, আহত ৬ ছাত্রী

দূরন্ত বার্তা, সিঙ্গুর, ৩১ ডিসেম্বর : কলকাতা থেকে বর্ধমানগামী এসবিএসটিসির বাস দুর্ঘটনার কবলে আহত ৬ ছাত্রী। খটনাটি ঘটেছে হুগলির সিঙ্গুরে ইন্দ্রখালি এলাকায়। রবিবার বেলা তিনটে নাগাদ দুর্ঘটনাটি ঘটেছে। আহতদের উদ্ধার করে হাসপাতালে ভর্তি করা হয়েছে। জানা গিয়েছে, কলকাতা-বর্ধমানগামী বাসটি বেলা ২টো নাগাদ কলকাতা থেকে ছাড়ে বর্ধমানের উদ্দেশ্যে। সিঙ্গুরের ইন্দ্রখালি এলাকায় জাতীয় সড়কের ওপর আচমকই বাসের সামনে থাকা একটি গাড়ি গতি কমিয়ে দেয়। তাতেই নিয়ন্ত্রণ হারিয়ে ফেলেন বাসের চালক। পেছনে থাকা সরকারি বাসটি গতি কমালেও দুর্ঘটনা এড়াতে সক্ষম হয়নি। সামনের গাড়িটিকে ধাক্কা মারে। গাড়িটির ডানদিকের কাচ ভেঙে যায়। গাড়ির পিছনের অংশও দুমড়ে মুচড়ে যায়। হঠাৎ ঝাঁকুনিতে বাসে থাকা প্রায় ৫০ জন যাত্রীরই অঙ্গবিস্তার চেষ্টা লাগে। তাদের মধ্যে ৬ জনের আঘাত গুরুতর। কারোর মাথা, কারোর কপাল,কারোর টোঁট ফেটে গিয়েছে। আহত যাত্রীদের হাসপাতালে পাঠানো হয়। বাকি যাত্রীদের বর্ধমানমুখী অন্য গাড়িতে তুলে বর্ধমানের উদ্দেশ্যে পাঠানো হয়। বাসের চালক বলেন, রাস্তায় একটি গাড়ি হঠাই ব্রেক কষে। আমি গাড়ি থামাবার অনেক চেষ্টা করি। তা সত্ত্বেও গাড়িটির পিছনে ধাক্কা লেগে যায়। আমি পুলিশকে বিষয়টা জানিয়েছি। বাসের যাত্রী বলেন, আমরা বর্ধমান যাচ্ছিলাম। আগে একটা গাড়ি হঠা দাঁড় করিয়ে দেয় তারপরই ধাক্কা লাগে। এরফলে অনেকেই আঘাত লেগেছে। তবে স্থানীয় বাসিন্দা ও নিতা যাত্রীরা অভিযোগ করেনে, এসবিএসটিসি-র বাসগুলোর গতি সাধারণের থেকে অনেকটাই বেশি থাকে। জাতীয় সড়কের ওপর দিয়ে বড়ের গতিতে ছুটতে থাকে গাড়ি।

পুলিশের মারে

দূরন্ত বার্তা, মালদা, ৩১ ডিসেম্বর : পুলিশের বিরুদ্ধে গুন্ডাগিরির অভিযোগ। অভিযোগ তুললেন বিজেপির যুব মোর্চার রাজ্য সভাপতি তথা বিধায়ক হিরণ চট্টোপাধ্যায়। পুরাতন মালদার সেতু মোড়ে সাংবাদিক বৈঠকে পুলিশকে আক্রমণ করেন তিনি। গত, ২৫ ডিসেম্বর গাজলের শহীদপুর মোড়ের বাড়ি থেকে যুব মোর্চার জেলার সাধারণ সম্পাদক প্রশান্ত মহাতাকে মোটর বাইক চুরির অপবাদ দিয়ে তার উপরে অমানুষিক অত্যাচার চালায় পুলিশ বলে অভিযোগ। অভিযোগ, পুলিশের মারে অচৈতন্য হয়ে পড়লে গাজল গ্রামীণ এক হাসপাতালে তাকে ভর্তি করানো হয়। তবে সরকারি হাসপাতালে শারীরিক নির্যাতনের কথা উল্লেখ থাকলেও পুলিশের নাম লেখা হয়নি বলে সরব হন হিরণ। এদিন প্রশান্তকে পাশে নিয়ে পুলিশের বিরুদ্ধে আন্দোলনের হুঁশিয়ার দেন তিনি। মৌরি বস্ত্রিক চুরির অপবাদ দিয়ে দলীয় নেতাকে মিথ্যে অপবাদ দিয়ে মারধরের অভিযোগ তুলে পুলিশকে ‘গুন্ডা’ বলে আক্রমণ করেন বিজেপির যুব মোর্চার রাজ্য সভাপতি হিরন চট্টোপাধ্যায়। শনিবার রাতে পুরাতন মালদার সেতু মোড়ের এক হোটেল আক্রান নেতা প্রশান্ত মহাতাকে সঙ্গে নিয়ে সাংবাদিক বৈঠক করেন তিনি। তিনি বলেন, তৃণমূলের গুন্ডা এখন নেই। তাই পুলিশ গুন্ডার মতো কাজ করছে। আমরাও এর কাছে নৃশংস ভাবে থানায় পুলিশ মারধর করছে। এরই প্রতিবাদে আমরা আগামীতে আন্দোলন করব।

পুলিশের ম্যারাথন

দূরন্ত বার্তা, বাবুরঘাট, ৩১ ডিসেম্বর : দক্ষিণ দিনাজপুরে জেলা পুলিশের তরফে বাবুরঘাটে ম্যারাথনের আয়োজন করা হল। সেক ড্রিভিভ সেভ লাইফ কর্মসূচিকে সামনে রেখে রবিবার সকালে বাবুরঘাট স্টেডিয়াম চত্বর থেকে এই ম্যারাথনের শুভ সূচনা করা হয়। এয়ার গান ফাটিয়ে দেড়ে শুভ সূচনা করেন মালদা রেঞ্জের ডিআইজি প্রসন্ন বন্দ্যোপাধ্যায় ও জেলা শাসক বিজিন কৃষ্ণা। এছাড়াও উপস্থিত ছিলেন জেলা পুলিশ সুপার চিন্ময় মিস্তাল। এছাে অন্যান্য আধিকারিকরা। এদিনের ম্যারাথনে প্রায় ১৫০০ প্রতিযোগী অংশগ্রহণ করেছে। পুরুষদের পাশাপাশি মহিলারাও এই ম্যারাথন প্রতিযোগিতায় সমানভাবে অংশগ্রহণ করেছেন। মোট দশ কিলোমিটার ম্যারাথন জয়ীদের পুরস্কৃত করে দক্ষিণ দিনাজপুর জেলা পুলিশ। পাশাপাশি পুরুষদের মধ্যে প্রথমকে ২৫ হাজার, দ্বিতীয়কে ১৫ হাজার টাকা ও তৃতীয়কে ১০ হাজার টাকা টিক একই ভাবে মহিলা বিভাগের প্রথম তিনজনকে পুরস্কৃত করা হয়।

সারপ্রাইজ ভিজিট

দূরন্ত বার্তা, আসানসোল, ৩১ ডিসেম্বর : বর্ষবরণের আগে পথ দুর্ঘটনা রূপতে সারপ্রাইজ ভিজিট চালালো আসানসোল-দুর্গাপুর পুলিশ কমিশনারগণ। আসানসোল দক্ষিণ থানার পুলিশ এবং ট্রাফিক পুলিশের যৌথ উদ্যোগে আসানসোলের ভগৎ সিং মোড়ে ‘ড্রাইভেন ড্রাইভ’ চালাানো হয়েছে। অর্থাৎ মদ্যপ অবস্থায় কেউ গাড়ি চালাচ্ছেন কি না তা দেখতে মেনিন দিয়ে পরীক্ষা করা হয়েছে। এদিন মোটরবাইক এবং গাড়ি চালকদের মেশিনের মাধ্যমে পরীক্ষা করা হয়েছে। উপস্থিত ছিলেন আসানসোল-দুর্গাপুর পুলিশ কমিশনারদেরটের এসিপি সেন্ট্রাল দেবরাজ দাস, আসানসোল দক্ষিণ থানার আইসি কৌশিক কুন্ডু সহ অন্যান্য পুলিশ আধিকারিকরা। পুলিশের এই উদ্যোগকে সাধুবাদ জানিয়েছেন আসানসোলবাসী।

নীলবাতির গাড়িতে সহকারী সভাধিপতি

দূরন্ত বার্তা, শিলিগুড়ি, ৩১ ডিসেম্বর : ভেড়ারের জীবনযাপন তিনি পছন্দ করেন না। ভিডিআইপি কালচার তার স্বভাবে নেই। সাধারণ মানের জীবনেই অভ্যস্ত তিনি। তাই সাধারণ মানুষের মধ্য দিয়েই করেন যাতায়াত। একেবারে ছাপোষা জীবনযাপন করলেও তিনিই জননেত্রী। তিনি বাংলার প্রথম মহিলা মুখ্যমন্ত্রী। হ্যাঁ, তিনি মমতা বন্দ্যোপাধ্যায়। অথচ তাঁর দলেরই শিলিগুড়ি মহকুমা পরিষদের সহকারী সভাধিপতির গাড়িতে জ্বলছে নীলবাতি। সেই গাড়ি নিয়ে দিব্য ঘুরছেন তিনি। শিলিগুড়িতে এই নীলবাতির গাড়িতেই তৈরি হয়েছে বিতর্ক। মহকুমা পরিষদের সহকারী সভাধিপতি গাড়িতে নীলবাতি ব্যবহার করতে পারেন? উঠছে প্রশ্ন। শুক হয়েছে আলোড়ন। এদিকে শিলিগুড়ি মহকুমা পরিষদের বিত্তরী়র পঞ্চায়েত নির্বাচনে আদিবাসী সম্প্রদায় থেকে রাজনীতির আগ্রাসন এসেছেন আদিবাসী রোমা রেশমি এক্সা। মহকুমা পরিষদের বেশিরভাগ এলাকা আদিবাসী আধ্বাধিক। আঞ্চলিক ভাষাতেই সিনেমা করে জনপ্রিয় হয়ে ওঠেন রোমা রেশমি। এই রোমকে রাজনীতির প্রাতিক্ষণে নিয়ে এসেছে তৃণমূল কংগ্রেস। আর তারাই বাসেদের দুর্গ ভেঙে বিপুল ভোটের ব্যবধানে শিলিগুড়ি মহকুমা পরিষদ দলগুলি ধরে তৃণমূল কংগ্রেস। মহকুমা পরিষদের সহকারী সভাধিপতি হয়ে যান রোমা। সেই রোমা নীলবাতির গাড়ি চড়ে ঘুরে বেড়ানো প্রশ্ন উঠতে শুরু করেছে জনমানসে। অন্যদিকে যে দলের সঙ্গেই নেত্রী সাধারণ জীবনযাপন করেন সে দলের আর এক নেত্রীর এমন লজাফেরা যেমানা। নীলবাতির গাড়ি চড়া নিয়ে বাসেদের প্রাক্তন মহকুমা পরিষদের সভাধিপতি তাপসকুমার সরকার বলেন, কলকাতা হাইকোর্টের স্পষ্ট নির্দেশ রয়েছে

পার্কিংয়ের নাম করে জাতীয় সড়কের পাশে চোরাই তেলের রমরমা কারবার

দূরন্ত বার্তা, দুর্গাপুর, ৩১ ডিসেম্বর : দুর্ঘটনার পরও হুঁশ ফেনেনি। পার্কিং ব্যাবসার নামে ঝুঁকি নিয়ে চলছে অবৈধভাবে জ্বালানি তেল মজুত। ঝুপড়ি ঘর করেই গড়ে উঠছে আশ্র্য একটা তেলের ডিপো। এমনই ছবি ধরা পড়ল কাকসার রাজবাঁধে রাষ্ট্রায়ত্ত ইন্ডিয়ান অয়েল ডিপোর ঢিলছোঁড়া দূরত্বে। প্রশ্ন উঠেছে, এক্সপ্লোসিভ বিভাগের নজরদারিতে। প্রসঙ্গত, কয়েকদিন আগেই পানাগড়-মোড়গ্রাম রাজ্য সড়কের ওপর রাজবাঁধে ট্যাক্সার থেকে জ্বালানি তেল চুরির খবর তুলে বলা হয়েছিল। এবার অগ্নি নির্বাপক ও বিস্ফোরক বিভাগের অনুমতিকে বুড়ো আঙ্গুল দেখিয়ে হাজার হাজার লিটার চোরাই জ্বালানি তেল মজুত করে বিক্রির রমরমা কারবার। ১৯ নং জাতীয় সড়কের ওপর রাজবাঁধে রয়েছে রাষ্ট্রায়ত্ত ইন্ডিয়ান অয়েল, হিন্দুস্থান পেট্রোলিয়াম, ভারত পেট্রোলিয়ামের তেল ডিপো। তার ঠিক উল্টো দিকে ঢিলছোঁড়া দূরত্বে ব্যাঙের ছাতার মতো গজিয়ে উঠেছে ট্যাক্সার পার্কিংয়ের নামে অবৈধ তেলের ডিপো। চালা ধরনের ছাউনি করে ব্যারেল ব্যারেল ডিঙিয়ে। এছাড়াও রাখা হচ্ছে ফাইবার ট্যাক। প্রায় হাজার লিটারের ক্যাপাসিটির ৬-৮টি বিশালাকার ট্যাক রয়েছে। সেখান থেকে বিভিন্ন যানবাহনে ভর্তি করা হয়। এমনই একটি ডিপোয় আচমকা ছবি করতে গিয়ে দেখা যায়, গ্রাহকের জারকিনে ভর্তি করা হচ্ছে। সেখান থেকে গ্রামীন এলাকায় বিভিন্ন ট্রাক্টরে চায়ের কাজের জন্য পাম্পের তেল নিয়ে যায়। তবে অগ্নিনির্বাপন ও বৈধতার প্রশ্ন করতেই পাততাড়ি গোটানো শুরু করে সেখানের কর্মকর্তা। প্রশ্ন করতেই তরুণ পাল নামে ওই কর্মকর্তা বলেন, সবই কেনা তেল। অনেকে গাড়ী আছে। তবে তার কোন কাগজ কিনা। অগ্নিনির্বাপক ব্যবস্থা দেখাতে পারেনি। বৈগতিক বুয়ে ব্যবহৃত লিটার পাঁচপ গুটিয়ে চালা ঘরে ঢুকিয়ে পরাগরপার দেন কর্মকর্তা তরুণ পাল। জানা গেছে, রাজবাঁধ থেকে বেরোনো ট্যাক্সারের তেল কাটিং করে মজুত করা হয়। এছাড়াও ডিপো থেকে চোরা পথে তেল চুরি করে সেখানে মজুত করা হয়। জাতীয় সড়কের পাশে এরকম গোটা দশেক পার্কিংয়ের নামে চোরাই তেল কাটিংয়ের রমরমা কারবার চলে। তবে প্রশ্ন, এসব পার্কিংয়ে কোনরকম অগ্নিপ্রাক্ত ঘটলে, বড়সড় দুর্ঘটনা ঘটার আশঙ্কা রয়েছে। এছাড়াও বায়ুসেনা ছাউনির কয়েক শ মিটার দূরে ওইসব অবৈধ ডিপো।

আয়কর তলব জেলা সভাধিপতিকে

দূরন্ত বার্তা, পূর্ব মেদিনীপুর, ৩১ ডিসেম্বর : লোকসভা ভোট এগিয়ে আসতেই রাজ্যে জোরদার তল্লাশি শুরু করেছে আয়কর দফতর। ইতিমধ্যেই তৃণমূলের একাধিক নেতার বাড়িতে হানা দিয়েছে আয়কর বিভাগ। আর এবার তৃণমূলের আরও এক নেতাকে নোটিশ দিল আয়কর দফতর। পূর্ব মেদিনীপুর জেলা পরিষদের সভাধিপতি তথা বিধায়ক উত্তম বারিককে নোটিশ পাঠিয়েছে আয়কর দফতর। আগামী ৮ জানুয়ারি দুপুর ১২টা নাগাদ আয়কর ভরনে এতে হাজিরা দেওয়ার নির্দেশ দিয়েছে আয়কর বিভাগ। এ নিয়ে শোরগোল পড়ে গিয়েছে পূর্ব মেদিনীপুরের রাজনীতিতে। পূর্ব মেদিনীপুরের জেলা সভাধিপতি তথা পটিশপুরের তৃণমূল বিধায়ক উত্তম বারিকের দুটি সংস্থা রয়েছে। তারা গিয়েছে, সেই সংস্থার আয়কর রিটার্ন জমা করার ক্ষেত্রে গরমিল খুঁজে পেয়েছে আয়কর দফতর। সে ক্ষেত্রে প্রায় এক কোটি টাকার গরমিল হয়েছে বলে অভিযোগ। তার ভিত্তিতে আগামী ৮ জানুয়ারি সব নথি নিয়ে বিধায়ককে হাজিরা দেওয়ার



জন্ম নির্দেশ দিয়েছে আয়কর দফতর। যদিও আয়কর দফতরের নোটিশ এখনও হাতে পাননি বলেই জানিয়েছেন বিধায়ক। তবে তিনি কোনও ধরনের গরমিলের অভিযোগ অস্বীকার করেছেন। তিনি বলেছেন, সমস্ত তথ্য আয়কর দেওয়া আছে। তবে আয়কর বিভাগ যেহেতু জানতে সম্মত্রে তাই সমস্ত তথ্য দেওয়া হবে। সমস্ত হিসাব খতিয়ে দেখা হচ্ছে। আয়কর দফতরের অভিযোগ এক কোটি টাকার হিসেব জমা পড়েনি।

সেই সংক্রান্ত বিষয়ে বিধায়ককে চিঠি পাঠিয়েছে আয়কর দফতর। জানা গিয়েছে, আয়কর রিটার্ন সংক্রান্ত যে গোলামাল রয়েছে তা ২০১৬-১৭ অর্থবর্ষ থেকে ২০২১-২২ অর্থবর্ষ পর্যন্ত। অভিযোগ, এই তিন বছর আয়কর রিটার্ন জমা দেননি বিধায়ক। সে সংক্রান্ত তথ্য চেয়ে পাঠানো হয়েছে। একই সঙ্গে বিধায়ক কি ব্যবসা করেন তার যাবতীয় তথ্যও জমা দিতে বলা হয়েছে। প্রসঙ্গত, লোকসভা ভোট এগিয়ে আসতেই রাজ্যে শাসক দলের একাধিক নেতার বাড়িতে তল্লাশি চালিয়েছে আয়কর। কেন্দ্রীয় সংস্থা নির্ভেআই, ইউি আগে থেকেই সক্রিয় রয়েছে। আর এবার সক্রিয় হয়েছে আয়কর বিভাগ। এর আগে বিষ্ণুপুরের বিধায়ক তন্ময় ঘোষের বাড়িতে অভিযান চালিয়েছিল আয়কর বিভাগ। তার আগে সাগরদেবীর বিধায়ক বারাকীর বিশ্বাসে বাড়িতে আয়কর বিভাগ অভিযান চালিয়েছিল। আয়কর সংক্রান্ত বিভিন্ন ক্রটির অভিযোগকে ঘিরে তল্লাশি চালিয়েছে আয়কর বিভাগ। আর এবার তৃণমূলের আরও এক বিধায়ককে তলব করা হল।

কুয়াশার দাপট

দূরন্ত বার্তা, জলপাইগুড়ি, ৩১ ডিসেম্বর : বছরের শেষ দিনে রবিবার সকাল থেকে কুয়াশার দাপট দেখা গেল। জলপাইগুড়ির ধূপগুড়ি সহ তুয়ার্পে। সেইসাথে চলছে শীতল উত্তরে হাওয়া। ফেরাকপে রীতিমতো শীতের আমেজ পড়েছে। উল্লেখ্য, ডিসেম্বর মাসের প্রথম ও দ্বিতীয় সপ্তাহে কিছুটা কুয়াশা ও শীত পড়লেও তারপর শীত ও ঠান্ডার দাপট দেখা যায়নি। বরং দুপুরে কিছুটা উত্তর হলে রৌদ্রের দাপট। আর অবশেষে বছরের শেষ দিনে ফের কুয়াশা ও শীতের দাপট। সেইসাথে বইছে শীতল হাওয়া। বছরের শেষ দিনে যে শীতেরে দাপট হতে পারে তার আভাস মিলেছিল গতকাল রাতেই। আর এদিন সকাল থেকে শীতল হাওয়া ও কুয়াশার কারণে প্রয়োজন ছাড়া মানুষ ঘর থেকে বের হননি। প্রাতঃস্নান কারীরা সকলের দিকে ভিড় জমাচ্ছেন চায়ের দোকানে। আর ফের শীত পড়ায় রীতিমতো খুশি সবলেই। পাশাপাশি দূরপাল্লার যানবাহনগুলি লাইট জালিয়ে ধীর গতিতে চলছে।

শুরু সবলা মেলা

দূরন্ত বার্তা, কাটোয়া, ৩১ ডিসেম্বর : পূর্ব বর্ধমান জেলা সবলা মেলার শুভ উদ্বোধন হলো কাটোয়া কে ডি আই স্কুলের মাঠে। মেলার উদ্বোধন করলেন রাজ্যের মন্ত্রী শশী পাঁজা। উপস্থিত ছিলেন মন্ত্রী স্বপন দেবনাথ, কাটোয়ার বিধায়ক রবীন্দ্রমিত্র চ্যাটার্জী, পূর্ব বর্ধমান জেলা পরিষদের সভাধিপতি শ্যামা প্রসন্ন লোহার, সহ-সভাপতি গাণী নাথ, কাটোয়ার মহকুমাশাসক অর্চনা পি খেটে, সাংসদ সুনীল মণ্ডল, বিধায়ক শম্পা ধাড়া, বিধায়ক অপূর্ব চৌধুরী সহ অন্যান্যরা। জেলার সবলা মেলা এবারও ওতধরে পড়লো। এই মেলায় ৮৪টি স্টল রয়েছে। জেলার বিভিন্ন রক থেকে স্বনির্ভর গোষ্ঠীর মহিলা তাদের তৈরি জিনিসপত্র নিয়ে হাজির হয়েছে কোটির কো ডি আই স্কুলের মাঠে। মেলার স্টলগুলি ঘুরে দেখেনেন মন্ত্রী শশী পাঁজা। গতবছর মেলা থেকে প্রায় ২৬ লক্ষ টাকার জিনিস কেনা বেচা হয়েছিল। তবে এবছর বেশি টাকার জিনিস কেনা বেচা হবে এমনটাই মনে করছেন উদ্বোধনরা। মেলা রোডের। অনুষ্ঠান দেখতে বহু মানুষ হাজির হয়েছিল মেলার মাঠে।

আউশগ্রামে পর্যটকদের টানছে ময়ূর

দূরন্ত বার্তা, আউশগ্রাম, ৩১ ডিসেম্বর : একসময় পরীক্ষামূলকভাবে ছাড়া হয়েছিল কয়েকটি ময়ূর। পূর্ব বর্ধমানের আউশগ্রামের হেদেগাড়িয়া সংলগ্ন সেই এলাকায় এখন ময়ূরের সংখ্যা বেড়ে হয়েছে ৫০০টিরও বেশি। ওই এলাকা এখন ময়ূরের অবাধ বিচরণক্ষেত্র হয়ে উঠেছে। তা দেখতে দূর দূরান্ত থেকে বহু মানুষ আসেন আউশগ্রামের এই এলাকায়। যার ফলে ধীরে ধীরে পর্যটনের মানচিত্রে জায়গা করে নিচ্ছে এলাকাটি। এই অবস্থায় আউশগ্রামকে ইকো টুরিজম করার চিন্তাভাবনা করছে জেলা প্রশাসন। জানা যাচ্ছে, বর্তমানে এখানে ময়ূর দেখতে পর্যটকদের ভালোই ভিড় হচ্ছে। বিশেষ করে শীতের সময় সেখানে পর্যটকদের ভিড় দেখা যাচ্ছে। যার ফলে অর্থনৈতিক উন্নয়নের ছবিও পালটে যাচ্ছে। স্থানীয়দের দাবি, আগে হেদোগাড়িয়া গ্রাম লগোয়া জঙ্গলে ময়ূর দেখতে দীর্ঘক্ষণ অপেক্ষা করতে হত মানুষকে। এখন মাঝেমধ্যেই দল বেঁধে ময়ূর চলে আসে লোকালয়ে। তা দেখতে এখানে ভিড় করছেন পর্যটকরা। বন বিভাগ সূত্রে জানা গিয়েছে, কয়েক বছর আগে কাকসার দেউল এলাকায় কয়েকটি ময়ূর ছাড়া হয়েছিল পরীক্ষামূলকভাবে। এরপর সেগুলির বংশবিস্তার ঘটে। বর্তমানে

মাওবাদী সন্দেহে

দূরন্ত বার্তা, তুফানগঞ্জ, ৩১ ডিসেম্বর : মাওবাদী সন্দেহে বীরভূ মের ময়ূরেশ্বর থেকে গ্রেফতার সশস্ত্র এক ব্যক্তি ধৃত ব্যক্তির নাম বাবন সুব্রধর (৪৮)। তার বাড়ি ময়ূরেশ্বর থানার বেদিয়া গ্রাম। জানা গিয়েছে, ১২ বছর ধরে ফেরার ছিলেন বাবন। কিন্তু শেরশঙ্কা হল না। গ্রামে আত্মীয়ের বাড়িতে ফিরতেই শনিবার সকালে মাওবাদী যুবককে গ্রেফতার করে পুলিশ। জেলা পুলিশ সূত্রে জানা গিয়েছে, ধৃতের বিরুদ্ধে দেশদ্রোহিতা, এলাকায় সন্ত্রাস-সহ একাধিক অভিযোগ ছিল। সেই সূত্রেই তাকে গ্রেফতার করা হয়েছে। পুলিশ সূত্রে খবর অভিযুক্তের বিরুদ্ধে মর্শিদাবাদর জেলার নওদা থানায় দেশদ্রোহিতার অভিযোগ ছিল। পুলিশও দীর্ঘদিন ধরে তাকে খুঁজছিল বলে খবর। কয়েক দিন আগে তিনি গ্রামে এক আত্মীয়ের বাড়িতে ফিরেছিলেন। স্থানীয় সূত্রে খবর, ফেরার আগে থেকেই শাসকদলের নেতাদের সঙ্গে যোগাযোগ রাখছিলেন তিনি। এদিকে বাবনের গ্রামে ফেরার খবর পেয়ে শনিবার সকালে বাড়ি থিরে ফেলে রামপুরহাট পুলিশ। বিশাল বাহিনীর নেতৃত্বে ছিলেন রামপুরহাটের এসিডিপিও ধীমান মিত্র। বাম আমলে বাবনের বোনকে ধর্ষণ করা হয়েছিল বলে অভিযোগ। তার পাইই প্রতিবাদী হয়ে ওঠেন বাবন। এলাকায় সন্ত্রাস ছড়ানোর অভিযোগ উঠেছিল তাঁর বিরুদ্ধে। এমনকি, পড়শি জেলা মর্শিদাবাদের নওদা থানায় তাঁর বিরুদ্ধে দেশদ্রোহিতার অভিযোগ দায়ের হয়েছিল। গ্রেফতারি প্রসঙ্গে বীরভূমের পুলিশ সূত্রে জানা গিয়েছে, শনিবার বাবনের বাড়ি থিরে অস্ত্র-সহ বাবন সুব্রধরকে গ্রেফতার করা হয়। বহুদিন ধরেই ওকে খুঁজছিল পুলিশ। গতকে রবিবার রামপুরহাট মহকুমা বিশেষ আদালতে তোলা হলে তাকে পাঁচ দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দেন। অন্যান্য যে সমস্ত খায়ায় ওর নামে মামলা রয়েছে তাদেরও নোটিশ দেওয়া হবে বলে জানিয়েছে পুলিশ।

উচ্ছেদ অভিযান

দূরন্ত বার্তা, নদীয়া, ৩১ ডিসেম্বর : সরকার জায়গায় গড়ে ওঠা অবৈধ নির্মাণের উচ্ছেদ অভিযান শুরু করলো বিজেপি পরিচালিত পঞ্চায়েত। রবিবার নদীয়ার ফুলিয়া টাউনশিপে বিজেপি পরিচালিত পঞ্চায়েতের পক্ষ থেকে শুরু হয় এই অভিযান। বেশ কয়েকটি সরকারি জায়গায় তৈরি হয়েছিল চার চাকা গাড়ি রাখার টিনের সেড, সেগুলি বুলডোজার চালিয়ে ভেঙে দেওয়া হয়। এই অভিযানে উপস্থিত ছিলেন ফুলিয়া পঞ্চায়েত সমিতির সহ-সভাপতি চঞ্চল চক্রবর্তী। উচ্ছেদ অভিযানের মধ্যে দিয়ে বিজেপির প্রধান বলেন, সরকারি জায়গাগুলিকে বেআইনিভাবে দখল করে রাখা হয়েছিল। তাদের বারংবার নোটিশ করা হয়েছিল, কিন্তু পঞ্চায়েতের কথায় কর্পাত করা হয়নি। তাই পঞ্চায়েতের তরফ থেকে উচ্ছেদ অভিযানের সিদ্ধান্ত নিয়েছেন তারা। তবে এই কর্মসূচি এখন থেকে লাগাতার চলেবে বলে জানিয়েছেন পঞ্চায়েত প্রধান।

বৃক্ষের রহস্যমৃত্যু

দূরন্ত বার্তা, নদীয়া, ৩১ ডিসেম্বর : ৫৫ বছর বয়সী এক ব্যক্তির রহস্য মৃত্যুর ঘটনায় পরিবারে নেমে এসেছে শোকের ছায়া। জানা যায়, ওই ব্যক্তির স্ত্রী আয়ার কাজ করেন। আজ সকাল দশটার সময় একমাত্র ছেলে খবর পান যে বাবা সিঁড়ির ঘরে ঝুলন্ত অবস্থায় রয়েছে। বাবার ঝুলন্ত দেহ দেখে হতবাক হয়ে পড়েন ছেলে। খবর দেওয়া হয় শান্তিপুর থানায়। ঘটনাস্থলে পুলিশ গিয়ে ঝুলন্ত দেহে উদ্ধার করে নিয়ে যায় হাসপাতালে। আর সেখানেই চিকিৎসকেরা মৃত বলে ঘোষণা করে। ছেলের দাবি, তাঁদের ছোট্ট পরিবার, কিন্তু কি কারণে বাবা আত্মহত্যার রাস্তা বেছে নিল তা কিছুতেই বুঝতে পারছি না। মৃতদেহটি ময়নাতদন্তের জন্য পাঠানো হয় রানাঘাটের পুলিশ মর্গে।

আউশগ্রামে পর্যটকদের টানছে ময়ূর



ময়ূর। বন বিভাগ সূত্রে জানা গিয়েছে, দেউল ও আদুরিয়া জঙ্গলকে কেন্দ্র করে ৩০ বর্গ কিলোমিটার জুড়ে এখন ময়ূর রয়েছে। সব মিলিয়ে সেখানে প্রায় ৫০০ টি ময়ূর রয়েছে। এখন এই এলাকা ময়ূরের অবাধ বিচারণক্ষেত্র পরিণত হয়েছে। আর স্থানীয়দের সহযোগিতায় তা সম্ভব হয়েছে বলে জানাচ্ছে বন বিভাগ। হেদোগাড়িয়া ছাড়াও রাঙাঝুলা, প্রেমগঞ্জ প্রভৃতি এলাকায়ও ময়ূর দেখা যাচ্ছে। আর তাতেই ভিড় বাড়ছে পর্যটকদের। এই অবস্থায় সেখানে ইকো টুরিজম গড়ে তোলার দাবি উঠেছে। এ বিষয়ে ইতিমধ্যেই বনদফতর এবং পর্যটন বিভাগ আলোচনা করেছে বলে

জানিয়েছেন, পূর্ব বর্ধমানের জেলা পরিষদের সভাধিপতি শ্যামাপ্রসন্ন লোহার। স্থানীয়দের বক্তব্য, বর্তমানে সেখানে এক একটী দলে ৩০ থেকে ৪০টি ময়ূর দেখা যাচ্ছে। আগে ময়ূরগুলি লুকিয়ে বেড়াতো। তবে এখন তারা অভয়ে বাইরে বেরিয়ে আসছে। মানুষের সঙ্গে তারা সহ অবস্থান শিখেছে। ফলে অনায়াসে বনবিভাগ তাদের ওপর নজরদারি চালাতে পারছে। বর্ধমানের ডিএকও নিশা গোশ্বামী জানিয়েছেন, বর্তমানে ময়ূরের সংখ্যা অনেকটাই বৃদ্ধি পেয়েছে। যদিও এখনও পর্যন্ত পুরোপুরি গণনা সম্ভব হয়নি। ময়ূরের সংখ্যা বৃদ্ধিতে সহযোগিতা করার জন্য স্থানীয়দের তিনি ধন্যবাদ জানিয়েছেন।


পাকা রাস্তার মুখ দেখল অসুরবস্তি

দূরন্ত বার্তা, জলপাইগুড়ি, ৩১ ডিসেম্বর : এই প্রথমবার ঝাঁ চকটকে পাকা রাস্তা পেল অসুরবস্তি। নাগরাকটার কারন চা বাগানের কারি লাইনে ড্রয়ার্সের অন্যতম ক্ষুদ্র ওই জনজাতিদের বাসা। সেখানে মোট ৪৭টি উন্নতায়ের বসবাস করে। সম্প্রতি সেখানে রাস্তা নির্মাণের কাজ শেষ হয়েছে। উন্নতমানের রাস্তা পেয়ে বেজায় খুশি অসুররা। জলপাইগুড়ি জেলা পরিদদ প্রধামন্ত্রী গ্রামীণ সড়ক যোজনার পশ্চিমবঙ্গ রাজ্য গ্রামীণ উন্নয়ন এজেন্সির মাধ্যমে রাস্তাটি তৈরি করে। প্রায় সাড়ে ৮ কিলোমিটার দৈর্ঘ্যের রাস্তা ভূটান সীমান্ত পর্যন্ত চলে গিয়েছে। জেলা পরিষদের এঞ্জিনীউটিং ইঞ্জিনিয়ার জ্যোতির্ময় সিনহা বলেন, এর ফলে এলাকার বাসিন্দাদের যাতায়াতের ক্ষেত্রে দারুণ সুবিধা হবে। আমরা নিজেরাও কাজ দেখার জন্য সেখানে পরিদর্শনে গিয়েছিলাম। আরও একাধিক রাস্তাও সংস্কারের আওতায় আনা হচ্ছে। অসুররা কারন চা বাগানের যেখানে থাকেন সেই এলাকাটি প্রভান্ত হিসেবেই পরিচিত। ভূটান লোগোয়া এলাকাটিতে আগে রাস্তা বেহাল থাকায় তাদের প্রচুর সমস্যার মুখে পড়তে হচ্ছিল। এখন মসৃণ রাস্তা পেয়ে সাইকেলে কিংবা হেটে শ্রমিকদের ৩ কিলোমিটার দূরে ফ্যাক্টরিতে কাজে যাওয়ার ক্ষেত্রে সুবিধা হয়েছে। উপকৃত হচ্ছে স্কুল পড়ুয়ারাও। মূলত মাধ্যমিক স্তরের ছাত্র-ছাত্রীদের জল কাপা কিংবা খানাখন্দ ডিঙিয়ে স্কুল বাস ধরতে ফ্যাক্টরির সামনে জমে হতে নান্দানুবল হওয়ায় দূশ্র্য এখন আর সেখানে নেই। জঙ্গল অসুর নামে এক প্রবীণ ব্যক্তি বলেন, রাস্তার মান খুবই ভালো। ধনবীর সিং নামে কারি লাইনের আরেক বাসিন্দার কথায়, আগামী কয়েক বছর আর আমাদের যাতায়াতের ক্ষেত্রে দুর্ভোগের মধ্যে পড়তে হবে না এটা ভেবেই ভালো লাগছে।

হাজার গোপালকে নিয়ে পিকনিক

দূরন্ত বার্তা, শিলিগুড়ি, ৩১ ডিসেম্বর : গোপালকে নিয়ে পিকনিক করে নজির গড়লেন কৃষ্ণভক্তরা। কেন্দ্রনার বিধিনিষেধের জেরে এখনও বন্ধ রাখা হয়েছে কিছু পিকনিক স্পট। ফলে লাইডতেই পিকনিক করছেন একনেকে। তবে সে সে থেকে বেরিয়ে শিলিগুড়ির হাট্টন বইপাস লাগোয়া আশিঘড় বেকসুপূর ফরেস্টে দেখা গেল ভিন্ন চিত্র। যেখানে গোপাল ঠাকুরকে নিয়ে চলছে বনভোজন। আর সেই মাঠে প্রায় এক হাজার গোপাল নিয়ে পিকনিকে মেতে উঠেছেন ভক্তরা। সেখানে খাবারের সাথে চলছে নাম সঙ্গীর্তনও। কৃষ্ণভক্তরা বলেন, নতুন বছরে পরিবারের সবাইকে নিয়ে গোপালকে নিয়ে করছেন পিকনিক গুরু বৈষ্ণবরা মিলে গোপালকে ভোগ দিয়ে সেই প্রসাদ গ্রহণ করেনে ।

KOLKATA MUNICIPAL CORPORATION e-TENDER
ABRIDGED NIT
The Executive Engineer (Civil), Br.-III, KMC invites online percentage rate e-tenders under two bid system for the following work : NIT No. : KMC/EE-III/32/26/23-24 (1st Call)
Name of work : Improvement of passage at 70, 67, Manikata Main Road and surrounding area in Ward No. 032; Estimated Cost : ₹ 2,49,362.00 ; Earnest Money : ₹ 5,000.00 ; Period of Completion : 15 days ; Last date and time of submission of bid : 12.01.2024 upto 12 Noon ; Date and time of opening of tender : 15.01.2024 on or after 12 Noon ; The bid forms and other details shall be available on and from 30.12.2023 (5 pm) from the website https://etender.wb.nic.in
The D.G. (S&D), KMC invites e-tender online percentage rate two bid system for following work : NIT No. : KMC/DG(S_D)/NOR/DPS/23-24/22 (1st Call)
Name of work : Construction of new delivery valve chamber and platform at common delivery pipe from main pumping station at Bangur STP; Estimated Cost : ₹ 3,05,622.51 (Including GST & CESS) ; Earnest Money : ₹ 6,200.00 ; Period of Completion : 30 days ; Bid Submission start date (Online) : 02.01.2024 at 1 pm ; Last date and time of submission of bid (Online) : 13.01.2024 at 1 pm ; Date of opening of technical bid : 15.01.2024 at 12 pm ; The bid forms and other details are available on and from 02.01.2024 at 1 pm from the website https://wbenders.gov.in
The Executive Engineer (Civil), Br.-XIV, KMC invites e-tender online percentage rate two bid system for the following work : NIT No. : KMC/XIV/132/030/23-24/R (1st Call)
Name of work : Maintenance of sewer line adjacent at Gaborjhuri and Sahab Mahal Area in Ward No. 117, Br.-XIII; Work Value : ₹ 1,48,797.18 ; Earnest Money : ₹ 3,000.00 ; Period of Completion : 30 days ; Last date of submission of bid : 16.01.2024 upto 11 am ; Tender will be opened on : 18.01.2024 (11 am) ; The bid forms and other details are available on and from 06.01.2024 (from 5 pm) from the website https://etender.wb.nic.in
CORRIDGENDUM
(1) NIT No. : KMC/ASPH/GG/E-12/2023-24, (2) NIT No. : KMC/ASPH/GG/E-13/2023-24 published in this Newspaper on 22.12.2023 (Key No. : 1152/23-24) of Roads (Mech)/Asphaltum Goragacha Deptt. Sl. No. 1 & 2 the last date and time of submission of bid Sl. No. 1 & 2 will be read as 10.01.2024 upto 4 pm instead of 08.01.2024 at 1 pm (For Sl. No. 1) and 11.01.2024 upto 5 pm instead of 08.01.2024 upto 1 pm (For Sl. No. 2); the tender will be opened on 12.01.2024 upto 5 pm instead of 10.01.2024 upto 2 pm (For Sl. No. 1) and 13.01.2024 upto 5.30 pm instead of 10.01.2024 upto 3 pm (For Sl. No. 2).
NIT No. : KMC/DG(M)/ASPH/GG/C-04/2023-24 published in this Newspaper on 25.12.2023 (Key No. : 1167/23-24) of Roads (Mech)/Asphaltum Goragacha Deptt. Sl. No. 1 the last date and time of submission of bid Sl. No. 1 will be read as 11.01.2024 upto 12 Noon instead of 08.01.2024 - 12 Noon; the tender will be opened on 13.01.2024 upto 1 pm instead of 10.01.2024 upto 1 pm; Period of completion will be 365 days instead of 185 days. 1198/23-24



স্বাস্থ্য ও সচেতনতা

কাশি যখন আপনার শরীরকে কাহিল করে দেয়

দূরন্ত বার্তা ঃ ইচ্ছায় বা অনিচ্ছায় দুভাবেই কাশি হতে পারে। কাশি অনেককে বেশ ভোগালেও এটা কিন্তু রোগ প্রতিরোধের একটি প্রাকৃতিক উপায়। তবে অতিরিক্ত কাশি কোনো রোগের লক্ষণ হিসেবেও ঘটতে পারে। কাশি হলে কী করা উচিত- এই বিষয়ে আলোচনা করা হল আজকের প্রতিবেদনে।

হঠাৎ ও সহজারে ফুসফুসের বাতাস সশব্দে বের হওয়াই কাশি। এর মাধ্যমে শ্বাসনালি ও ফুসফুস থেকে বাইরের বস্তু, জীবাণু, মিউকাস নিষ্কাস্ত হয়ে ফুসফুসকে পরিচ্ছন্ন ও জীবাণুমুক্ত রাখে। এটি একটি রিফ্লেক্স ক্রিয়া, যার রিসেপটর থাকে শ্বাসনালিতে। এ ছাড়া পাকস্থলী, খাদ্যনালি, ডায়াফ্রাম, স্নরযন্ত্র ও পেরিকার্ডিয়ামেও কাশির রিসেপটর

থাকে। রিসেপটর থেকে কাশির উত্তেজনা ভেগাস নার্ভ দিয়ে ব্রেনের মেডালায় পৌঁছে। সেখান থেকে স্পাইনাল নার্ভ, ভেগাস নার্ভ ও ফ্রেনিক নার্ভ হয়ে শ্বাস ত্যাগের মাংসপেশি ডায়াফ্রাম, শ্বাসনালিতে উত্তেজনা প্রবাহিত হয়ে কাশির উদ্বেক করে।

প্রকারভেদ ঃ স্বায়িক্সের ওপর নির্ভর করে কাশি তিন ধরনের হয়। এগুলো হলো-অ্যাকিউট, সাব-অ্যাকিউট ও ক্রনিক।

অ্যাকিউট ঃ যখন কাশির স্বায়িত্ব তিন সপ্তাহ হয়, তখন সেই ধরনের কাশি অ্যাকিউট পর্যায়ের। যেমন-ফুসফুসে ও শ্বাসনালিতে জীবাণু সংক্রমণ, নিউমোনিয়া, পালমোনারি অ্যামবলিসম ইত্যাদি।

সাব-অ্যাকিউট ঃ তিন থেকে

সপ্তাহকাল পর্যন্ত যে কাশি থাকে, তা সাব-অ্যাকিউট। ফুসফুসে জীবাণু সংক্রমণ-পরবর্তী কাশি বেশির ভাগ ক্ষেত্রেই নির্দিষ্ট কোনো চিকিৎসা ছাড়াই সেরে যায়।

ক্রনিক কাশি ঃ আট সপ্তাহের বেশি স্থায়ী কাশিই ক্রনিক পর্যায়ের। যেমন-পোস্ট ন্যাজাল ড্রিপ রাইনাইটিস, সাইনোসাইটিস, অ্যাজমা, সিওপিডি, আইএলডি, ফুসফুসের এবসেস, ক্যান্সার, ওষুধের পার্শ্বপ্রতিক্রিয়া-বিটার্সকার, এসিই ইনহিবিটর নামক রক্ত চাপের ঔষধের প্রতিক্রিয়া ইত্যাদি।

জটিলতা ঃ কাশি হওয়ার সময় বুকের ভেতর ৩০০ মিমি মারকারি চাপ তৈরি করে এবং ফুসফুস থেকে প্রায় ৫০০ মাইল গতিবেগে বাতাস প্রবাহিত হয়। এ কারণে বুকে ব্যথা,

মাথা ব্যথা, নিদ্রাহীনতা, প্রস্রাব ধরে রাখতে না পারা (বিশেষত নারী ও বৃদ্ধদের ক্ষেত্রে), হার্নিয়া, বুকের হাড় ভেঙে যাওয়া ইত্যাদি জটিলতা দেখা দেয়।

পরীক্ষা ঃ ঠিক কী ধরনের কাশি হয়েছে তা জানার জন্য রক্তের সিবিসি, বুকের এক্স-রে, শ্লেষ্মার রুটিন মাইক্রোস্কোপিক কালচার সেনসিটিভিভিটি, এমটি ইত্যাদি পরীক্ষাগুলো করতে হয়। এ ছাড়া অ্যাজমা নির্ণয়ের জন্য স্পাইরোমেট্রি ও রিভারসিবিলিটি পরীক্ষা এবং বিশেষ ক্ষেত্রে সিটি স্ক্যান, ব্রংকোস্কপিও করা লাগতে পারে।

চিকিৎসা ঃ চিকিৎসার আগে কাশির সঠিক কারণ বের করা উচিত। সচরাচর কাশি নিরোধক ঔষুধ ব্যবহার করে কাশি বন্ধ করার চেষ্টা করা ঠিক

নয়। এ ছাড়া কিছু করণীয় হলো-
-কাশি উদ্বেককারী কোনো ঔষুধ রোগী সেবন করছে কি না তা প্রথমে দেখে নেওয়া।

-অনেক সময় পোস্টন্যাসাল ড্রিপের লক্ষণ থাকে না। সে ক্ষেত্রে রোগীকে অন্তত সাত দিন স্টেরয়েড ন্যাসাল স্প্রে দিয়ে দেখা উচিত। অনেক সময় অ্যাজমার লক্ষণও দেখা দিতে পারে, এ ব্যাপারে বিশেষ সতর্ক হতে হবে।
-খাদ্যনালি ও পাকস্থলীর রিফ্ল্যাক্স স্ট্রিপ এপনিয়া কাশির অজানা কারণ। এতে অনেক কষ্ট হয়।

-পরীক্ষা-নিরীক্ষায় ১০-২০ শতাংশ রোগীর কাশির কারণ জানা যায় না। মানসিক রোগের বিষয়টি মাথায় রেখে তখন চিকিৎসা করতে হয়। রক্তকাশি হলে ঃ কাশির সঙ্গে রক্ত গেলে তাকে রক্তকাশি বলে। রক্তের

পরিমাণ শ্লেষ্মায় রক্তের দাগ থেকে শুধু করে শ্লেষ্মাহীন শুধু রক্ত কাশিতে যেতে পারে। এটা শ্বাসনালি, ফুসফুস ও অন্যান্য অঙ্গের সমস্যায়ও হতে পারে।

-যে কারণেই হোক না, রক্তকাশি রোগী ও চিকিৎসক উভয়ের জন্যই একটি ভীতিকর লক্ষণ। এ রকম মনে হলে প্রথমেই কাশিতে রক্তের পরিমাণ দেখতে হবে। যদি ২৪ ঘণ্টায় ৫০০ মিলি বা তার বেশি রক্ত যায়, তাকে ম্যাসিভ বা বৃহদায়তন রক্তকাশি বলে। এই ধরনের রোগীর মৃত্যুঝুঁকিও থাকে। বিশেষত ফুসফুসের শ্বাসনালি রক্তে পূর্ণ হয়ে যায়। ফলে ফুসফুসের অক্সিজেন ও কার্বন ডাই-অক্সাইড গ্যাসের আদান-প্রদান ব্যাহত হয়ে রোগীকে মৃত্যুমুখে ঠেলে দেয়। এ কারণে ম্যাসিভ রক্তকাশির রোগীকে

তাৎক্ষণিক আইসিইউতে ভর্তি করে শ্বাসনালিতে টিউব দিয়ে কৃত্রিম শ্বাস-প্রশ্বাসের ব্যবস্থা করতে হয়। যে ধমনি থেকে রক্তক্ষরণ হচ্ছে, তা চিহ্নিত করে ধমনিতে এমবোলাইজেশন করতে হবে অথবা ফুসফুসের এই অংশটি কেটে বাদ দিতে হবে।

-রক্তের পরিমাণ কম হলে পরীক্ষা-নিরীক্ষার মাধ্যমে রোগটি চিহ্নিত করে প্রয়োজনীয় চিকিৎসা দিতে হবে। বেশির ভাগ ক্ষেত্রেই চিকিৎসায় রক্তকাশি সেরে যায়। চিকিৎসায় পরও যদি না সারে, সে ক্ষেত্রে ধমনি এমবোলাইজেশন ও সার্জারির প্রয়োজন হতে পারে।
-মেসব ক্ষেত্রে রোগ ধরা পড়ে না, সেসব রোগীকে নির্দিষ্ট সময়ে ফলো আপ দিতে হবে।

ছোটদের স্থূলতা ও প্রতিকারের উপায়

দূরন্ত বার্তা ঃ অনেক বাবা-মা ভেবে থাকেন, বাচ্চা যত গোলগাল সে তত সুস্থাস্থের অধিকারী। কিন্তু অধিকাংশ সময় অতিরিক্ত ওজন বিভিন্ন শারীরিক এবং মানসিক সমস্যার সৃষ্টি করতে পারে। বাচ্চার স্বাস্থ্য নিয়ে প্রত্যেক বাবা-মা চিন্তা করেন। ওবেসিটি এমন একটা সমস্যা যা অনেক সময় নজর এড়িয়ে যায়। বাচ্চার উচ্চতা বাড়ার সঙ্গে সঙ্গে ওজন বাড়ে, তবে তা সঠিক অনুপাতে বাড়ছে কিনা সে দিকে খেয়াল রাখা জরুরি। না হলে কখন যে আপনার বাচ্চা ওবেস হয়ে যাবে আপনি বুঝতেও পারবেন না।

দেহের ওজন কেন বাড়ে ঃ দৈহিক ওজন বৃদ্ধির মূল কারণ হল শক্তি ও তার ব্যবহারের মধ্যে অসঙ্গতি। আমাদের গৃহীত প্রায় প্রতিটি খাবারেই শক্তি ক্যালরি হিসেবে থাকে। আমরা আমাদের পছন্দ সামর্থ্য ও অভ্যাস অনুযায়ী খাদ্য গ্রহণ করে থাকি। মানুষের বয়স, লিঙ্গ, ওজন আর দৈনন্দিন কাজের ওপর শরীরের ক্যালরির চাহিদা নির্ভর করে।

প্রকৃতপক্ষে কেউ যদি তার প্রাত্যহিক চাহিদার চেয়ে বেশি ক্যালরি প্রতিদিন বা প্রায়ই খাবারের মাধ্যমে গ্রহণ করে, তবে তার বাড়তি অংশ শরীরে মেদ হিসেবে জমতে থাকবে।

প্রয়োজনের তুলনায় বেশি খাবার খেলে শক্তি গ্রহণের তুলনায় যদি ক্যালরি খরচ কম হয় তাহলে দেহের ওজন বাড়তে থাকবে। আমাদের দেহের ভেতরের প্রতিটি অঙ্গ-প্রত্যঙ্গ কাজ করার জন্য প্রতি মিনিটে একটি নির্দিষ্ট পরিমাণ ক্যালরি ব্যবহার করে।

আমরা আমাদের গৃহস্থালি কাজকর্ম থেকে শুরু করে রান্ধয় হাঁটাচলা, খেলাধুলা, ছোটছুটি, কর্মক্ষেত্রেের কাজকর্ম এবং কথা বলতেও ক্যালরি ব্যবহার করে থাকি। এই ক্যালরি গ্রহণ ও ক্যালরি ব্যবহারের মধ্যে একটি ভারসাম্য থাকতে হবে।

প্রতিটি মানুষেরই তার সারাদিনের ক্যালরি চাহিদার কাছাকাছি পরিমাণ ক্যালরি খাদ্য ও পানীয়ের মাধ্যমে গ্রহণ করার চেষ্টা করতে হবে। বাড়ন্ত ছেলেমেয়ে ও গর্ভবতী মহিলাদের জন্য একটি নির্দিষ্ট পরিমাণ অতিরিক্ত খাদ্য গ্রহণের পরামর্শ দেওয়া হয়।

এছাড়া সবার জন্য চাহিদা হিসেবে খাদ্য গ্রহণের অভ্যাস করাটা জরুরি। কারও কারও আবার খাদ্য উপাদান পরিবর্তনের বিশেষ দরকার হয়।

কী করে বুঝবেন যে আপনার বাচ্চা স্থূল ঃ নিয়মিত বাচ্চার দৈহিক ওজন মাপুন। প্রত্যেক বয়সের জন্য একটি কাঙ্খিত দৈহিক ওজন আছে। যদি আপনার বাচ্চার ওজন তার জন্য নির্দিষ্ট মাপের থেকে ২০ শতাংশের বেশি হয়, তা হলে বুঝবেন বাচ্চার ওবেসিটির সমস্যা চলেছে।

সোল মেটাবলিক প্যানেলইল চাউ ব্যবহার করেও ওবেসিটি মাপা যায়। আপনার বাচ্চার মেটাবলিক ইনডেক্স যদি ৯৫ পারসেণ্টাইলের ওপরে হয়, তাহলে জানবেন আপনার বাচ্চা ওবেস গ্রুপে পড়ে।

ওবেসিটির রিস্ক ফ্যাক্টর ঃ বাচ্চার আজকাল খুব একটা খেলাধুলা ছোটোছুটির সুযোগ পায় না। বাড়িতে বসে ইন্টারনেট সার্ক বা ডিভিও গেম খেলা বা টেলিভিশন দেখাটাই তাদের কাছে প্রধান আকর্ষণ। এ রকম শারীরিক শ্রমহীন জীবনযাপনের জন্য যথারীতি বাচ্চাদের ওজন বাড়তে থাকে এবং ক্রমশ তারা ওবেসিটির দিকে এগোয়।

টিভি দেখাটা তাদের কাছে প্রায় একটা অ্যাডিকশন। খেলাধুলা ছেড়ে বাচ্চারা বাড়িতে বসে টিভি দেখাটা বেশি পছন্দ করে। আর টিভি দেখতে দেখতে পিৎস, চকলেট, পপকর্নের মতো মুখরোচক খাবার খাওয়া এখন রীতিমতো অভ্যাসে পরিণত হয়েছে। এক দিকে ক্যালরি গ্রহণ বৃদ্ধি, অন্যদিকে



খেলাধুলার প্রতি অনীহা, সব মিলিয়ে ওজন দ্রুত হারে বাড়তে থাকে।

বাচ্চাদের যদি জিঞ্জের্স করা হয়, তারা কী খেতে ভালোবাসে, বেশিরভাগ বাচ্চাই উত্তর দেবে, চকোলেট, কোল্ডড্রিংক, আইসক্রিম, রোল। আর কেক পেস্টি তো আছেই। এক কথায় জাক্ ফুড। এসব খাবারের মধ্যে ক্যালরির পরিমাণ খুব বেশি থাকে যা স্বাভাবিকভাবেই ওজন বাড়িয়ে দেয়।

বাচ্চার সাধারণত বাবা-মাকে দেখে অনেক কিছু শেখে। আর আজকের দিনে বাবা-মায়েরাই যেহেতু শারীরিক শ্রমব্যয়াম এক্সারসাইজের ব্যাপারে উদাসীন হয়ে পড়ে। ফলে দৈহিক স্থূলতা অর্জন ও শারীরিক স্থূলতা হয়ে পড়ে এবং রেজাল্ট ইজ ওবেসিটি।

বেশিরভাগ পরিবারেই আজকাল বাচ্চার সংখ্যা ১ বা ২ থাকে। ফলে বাবা-মায়েরা একটু বেশি তাদের প্যাম্পার করে থাকেন। বাচ্চার স্বাস্থ্য ভালো হবে এ ভেবে অনেক সময় তারা বেশি করে বাচ্চাকে খাওয়াতে থাকেন।

শুধু বাচ্চাকে খুশি করতে তার যা খেতে ইচ্ছা করে সেই খাবার নিমিয়ে হাজির হয়ে যায়, তা সে যতই হাই ক্যালরিয়ুক্ত খাবার হোক না কেন। চাইল্ডহুড ওবেসিটির নেগেটিভ ইফেক্টস ঃ ছোটবেলায় যদি আপনার বাচ্চা অতিরিক্ত মোটা হয়, বড় হয়ে ওজন আরও বাড়তে পারে, ফলে নানারকম অসুখ যেমন ক্যানোরারি হার্ট ডিজিস, ডায়াবেটিস, হাইপারটেনশন ইত্যাদি হওয়ার আশঙ্কা বেড়ে যায়। অতিরিক্ত ওজনের ফলে বাচ্চা সহজেই ক্লাস্ত এবং কম উদ্যমহীন হয়ে পড়ে।

অনেক সময় মোটোসোটা বাচ্চারা স্কুলের বিভিন্ন কর্মকাণ্ডে পুরোপুরি অংশগ্রহণ করতে পারে না। কণনও কণনও অন্য বাচ্চারাও নানারকম ভাবে স্থূলকায় বাচ্চাদের টিজ করে। ফলে ওদের মধ্যে ইনমন্যত্যাবোধ বা মানসিক চাপ দেখা যায়।

কী করে ওবেসিটি আটকানেন ঃ ৬ মাস বয়স পর্যন্ত বাচ্চাকে শুধু মায়ের বুকের দুধ খাওয়ান, এতে ওবেস হওয়ার আশঙ্কা কম থাকে।

বাচ্চাকে স্বাস্থ্যকর খাবার অভ্যাস গড়ে তুলতে উৎসাহিত করুন। সুঘম খাদ্যের ওপর নজর দিন। খেয়াল রাখবেন খান খাদ্যে প্রোটিন, ডিটমিন, মিনারেল পরিমাণ মতো থাকে। কোনো কিছুরই আধিক্য যেন না থাকে, তা হলেই বাচ্চা ভালোভাবে বেড়ে উঠবে। টিভি দেখতে দেখতে বাচ্চার চিল্প, সফট ড্রিঙ্ক খাওয়ার অভ্যাসকে প্রশ্রয় দেবেন না। আউটডোর গেমস খেলতে বাচ্চাকে উৎসাহ দিন।

বাড়িতে জাক্ফুড খাওয়ার অভ্যাস কমান। বাচ্চাকে বাড়ির খাবার সুন্দর করে সাজিয়ে গুছিয়ে খেতে দিন যাতে বাইরের খাবারের প্রতি আকর্ষণ কমে যায়।

পা ফাটা রুখতে

দূরন্ত বার্তা ঃ শীতকালে বাতাসে আর্দ্রতা কমে যায়, ফলে ঝুক শুষ্ক হয়ে পড়ে। পায়ের ঝুকের নিচের স্তরে চিড় ধরে ও ফেটে যায়। এ কারণে ব্যথা করে, ছালা করে, হাঁটতে সমস্যা হয়। কখনো তাতে সংক্রমণও হতে পারে। কিছু রোগের কারণে পা ফাটার প্রবণতা বেশি দেখা দেয়। যেমন-অনিয়ন্ত্রিত ডায়াবেটিস, থাইরয়েডের সমস্যা, সোরিয়াসিস, একজিমা, ছত্রাক সংক্রমণ ইত্যাদি। স্থূল ব্যক্তিদেেরও পা বেশি ফাটে। এ ছাড়া খুব ঠান্ডা শুষ্ক আবহাওয়া, খোলা জুতা বা স্যান্ডেল, জুতোর পেছনে দিকে ঘর্ষণ, জুতা টিকমতো ফিট না করা ইত্যাদি এই সমস্যার ঝুঁকি বাড়ায়।

কী করবেন না

-অতিরিক্ত গরম জল ঝুক আরও শুষ্ক করে দেয়। স্নান বা পা পরিষ্কার করতে হালকা কুসুম গরম জল ব্যবহার করুন। বেশি সময় ধরে পা জলে ডুবিয়ে রাখাও ভালো নয়। শীতকালে স্নান সারতেও খুব বেশি হলে ৫ থেকে ১০ মিনিট সময় নিন। -অতিরিক্ত ক্ষারযুক্ত সাবান ব্যবহার, অতিরিক্ত ঘষাঘষি ঝুকের শুষ্কতা বাড়িয়ে দেবে।

-খালি পায়ে হাঁটবেন না। ঠান্ডা বাতাসে বের হলে খোলা জুতা বা স্যান্ডেল না পরে এই সময় বন্ধ জুতো পরুন।

-পায়ের মরা চামড়া ওঠাতে নিজে নিজে কখনো ধারালো কিছু ব্যবহার করবেন না। বামা পাখর দিয়ে বেশি ঘষতে গেলে ঝুক কেটে যেতে পারে। বিশেষ করে ডায়াবেটিসের রোগীরা মৃত ঝুক ওঠাতে বিশেষজ্ঞের সাহায্য নিন।

কী করবেন

-পায়ের আর্দ্রতা রক্ষা করতে ভালো ময়েচারাইজার লাগান। পা পরিষ্কার করে তয়ালে দিয়ে চেপে জল মুছে তারপর ময়েচারাইজার লাগানো। পা ফাটা রোগে উপকারী হলো পেট্রোলিয়াম জেলে, অলিভ অয়েল বা নারকেল তেল ও গ্লিসারিন। -রাতে ঘুমানোর সময় পায়ে ময়েচারাইজার লাগিয়ে সুতির মোজা পরে শুতে পারো। এ রকম হলে চিকিৎসককে বলে ওষুধ আর্দ্রতা রক্ষা হবে।

-পা ফেটে রক্ত বের হলে বা সংক্রমণ হলে চিকিৎসকের পরামর্শ নন।

ওষুধের কারনে পেটের সমস্যা



দূরন্ত বার্তা ঃ কোনো কারণে ওষুধ খেলেন, তারপর থেকে পেটটা মোচড় দিয়ে উঠছে, মনে হচ্ছে বারবার ট্যাগেট যেতে হবে, পাতলা পায়খানাও শুষ্ক হয় অনেকের। অনেকে আছেন কোনো ওষুধই যেন পেটে সয় না, পেট নরম হয় বা ফাঁপে যায়। এসব ক্ষেত্রে কী করবেন? যে রোগের কারণে ওষুধ শুষ্ক করা, তারও তো সূরহা চাই।

-মুখে খাওয়ার যেকোনো ওষুধই পাকস্থলী ও অন্ত্রে শোষিত হয় এবং বেশির ভাগ ক্ষেত্রে বৃকতে গিয়ে ভাঙে। খানিকটা পার্শ্বপ্রতিক্রিয়া সব ওষুধেরই আছে। তাই সামান্য পেট ফাঁপা, গ্যাস হওয়া বা একটু পেট নরম হওয়াকে অত আলম না দিলেও চলবে। বিশেষ করে যদি ওষুধটা সল্গময়োদি হয়।

যেমন নানা ধরনের অ্যান্টিবায়োটিক ডায়রিয়া বা পেট খারাপ করতে পারে। বিটা ল্যাকটেম, পেনিসিলিন, সেফালোস্পোরিন গোত্রের বেশির ভাগ অ্যান্টিবায়োটিকে ডায়রিয়া হতে পারে। যদি তাই করে, তাহলে মাঝপথে হঠাৎ ওষুধ বন্ধ না করে দিয়ে চিকিৎসকের সঙ্গে যোগাযোগ করুন। তিনি সেটা পাল্টে দিতে পারেন, অথবা পার্শ্বপ্রতিক্রিয়া কমানোর জন্য কোনো ব্যবস্থা নিতে পারেন।

-দীর্ঘদিন বা বারবার অ্যান্টিবায়োটিক সেবন করা হলে অস্ত্রের উপকারী ব্যাকটেরিয়া ধ্বংস হয়ে যায়। তখন সাধারণ জীবাণুগুলো শক্তিশালী হয়ে ওঠে। এতে ডায়রিয়া হতে পারে। একে অ্যান্টিবায়োটিক অ্যাসোসিয়েটেড ডায়রিয়া বলা হয়। হাসপাতালে এটা বেশ বড় রকমের সমস্যা। এই সময় বিশেষজ্ঞ চিকিৎসকের পরামর্শ নিয়ে সব ওষুধ বন্ধ করে পর্যবেক্ষণ করা হয়। -কেমোথেরাপি নেওয়া হলে বমি, ডায়রিয়া হওয়াটা স্বাভাবিক। এসব ক্ষেত্রে মূল রোগের চিকিৎসা বেশি জরুরি। তাই কেমোথেরাপি বন্ধ না করে স্যালাইন দিয়ে বা বমি ডায়রিয়া বন্ধ করার ওষুধ দিয়ে হলেও থেরাপি চালিয়ে যাওয়ার চেষ্টা করা হয়।

-কখনো কখনো দীর্ঘ মেয়াদে খেতে হবে এমন ওষুধ, যেমন ডায়াবেটিসের জন্য মেটফরমিন বা ইউরিক অ্যাসিড কমানোর ওষুধ কলচিসিনে রোগীর প্রচণ্ড ডায়রিয়া দেখা দিতে পারে। এ রকম হলে চিকিৎসককে বলে ওষুধ পরিবর্তন করে অন্য গোত্রের ওষুধ সেবন করাই শ্রেয়। -অনেকেই জানেন না যে অ্যান্টিসিড ও গ্যাস্ট্রিকের ওষুধ বেশি সেবন করলেও অন্ত্রে সমস্যা হয় এবং ডায়রিয়া হতে পারে। এমনকি দীর্ঘদিন এইসব ওষুধ সেবন করলে ক্লসট্রিডিয়াম সংক্রমণ হতে পারে অন্ত্রে। তাই যাবা দিনের পর দিন এই ধরনের ওষুধ খাচ্ছেন, তাঁরা চিকিৎসকের পরামর্শ নিন।

শীতকালে হাড়ের জোড়া ব্যথা

দূরন্ত বার্তা ঃ শীতকালে জোড়া বা বাতের ব্যথা মাত্রাতিরিক্তভাবে বৃদ্ধি পায়। বিশেষ করে বয়স্ক লোকেরা, যারা অগ্রািটিস, রিউমাটয়েড অগ্রািটিস ও অসটিও-অগ্রািটিসে ভুগছেন, তাদের কষ্ট বহুলাংশে বেড়ে যায়। এ ছাড়া পেশি, লিগামেন্ট, হাড় ও স্নায়ুর ব্যথা তীব্র হয়। শীতকালে স্বাভাবিক নড়াচড়া কম হয় এবং বায়ুর চাপ কম থাকে বলে মানুষের টিস্যু ফুলে যায়। ফলে জোড়া জমে যায় এবং ব্যথার উদ্বেক করে। শীতের প্রকোপে শরীরের রক্তনালির খিঁচুনি ও সংকোচিত হলে জোড়া, পেশি ও হাড় রক্ত চলাচল কমে যায় এবং ব্যথা বেড়ে যায়। শীতে স্নায়ুর সহ্যক্ষমতা কম থাকে এবং অল্পতেই উত্তেজিত হয় বিধায় ব্যথার অনুভূতি বেড়ে যায়। শীতকালে ঘাড়, কোমর ও হাঁটুর ব্যথা বেশি বাড়ে। এ ছাড়া কটি, গোড়ালি, কাঁধ, কনুই ও কর্জি ব্যথাসহ জমে যায়। হাত সামনে-পেছনে নেওয়া ও হাত দিয়ে কিছু তোলা কষ্টকর। হাঁটু ও কোমর সোজা ভাঁজ করতে এবং বসতে-উঠতে ভীষণ অসুবিধা হয়। এর হাত থেকে রেহাই পেতে কি কি করতে হবে সে বিষয়ে রইল কিছু পরামর্শ।

-গরম কাপড় পরিধান করে শীত থেকে জোড়াকে রক্ষা করতে হবে। -ব্যথানাশক জেল বা মলম দিয়ে হালকাভাবে জোড়ায় ম্যাসাজ করলে ব্যথা নিরাময় হবে।

-কুসুম কুসুম গরম জলের সেকঁ (ময়েস্ট্‌ স্টি) অগ্রািটিসের ব্যথার জন্য খুবই কার্যকর। এর পাশাপাশি চিকিৎসকের পরামর্শ অনুযায়ী ব্যথা ও অগ্রািটিসের অন্যান্য ওষুধ সেবন করতে হবে।

-অনেক সময় ব্যথা নিরাময়ে জয়েন্টে ইনজেকশন (স্টেরকশন ও হায়ালুরোনিক এসিড) পুষেরও প্রয়োজন হয়।

-এক অবস্থায় (বসা, দাঁড়ানো) আক্রান্ত জোড়াকে বেশিক্ষণ রাখা যাবে না। সিঁড়ি দিয়ে তার ওঠা-নামা কম করতে হবে। -প্রয়োজনে হাতে চিটকি, পায়ে কুশনযুক্ত জুতা এবং গোড়ালি, হাঁটু, কোমর, ঘাড়, কাঁধ, কনুই ও কবজিতে সাপোর্ট বা ব্রেচ ব্যবহার করতে হবে।

-হালকা ব্যায়াম জোড়া ব্যথা উপশমে বেশ ভূমিকা পালন করে। শীতকালে কঠোর ব্যায়াম আক্রান্ত জোড়ায় রক্ত চলাচল কমিয়ে ব্যথা বাড়িয়ে দেয়। জোড়ার স্বাভাবিক নড়াচড়া এবং পেশি, টেনডন ও লিগামেন্টের নমনীয়তা জোড়াকে ব্যথামুক্ত রাখে।

-উপযুক্ত খাদ্যদ্রব্য গ্রহণে অগ্রািটিস বা বাত ব্যথার তীব্রতা কমে আসে।

প্রশ্নোত্তর

পাঠকদের স্বাস্থ্য সম্পর্কিত বিভিন্ন

প্রশ্নের উত্তর দিচ্ছেন বিশেষজ্ঞ

চিকিৎসকরা। আপনারাও প্রশ্ন

পাঠান। আমাদের চিকিৎসকরা

সেই সমস্ত প্রশ্নের উত্তর দিচ্ছেন।

প্রশ্ন ঃ আমার মাঝে মাঝেই এক নাক বন্ধ থাকে। মাঝে মাঝে ঘুমে হালকা নাক ডাকি। আমার উচ্চ মাত্রার কোলেস্টেরল ও ইউরিক এসিডের সমস্যা আছে। আমি ধূমপায়ী। সকালে ঘুম থেকে উঠে গলা খুসখুস করে ও কফ বের হয়।

উত্তর ঃ এই বয়সে আপনার প্রথম কাজ হল সিগারেট খাওয়া বন্ধ করা। তা না হলে যে কোনো সময়ে আপনার হার্টের সমস্যা হয়ে যেতে পারে। নাক বন্ধ থাকারও চিকিৎসা করা জরুরি। উপসর্গ পড়ে মনে হচ্ছে আপনার নাকের হাড় বঁাকা আছে বা সহিন্দ্রাসে সমস্যা আছে বা উভয়ই থাকতে পারে। এর সঙ্গে ধীরে ধীরে যুক্ত হচ্ছে হাঁপানির সমস্যা। নাক কান গলার ডাক্তার দেখিয়ে নাক বন্ধের চিকিৎসা নিন। গলা খুসখুস ও কাশির জন্য ধূলা-বালি, ধোয়া, ঠাণ্ডা পরিহার করে চলুন। কাশির জন্য ১০ মি.গ্রা. মল্টিলুকাস্ট ট্যাবলেট প্রতিদিন একটি করে খান।

প্রশ্ন ঃ ঠাণ্ডা পড়লেই আমার গলা-বুকে সাঁই সাঁই শব্দ হয় ও সর্দি বারে। ঠাণ্ডা জল খাই না। প্রতিরোধের উপায় কি? উত্তর ঃ আপাতদৃষ্টিতে মনে হচ্ছে আপনার হাঁপানির ভাব আছে বা হাঁপানি হয়ে গেছে। কোনো অবস্থাতেই সাঁই সাঁই শব্দ গ্রহণযোগ্য নয়। এর ফলে হাঁপানির সঙ্গে ক্রনিক কাশি যুক্ত হয়ে চিকিৎসা দুক্ল হ় হয়ে যেতে পারে। বুকের এক্স-রে করতে হবে। নাক কান গলা বিশেষজ্ঞ দেখিয়ে নাক পলিপ বা হাড় বঁাকা আছে কিনা দেখতে হবে। মল্টিলুকাস্ট ট্যাবলেটের সঙ্গে সাল্‌বিউটামল ও স্টেরয়েড ইনহেলার ব্যবহার করতে হতে পারে। ইনহেলার সঠিক নিয়মে ব্যবহার করলে এ সমস্যা থেকে মুক্ত থাকা সম্ভব।

প্রশ্ন ঃ আমার বয়স ২৪। আমার দৈহিক কাঠামো নষ্ট হয়ে যাচ্ছে। কীভাবে এ সৌন্দর্য ফিরে আনা সম্ভব। উত্তর ঃ সম্ভবত আপনার ইন্টারনাল সমস্যা হয়েছে। দেহের হরমোন অ্যান্ডালাইসিস করে রেডিওজিকোয়েসি ওয়েবের মাধ্যমে কোনো পার্শ্বক্রিয়া ছাড়াই সৌন্দর্য বর্ধন সম্ভব। প্রশ্ন ঃ আমার বয়স ৫৫। আমার শারীরিক ক্ষমতা সম্পূর্ণ নষ্ট হয়ে যাচ্ছে। আমার স্ত্রীর এখনো যৌবন আছে। এতে আমি বিব্রত। এ বসনে ওষধের মাধ্যমে শারীরিক সুস্থতা কী সম্ভব?

উত্তর ঃ পুরুষের অক্ষমতা এখন কোনো সমস্যাই নয়। আপনার রক্তের সেন্স হরমোন আনালাইসিস করে বৈজ্ঞানিক চিকিৎসার মাধ্যমে কোনো পার্শ্ব প্রতিক্রিয়া ছাড়াই আপনার যৌন আকাঙ্খা ফিরিয়ে আনা সম্ভব। প্রশ্ন ঃ আমার বয়স ২১। আমার মাথার চুল দিন দিন পড়ে টাক সৃষ্টি হচ্ছেে। এতে আমার সৌন্দর্যহানি হয়েছে। মাথায় নতুন চুল গজাতে চাই।

উত্তর ঃ আত্মধুনিক পিআরপি থেরাপি এখন হাতেম মুঠোয়। কোনো পার্শ্বক্রিয়া ছাড়াই আপনার মাথায় চুল পড়া বন্ধ করে নতুন চুল গজানো সম্ভব। প্রশ্ন ঃ দীর্ঘদিন থেকে আমার দাঁপাতে অ্যাকজিমা। অনেক মলম লাগিয়েছি। কোনো কাজ হচ্ছে না। একটু কমে আবার বেড়ে যায়। এর সফল চিকিৎসা আছে কী?

উত্তর ঃ নিশ্চয়ই সফল চিকিৎসা আছে। আপনার চিকিৎসা একটু দীর্ঘমেয়াদি হতে পারে। অ্যালার্জিক ফুড খাওয়া পরিহার করবেন। আক্রান্ত জায়গা বেশি ঘষামাজা বিশুদ্ধার করবেন না। ঝুক অর্ধে রাখার চেষ্টা করবেন। চিকিৎসার মাধ্যমে কোনো পার্শ্বক্রিয়া ছাড়াই অ্যাকজিমা ভালো করা সম্ভব।

প্রশ্ন ঃ আমার মাথায়, মুখে ও দেহে চুলকানি দেখা যাচ্ছে। মাথায় ছোট ছোট ফুসকুড়ি হচ্ছে। মাথার চুলগুলো পড়েও যাচ্ছে। এ অবস্থা থেকে মুক্তি চাই।

উত্তর ঃ আপনার রোগটি সম্ভবত সোব্যরিক ডারমাইটিস। এটি একটি চক্টকর রোগ। চিকিৎসার মাধ্যমে রোগটি নিয়ন্ত্রণ করা সম্ভব। আপাতত একটি খুশকি নিরোধক শ্যাম্পু ব্যবহার করুন। অ্যালার্জিক খাবারগুলো এড়িয়ে চলুন। একটি অ্যান্টিহিস্টামিন রাতে শোয়ার আগে খেয়ে নিন।

প্রশ্ন ঃ আমার দু’পায়ের তলায় অনেক ফাটা হয়েছে। মাঝে মাঝে ব্যথা হয়। অনেক ওষুধ ব্যবহার করেছি। কমছে না। তাই আপনার শরণাপন্ন হলাম। উত্তর ঃ আপনার পায়ের রোগটির নাম-ক্র্যাকসোল। এটি একটি প্রদাহজনিত রোগ। ঝুক বিশেষজ্ঞের মাধ্যমে এটি নিমূল করা সম্ভব।

নন্দীগ্রামে গ্যাস সিলিন্ডার ফেটে ভস্মীভূত বাড়ি

দুরন্ত বার্তা, নন্দীগ্রাম, ৩১ ডিসেম্বর : পূর্ব মেদিনীপুরের নন্দীগ্রাম ১ নম্বর ব্লকের পুরুষোত্তমপুর গ্রামে গ্যাস সিলিন্ডার ফেটে আগুনে ভস্মীভূত বাড়ি। ঘটনটি ঘটেছে রবিবার দুপুরে। জানা গিয়েছে, এদিন দুপুরে পুরুষোত্তমপুর গ্রামের বাসিন্দা সুভাষ দলুইর বাড়িতে এই আগুন লাগার ঘটনাটি ঘটে। সুভাষ দলুইয়ের বৌমা গ্যাসের ওভেনে জ্বালিয়ে দুধ গরম করছিলেন। ঠিক সেই সময় গ্যাসের পাইপলাইন সিলেক্স করে যায়। মুহূর্তের মধ্যে আগুন লেগে যায় গ্যাস সিলিন্ডারে এবং কোনও কিছু বুঝে ওঠার আগেই পুরো বাড়িতে ঘুরিয়ে পড়ে আগুন। গ্যাসের আগুনে ভস্মীভূত হয়ে যায় পুরো বাড়ি। এলাকার প্রতিবেশীদের সাহায্যে আগুন নিয়ন্ত্রণে আনলেও আগুনে পড়ে যায় সুভাষ দলুইয়ের বাড়ি। বাড়িতে জমা কাপড় থেকে শুরু করে আসবাবপত্র সহ সবকিছুই পুড়ে ছাই হয়ে গিয়েছে।

নাম / পদবি পরিবর্তন
আমি, Pinki Pal (পুরাতন নাম) স্বামী Debashish Goswami, দিতা Sukhen Dutta, ঠিকানা AC/ 30/10/1, Arjunpur, Das Para, Deshbandhar Nagar, Rajarhat Gopalpur(M), P.O.- Deshbandhar Nagar, Dist- North 24 Pgs, Pin- 700059, West Bengal, India, কলকাতায় নেটটির পাবলিক 30/12/2023 এর Affidavit স্বারা আমার নাম এখন থেকে Pinki Goswami (নতুন নাম) নামে পরিচিত হলাম। Pinki Goswami (নতুন নাম) এবং Pinki Pal (পুরাতন নাম) একই ব্যক্তি।

নাম / পদবি পরিবর্তন
আমি, Mannaf Sardar (পুরাতন নাম) পিতা Javed Ali Sardar ঠিকানা VILL- Purba Narayanpur, P.O.- Narayanpur, P.S.- Jibantala, Baruipur, 743363, West Bengal, India, কলকাতায় নেটটির পাবলিক 29/12/2023 এর Affidavit স্বারা আমার নাম এখন থেকে আব্দুল Mannaf Sardar(নতুন নাম) নামে পরিচিত হলাম। Abdul Mannaf Sardar (নতুন নাম) এবং Mannaf Sardar (পুরাতন নাম) একই ব্যক্তি।

নাম / পদবি পরিবর্তন
আমি, Minnihara Molla & Mina Begam (পুরাতন নাম) স্বামী Soharab Molla, ঠিকানা Vill- Saktigang, Gram, P.O. & P.S. Saktigang, Dist- Purba Bardhaman, Pin- 713149, West Bengal, India, Executive Magistrate, Bardhaman. Dated 18/12/ 2023 এর Affidavit স্বারা আমার নাম এখন থেকে Minnihara Begam (নতুন নাম) নামে পরিচিত হলাম। Minnihara Begam (নতুন নাম) এবং Minnihara Molla & Mina Begam (পুরাতন নাম) একই ব্যক্তি।

Name Change
I BIRENDRA KRISHNA MAJHI (OLD NAME) S/O Barun Maji, Dakshin Jhapradah jele para, domjur , howrah 711405. , shall henceforth be known as BIRENDRA KRISHNA MAJI (new name) VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 29/12/2023.That BIRENDRA KRISHNA MAJI and BIRENDRA KRISHNA MAJHI all are the same and one identical person.

Name Change
I BARUN MAJHI (OLD NAME) S/O Prahlad Maji , Dakshin jhapradah jele para, domjur , howrah 711405 , shall henceforth be known as BARUN MAJI (new Name) vide an affidavit sworn before the notary public at kolkata on 29/ 12/2023.That BARUN MAJI and BARUN MAJHI all are the same and one identical person.

Name Change
I ENAMUR RAHAMAN THANDAR, R/O MADHYA PANCHUR, P/O BIDHANNAGAR, PS.RABINDRANAGAR, KOLKATA-700066, WEST BENGAL, THAT I ENAMUR RAHAMAN THANDAR SHALL HENCEFORTH BE KNOWN AS OSIUR RAHAMAN THANDER, VIDE AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 29/12/2023. OSEUR RAHAMAN THANDAR AND OSIUR RAHAMAN THANDER SAME AND ONE IDENTICAL PERSON.

Name Change
I ENAMUR RAHAMAN THANDAR, S/O OSIUR RAHAMAN THANDER, R/O MADHYA PANCHUR, P/O BIDHANNAGAR, PS RABINDRANAGAR, KOLKATA-700066, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS ENAMUR RAHAMAN THANDER, VIDE AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 29/12/2023. ENAMUR RAHAMAN THANDAR AND ENAMUR RAHAMAN THANDER SAME AND ONE IDENTICAL PERSON.

Name Change
I SEKH AH BARIK, S/O LATE SEKH KHORSED, R/O VILL TAJPUR , PO TAJNAGAR, PS SUTAHATA, EAST MEDINIPUR, PIN-721635, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS SK ABDUL BARIK, VIDE AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 30/12/2023. SEKH AH BARIK AND SK ABDUL BARIK SAME AND ONE IDENTICAL PERSON.

Name Change
I CHANDULAL , S/O RAICHAND BOSMIA, R/O 9B, LAKE ROAD, LAKE MARKET, KOLKATA-700029, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS CHANDULAL RAICHAND BOSMIA, VIDE AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 29/12/2023. CHANDULAL RAICHAND BOSMIA AND CHANDULAL SAME AND ONE IDENTICAL PERSON.

বিষ্ণুপুরে সৌমিত্র খাঁ’র বিরুদ্ধে ক্ষোভ উগরে পোস্টার ঘিরে ছড়াল উত্তেজনা

দুরন্ত বার্তা, বাঁকুড়া, ৩১ ডিসেম্বর : লোকসভা নির্বাচনের প্রস্তুতি শুরু হয়ে গিয়েছে। বছর ঘুরলেই লোকসভা নির্বাচন। রাজ্য বিজেপির প্রস্তুতি এখন তুঙ্গে উঠেছে। খোদ অমিত শাহ এবং জেপি নাড্ডা বাংলায় এসে বৈঠক করে গিয়েছেন বঙ্গ-বিজেপি নেতাদের সঙ্গে। এই আবহেই বিষ্ণুপুরের বিজেপি সাংসদ সৌমিত্র খাঁয়ের বিরুদ্ধে দোদার ক্ষোভ উগরে পড়ল পোস্টার। বিজেপির বিষ্ণুপুর সাংগঠনিক জেলা কার্যালয়ের সামনে এই পোস্টার পড়েছে। যা নিয়ে রবিবারীয় দুপুরে চর্চা তুঙ্গে উঠেছে। আর এই পোস্টারকে নিয়ে বিষ্ণুপুর শহরে উত্তেজনা ছড়িয়েছে। এই

পোস্টারকে কেন্দ্র করে তরজা শুরু হয়েছে বিজেপি-তৃণমূল কংগ্রেসের মধ্যে। এদিকে এই পোস্টার বর্ষশেষে পড়ায় সৌমিত্রের টিকিট পাওয়ায় বাধা হতে পারে বলে মনে করা হচ্ছে। আবার আসন পাটে যেতেও পারে। কারণ এই পোস্টারের কোথাও লেখা ‘টিকিট বিক্রির কান্ডারি সৌমিত্র থাকিে দূর হটাৎ’। আবার লেখা আছে, ‘বিষ্ণুপুরের জনগণ বিরোধী সৌমিত্র খাঁ নিপাত যাক’। কোথাও আবার সৌমিত্র খাঁয়ের ছবি দিয়ে লেখা, ‘১০ বছরের অবসান চাই, সৌমিত্র দালালের বিদায় চাই’। এই জেলার একাধিক পঞ্চায়েত, বিধানসভা হাতছাড়া হয়েছে। সাংসদের জন্যই এমন হয়েছে বলে পোস্টারে উল্লেখ রয়েছে। আর পোস্টারের তলায় লেখা, ‘বিষ্ণুপুরের শুভবুদ্ধিসম্পন্ন শিক্ষিত অনুশাসিত জনগণের তরফ থেকে’। অন্যদিকে তিন বছরে চার

তীরন্দাজির আসর

দুরন্ত বার্তা, মেদিনীপুর, ৩১ ডিসেম্বর : বছরের শেষ দিনে তীরন্দাজি প্রতিযোগিতার মধ্যে দেখা গেল খড়গপুরের বিজেপি সাংসদ দিলীপ ঘোষকে। রবিবার তীরন্দাজি প্রতিযোগিতা সূচনা করলেন দিলীপ ঘোষ। এদিন তাঁর ছুড়ে পশ্চিম মেদিনীপুরের দাঁতন ব্লকের তালুদা কদম কুঁড়ি গ্রামে এই প্রতিযোগিতা শুরু করলেন তিনি। বছর ঘুরলেই লোকসভা নির্বাচন। তার আগে ছোট ছোট কনস্ট্রি নিয়ে জনসংযোগ ও প্রচার সারছেন খড়গপুরের সাংসদ দিলীপ ঘোষ। বেশকয়েক মাস ধরে সাঁতার, ক্রিকেট, ফুটবলের পাশাপাশি এবার তীরন্দাজি ও নাচের প্রতিযোগিতা করলেন সাংসদ দিলীপ ঘোষ। রবিবার তীর নিক্ষেপ করে প্রতিযোগিতার সূচনা করেন তিনি। এদিন দাঁতন-১ ব্লকের আলিকোষা গ্রাম পঞ্চায়েতের তালুদা কদমকুঁড়ি গ্রামে তীরন্দাজি ও আদিবাসী নৃত্য প্রতিযোগিতার আয়োজন করা হয়। আদিবাসী নৃত্যের ঐতিহ্যকে ধরে রাখতে এবং তীরন্দাজির উৎসাহিত করতে এই প্রতিযোগিতার আয়োজন করা হয়। যার লক্ষ্য আগামী দিনে জাতীয় স্তরে যাত্রে প্রত্যন্ত এলাকা থেকে তীরন্দাজ তৈরি হওয়া। যারা এতে স্থান অধিকার করবেন তাঁদের পুরস্কৃত ও সম্মানিত করা হবে এদিন লিপিয়েছেন দিলীপ ঘোষ। হবেন জাতীয় ঘোষ বলেন, যেগুলো আমাদের গ্রামীণ খেলাধুলো সেগুলো একে একে অবলুপ্ত হয়ে যাচ্ছে। জঙ্গলমহল এলাকার প্রত্যন্ত এলাকার মানুষজন আধুনিক কোচিং পাবে। গ্রামের প্রতিভা যদি এগোয় তাহলে ভারত আরও অনেক পদক জিততে পারবে। পাশাপাশি এদিন তিনি বলেন, যে কোনওভাবে মানুষের কাছে পৌঁছালে সমাজ উদ্বুদ্ধ হয় আমরা সেটাই চেষ্টা করছি।

রোগীদের পাশে

দুরন্ত বার্তা, লাভপুর, ৩১ ডিসেম্বর : হসতান বছরের আগে লাভপুর গ্রামীণ নতুনতাল পরিদর্শনে যান লাভপুরের বিধায়ক তথা জেলাপরিষদের মেটর অভিজিৎ সিনহা। রবিবার বিকেলে হাসপাতালে গিয়ে রোগীরা কৈদর সরাবারি পরিষেবা পাচ্ছেন, তেমন কুশল স্ববাদ ও খোঁজ খবর নেওয়ার পাশাপাশি তাঁদের হাতে ফলমূল, মিষ্টির পাশাপাশি, তাঁদের হাতে হাতে কঞ্চল শীতবস্ত্র তুলে দেন অভিজিৎ সিনহা।

এদিন সান্ত্বনাদান করেছেন রাম মন্দির দর্শনে নিয়ে যাবেন শুভেন্দু অধিকারী। যারা নিজের টাকায় রাম মন্দির দর্শনে যেতে পারবেন না তাদের রাম মন্দির দর্শনে নিয়ে যাবেন শুভেন্দু অধিকারী। রবিবার বছরের শেষ দিন নন্দীগ্রাম বজরং কমিটি আয়োজিত হনুমান পূজায় অংশগ্রহণ করে সেখানে একথা বলেন শুভেন্দু। স্থানীয়দের আশ্বস্ত করে তিনি বলেন, যারা নিজের টাকায় রাম মন্দির দর্শনে যেতে পারবেন না তাদের সাথে সেবক শুভেন্দু সব সময় আছে।

গোটা শুভেন্দুবাবু বলেন, রাম মন্দির দর্শনের জন্য এটিম দেশে থেকে ৭০০ ট্রেনের ব্যবস্থা করেছে ভারতীয় রেল। সেই সব ট্রেনে টিকিট কেটে উঠতে হবে। নন্দীগ্রামের যারা টিকিট কেটে রাম মন্দির দর্শনে যেতে পারবেন না তাদের মধ্যে প্রতি মাসে আমি ১০০ জন করে ট্রেনে যাতায়াতের ব্যবস্থা করে দেব। জানুয়ারি মাসের ২২ তারিখের পর থেকে নন্দীগ্রামে রাম মন্দির দর্শন কর্মসূচি শুরু হবে। যারা নিজদের ক্ষমতায় যেতে পারবেন না, যারা পারবেন না তাদের জন্য শুভেন্দু অপনাদের সেবক আপনাদের সাথে আছে। এদিন রাম মন্দির প্রসঙ্গে বলতে গিয়ে দিখায় জগন্নাথ কালচারণাল সেন্টারের প্রসঙ্গও



কংগ্রেসের জেলার নেতা গৌতমী বলেন, বিজেপিতে গোষ্ঠীদ্বন্দ্ব কোন পন্যেই পৌঁছেছে, এই পোস্টারে তারই প্রমাণ। বিজেপি সাংসদ কেনেও কাজ করেননি। তাই নিচুতলার কর্মীরা ক্ষোভ প্রকাশ করছেন পোস্টার সাঁটিয়ে। গোষ্ঠীদ্বন্দ্ব সামলাতে না পেয়ে এখন তৃণমূলের উপর দোষ চালাচ্ছে। এই পোস্টার কাণ্ড নিয়ে সাংসদ সৌমিত্র খাঁর বক্তব্য, যারা এই কাজ করছেন, ভাল থাকবেন। লোকসভা নির্বাচনে বিজেপি বাংলায় ৬৫টি আসন পাবে। ভারতে রামমন্দির তৈরি হচ্ছে। নিশ্চিত্তে থাকবেন। পোস্টার কারা দিয়েছেন জানা নেই আমরা। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর কথায়, সৌমিত্র চাঙ্গা ও জনপ্রিয় ছেলে। আমাদের সাংসদদের কাজ করতে দেয়নি সেটা অন্য প্রশ্ন। সৌমিত্র অত্যন্ত লড়াই ছেলে। দল টিকিট দিলে জিতবে।

প্রশাসনিক নজরদারিতে সুখে পিকনিক

দুরন্ত বার্তা, মাইথন, ৩১ ডিসেম্বর : বছরের শেষ দিন রবিবার। পুরাতনকে বিদায়। নতুন বছরকে স্বাগত জানাতে বা উৎসবে মেতে উঠলেন শহরবাসী। মাইথনে উপচে পড়ল ভিড়া তবে এবার ডিজেইন, থার্মেকলের থালা বাটি বিহীন পরিষেে বান্ধব পিকনিক দেখা গেল মাইথন ডায়ম এলাকায়। মাইথনে অনারকম পর্যটন স্থান। মাইথন ডায়ম, জলাধার, পাহাড়, জঙ্গল নিয়ে অন্য রকমের প্রাকৃতিক পরিবেশ মাইথন। এই মাইথনে ডিজে বান্ধাানা নিয়ে রয়েছে নিষেধাজ্ঞা। বিশেষ করে মাইথন ডায়ম, বাথানবাড়ি, সিখাবাড়ি এলাকায় ডিঙ্গের প্রকেপ দেখা গেল না এবার। তার কক্ষণ অভ্যধিক প্রশাসনিক নজরদারি। এদিন মাইথন ডায়ম ছিল ব্যতিক্রম। সিদ্ধান্ত হয়েছিল মাইথন ডায়মের নৌকা বিহারে লাইফ জ্যাকিট ছাড়া কাউকে চাপতে দেওয়া

হবে না। ২৫ ডিসেম্বর থেকেই অবশ্য নৌকা বিহারে সতর্কতা নেওয়া হয়। লাইফ জ্যাকিট, পুলিশের টহলদারি দেখা গেল রবিবার। শীতেরে পিকনিক এবং পর্যটনের মরসুমে মাইথনে সালানপুর ব্লক প্রশাসনে এই সপ্তে তামাক গুটকা নানা নেশার দ্রব্য সম্পূর্ণভাবে নিষিদ্ধ করা হয়েছে। তবে পরিষেবার ভাঙ্গসা বাজয় রাখা থাকা অতিরিক্ত জোর দেওয়া হয়েছে ডিজে বন্ধের ব্যাপারে। ডিজে বাজ্যোগু করে জরিমানা আদায় এবং আইনগত ব্যবস্থা নেওয়ার জন্য পুলিশকে অতিরিক্ত ক্ষমতা দেওয়া হয়েছে। ব্লক প্রশাসন থেকে জানিয়ে দেওয়া হয়েছে মাইথনে পিকনিক করতে আসা সমস্ত মানুষ বিকেল চারটের মধ্যে যেন পিকনিক স্পট ছেড়ে বেরিয়ে আসেন। বছরের শেষদিন দেখা গেল অক্ষরে অক্ষরে পালন হল সব নিয়ম কানুন।

বৃদ্ধার কাছে উদ্ধার ৬৪ হাজার টাকা

দুরন্ত বার্তা, তালুক, ৩১ ডিসেম্বর : নর্দমা় পড়ে থাকা মানসিক ভারসাম্যহীন বৃদ্ধার কাছে মিলল নগদ ৬৪ হাজার টাকা। রবিবার সকালে পূর্ব মেদিনীপুরের তমলুকের হাসপাতাল মোড় এলাকায় নর্দমা থেকে তোলার ব্যবস্থা করা হয়। ঘটনাকে কেন্দ্র করে ব্যাপক শোরগোল পূর্ব মেদিনীপুরের তমলুকে। জানা গিয়েছে, রবিবার সকালে পূর্ব মেদিনীপুরের তমলুকের হাসপাতাল মোড় এলাকায় নর্দমা় এক বৃদ্ধাকে পড়ে থাকতে দেখেন স্থানীয় টোটো চালককরা। সঙ্গে সঙ্গে তাঁকে নর্দমা থেকে তোলার ব্যবস্থা করা হয়। তখন দেখা যায়, বৃদ্ধার শরীরে কোনও কাপড় নেই। সঙ্গে সঙ্গে সেখানে থাকা টোটো থেকে কাপড় নিয়ে মহিলার গায়ে জড়িয়ে দেওয়া হয়। বৃদ্ধাকে তুলে রাস্তার পাশেই শোয়ানা হয়। এর পর টোটো চালকরা যে যার বাড়ি চলে যান। ফিরে আসার পর বৃদ্ধার কাপড়ের মধ্যে থেকে উদ্ধার হয় টাকার বান্ডিল। ঘটনাকে কেন্দ্র করে স্বাভাবিকভাবেই ব্যাপক চাঞ্চল্য ছড়িয়ে পড়ে টোটো চালকদের মধ্যে। সঙ্গে সঙ্গে খবর দেওয়া হয় থানায়। পুলিশ ঘটনাস্থলে গিয়ে বৃদ্ধার সঙ্গে থাকা টাকা গোনা। মেলে মোট ৬৪ হাজার ১৫ টাকা। কীভাবে এত টাকা এল বৃদ্ধার কাপড়ে? এই টাকা কি সত্যিই বৃদ্ধার? জানার চেষ্টা করা হচ্ছে। এদিকে বৃদ্ধাকে বৃদ্ধাশ্রমে রাখার আর্জি জানিয়েছেন টোটোচালকরা।

ক্যারিব্যাগ রুখতে অভিযান রায়গঞ্জে

দুরন্ত বার্তা, রায়গঞ্জ, ৩১ ডিসেম্বর : একদিনের মূলধ্বারে বৃষ্টিতে রায়গঞ্জের একাধিক ওয়ার্ড জলমগ্ন হয়ে পড়েছে। অধিকাংশ ওয়ার্ডে নিকাশি ব্যবস্থা নেই বললেই চলে। কিছু ড্রেন থাকলেও প্লাস্টিক ক্যারিব্যাগ অতিরিক্ত ব্যবহারের ফলে সেগুলো প্রায় বন্ধ। ফলে সামান্য বৃষ্টিতে ওয়ার্ডগুলিতে জল জমে যায়। সেই জমা জলের প্রতিকার করতে এবার ক্যারিব্যাগ নিষিদ্ধ করার অভিযানে নামল রায়গঞ্জ পুরসভা। রবিবার রায়গঞ্জ পুরসভার উদ্যোগে নিকাশি ব্যবস্থা সচল রাখার পাশাপাশি পরিবেশ ভালো রাখার জন্য রায়গঞ্জ পুরসভার চ্যেয়ারপার্সন সন্দীপ বিশ্বাস সহ স্যানিটারি বিভাগের কর্মী ও কো-অর্ডিনেটররা শহরের রেল বাজারে অভিযান চালায়। ক্যারিব্যাগের ব্যবহার বন্ধের জন্য সাধারণ মানুষদের মধ্যে সচেতনতার বার্তা পৌঁছে দেওয়া হয়। সন্দীপ বিশ্বাস বলেন, আগামীতে অল্প দিনের ব্যবধানেই আমরা টিম বানিয়ে ঘন ঘন অভিযানে নামব। পরিবেশ এবং নিকাশি ভালো রাখার জন্য প্লাস্টিক ক্যারিব্যাগ ব্যবহার বন্ধ করতে হবে।

প্রতি মাসে নন্দীগ্রামের ১০০ জনকে রাম মন্দির দর্শনে নিয়ে যাবেন শুভেন্দু অধিকারী

দুরন্ত বার্তা, নন্দীগ্রাম, ৩১ ডিসেম্বর : নন্দীগ্রামের মানুষকে রাম মন্দির দর্শনে নিয়ে যাবেন শুভেন্দু অধিকারী। যারা নিজের টাকায় রাম মন্দির দর্শনে যেতে পারবেন না তাদের রাম মন্দির দর্শনে নিয়ে যাবেন শুভেন্দু অধিকারী। রবিবার বছরের শেষ দিন নন্দীগ্রাম বজরং কমিটি আয়োজিত হনুমান পূজায় অংশগ্রহণ করে সেখানে একথা বলেন শুভেন্দু। স্থানীয়দের আশ্বস্ত করে তিনি বলেন, যারা নিজের টাকায় রাম মন্দির দর্শনে যেতে পারবেন না তাদের সাথে সেবক শুভেন্দু সব সময় আছে।

গোটা শুভেন্দুবাবু বলেন, রাম মন্দির দর্শনের জন্য এটিম দেশে থেকে ৭০০ ট্রেনের ব্যবস্থা করেছে ভারতীয় রেল। সেই সব ট্রেনে টিকিট কেটে উঠতে হবে। নন্দীগ্রামের যারা টিকিট কেটে রাম মন্দির দর্শনে যেতে পারবেন না তাদের মধ্যে প্রতি মাসে আমি ১০০ জন করে ট্রেনে যাতায়াতের ব্যবস্থা করে দেব। জানুয়ারি মাসের ২২ তারিখের পর থেকে নন্দীগ্রামে রাম মন্দির দর্শন কর্মসূচি শুরু হবে। যারা নিজদের ক্ষমতায় যেতে পারবেন না, যারা পারবেন না তাদের জন্য শুভেন্দু অপনাদের সেবক আপনাদের সাথে আছে। এদিন রাম মন্দির প্রসঙ্গে বলতে গিয়ে দিখায় জগন্নাথ কালচারণাল সেন্টারের প্রসঙ্গও



তোলেন শুভেন্দুবাবু। বলেন, রাম মন্দির তৈরি হয়েছে সনাতনীদের নিধি দিয়ে। সনাতনীরা বিপু হিন্দু পরিষদকে যে টাকা দিয়েছে তা দিয়ে তৈরি হয়েছে মন্দির। দিযার জগন্নাথ কালচারণাল সেন্টারের মতো সরকারি টাকায় তৈরি নয়। আগামী ২২ জানুয়ারি উত্তর প্রদেশের অযোধ্যায় উল্লেখন হতে চলছে রাম মন্দিরের। প্রায় অর্ধশতকের আইনি লড়াইয়ের পর অযোধ্যার বিতর্কিত প্রাঙ্গনে রাম মন্দির তৈরির অনুমতি দে়ে আদালত। রাম মন্দিরকে হাতিয়ার করে বিজেপি ২০২৪-এর ভোট বৈতরণী পার হওয়ার চেষ্টা করছে বলে অভিযোগ করছে বিরোধীরা।

জেলা সভাপতি পরিবর্তনকারী, মিথ্যাচারী, ব্যাভিচারী, দুষ্কৃতি সৌমিত্র, মূর্থ হটো-এই কথাটি লেখা থাকায় অনেকেই ধরে নিচ্ছেন এটা বিজেপির গোষ্ঠীকোন্দলের ফসল। এই পোস্টারগুলি চোখে পড়তেই তুলকালাম কাণ্ড শুরু হয়ে যায়। এই বিষয়ে বিজেপির বিষ্ণুপুর সাংগঠনিক জেলা মুখপাত্র দেবপ্রিয় বিশ্বাস বলেন, তৃণমূলের চক্রান্ত রয়েছে। ছেরে যাওয়ার ভয়েই এসব করছে তারা। তবে এতে কোনও লাভ হবে না। বিষ্ণুপুর লোকসভা কেন্দ্রে বিজেপিই জিতবে। তবে এই বিষয়টি নিয়ে বিজেপিকেই দায়ী করেছে তৃণমূল কংগ্রেস। তৃণমূল

চাঁচলে সোনার দোকানে ডাকাতির ঘটনায় লিঙ্কম্যান সন্দেহে গ্রেফতার

তনুজ জৈন, মালদা, ৩১ ডিসেম্বর : মালদার চাঁচলে সোনার দোকানে ডাকাতির ঘটনায় নতুন বছরের প্রাক্কালে প্রাথমিক সাফল্য জেলা পুলিশ তথা চাঁচল থানার পুলিশের। ডাকাতির ঘটনায় গ্রেফতার এক। ধৃত ব্যক্তির নাম শাহজহান (৩৪)। বাড়ি চাঁচল থানার মল্লিকপাড়ার নিমগাছি গ্রামে। ধৃতকে জিজ্ঞাসাবাদের জন্য ১৪ দিনের পুলিশ হেফাজতের আবেদন জানিয়ে রবিবার চাঁচল মহকুমা আদালতে পেশ করে পুলিশ। পুলিশ সূত্রে জানা গেছে ধৃত ব্যক্তি এই ডাকাতির লিংকম্যান। ডাকাতদের সমস্ত খরচাব্যয়ের সরবরাহ তিনি করতেন। আর এই ব্যক্তির গ্রেফতারের ঘটনায় বিহার যোগ আওর স্পষ্ট হচ্ছে। কারণ ধৃত ব্যক্তি বিহার সীমান্তবর্তী গ্রামের বাসিন্দা। তাই তাকে জিজ্ঞাসাবাদ করলেই সমস্ত রহস্যের জট খুলবে বলে মনে করা হচ্ছে। প্রসঙ্গত বড়দিনের সন্ধ্যায় চাঁচল বাজারের নামকরা সোনার দোকানে অসাব্যহ ডাকাতির ঘটনা ঘটে। প্রায় ৫ কোটির গয়না লুট করে নিয়ে যায় দুষ্কৃতীরা, চলে গুলি। পুলিশ-প্রশাসনের ভূমিকা নিয়ে সেই ঘটনায় একাধিক প্রশ্ন উঠেছিল। মুম্বইর কীভাবে চিঠি দিয়ে উদ্বেগ প্রকাশ করেছিল

জাতীয় কাবাডি চ্যাম্পিয়ানশিপে কাঁকসার ৩ তরুণী

দুরন্ত বার্তা, দুর্গাপুর, ৩১ ডিসেম্বর : খেলার ম্যাট সু কেনার সাদর্থ্য নেই। অভাব-অনটন নিত্যসঙ্গী। দ্রারিহ্রতার সঙ্গে করে জাতীয় কাবাডি চ্যাম্পিয়ানশিপ প্রতিযোগিতায় খেলবে কাঁকসার তিন তরুণী। রবিবার পানাগড় থেকে রাজস্থানের উদ্দেশ্যে রওনা দিল ওই তিন তরুণী। জানা গেছে, ওই তিন তরুণীর নাম দেবী বাগদী, বৃষ্টি বাগদী, সিয়া খাতুন। আগামী ২ জানুয়ারি থেকে রাজস্থানে অনুষ্ঠিত হচ্ছে অনূর্ধ্ব ১৭ কাবাডি জাতীয় চ্যাম্পিয়ানশিপ। তাতে বালা দলের হয়ে খেলবে কাঁকসার দেবী, বৃষ্টি ও সিয়া। দেবী বাগদী কাঁকসা গার্লস স্কুলের দশম শ্রেনীর ছাত্রী। পানাগড় গ্রামের বাসিন্দা। তার বাবা বিনয় বাগদী, পেশায় টাক্সার চালক। তাতে যা রোজগার হয় কোনভাবে সংসার চলে। দারিহ্রতার সঙ্গে লড়াই করে পড়াশোনা ও খেলাধুলা করে। দেবী বাগদী জানায়, ছোটো থেকে কাবাডি খেলার আদ্রই গ্রামী। গ্রামের পাশে খেলা মাঠে প্রশিক্ষন নিই। অনুশীলন করার তেমন মাঠ নেই। মাঠের পরিকাঠামো এই মেয়েদের পোশাক বদল করা, শৌচাগার তেমন নেই। আর এক প্রতিযোগী বৃষ্টি বাগদী। কাঁকসা গার্লস স্কুলের দশম শ্রেনীর ছাত্রী। পানাগড় গ্রামের বাসিন্দা। তার বাবা জগন্নাথ বাগদী পেশায় রাজমিস্ত্রী। কোনভাবে সংসার চলে। তার ইচ্ছা মেয়ে খেলাধূলা করুক। আর এক প্রতিযোগী সিয়া খাতুন। কাঁকসা গার্লস স্কুলের নবম শ্রেনীর ছাত্রী। কাঁকসা সেথ পাড়ার বাসিন্দা। তার বাবা সিকান্দর আলি, পেশায় লরি চালক। অভাব অনটনের সংসারে মেয়ের খেলাধুলার আকাংখে খামতি রাখেনি। সিয়া জানায়, রাজ্য ও জাতীয় স্তরে ম্যাটে খেলা হয়। আমাদের অনুশীলন করার কোন ম্যাট নেই। তাই, অনুশীলন করার ম্যাট হয়ে খুব ভাল হয়। প্রসঙ্গত, কলেজনির আগে ওই তিনজন দীঘাতে রাস্তাঘুরে পশ্চিম বর্ধমান জেলার দলে প্রতিনিধিত্ব করেছে। তাতে তাদের দক্ষতার নিরিখে নির্বাচিত হয়েছে বাংলা দলে। তাদের প্রশিক্ষক সৈয়দ রহমত আলি জানান, তিনজনই খুব ভাল খেলো। আশা রাখছি জাতীয় চ্যাম্পিয়ান প্রতিযোগিতায় সাফল্য পাবে।

গ্রেফতার রাশিয়ান

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ৩১ ডিসেম্বর : অধেগভাবে সীমান্ত পারাপার করতে গিয়ে গ্রেফতার এক রাশিয়ান। থিবিভারি পানিট্যাকি সলগ্ন বাজাজ ছাঁট লাগোয়া ভারত নেপাল সীমান্ত পারাপারের অভিযোগ সীমান্তে উলদার জওয়ানদের হাতে আটক হন রাশিয়ান ব্যক্তি। ধৃত পাতেল আলেকজেন্ডব (৩৮), রাশিয়ার বাসিন্দা। জানা গিয়েছে, শনিবার মেচি নদী হয়ে নেপাল থেকে ভারতে আসার চেষ্টা করছিল। সেই সময় এসএসবি ৪১নং ব্যাটালিয়নের জওয়ানদের সন্দেহ হওয়ায় তাকে আটক করে।

Office of The Joypur Gram Panchayat At-Gold Rajbari Road, Joypur : Po- Garh Joypur; PS-Joypur; Dist- Purulia
No. 08(E)JGP/2023-24/1583 CFC. For and on behalf of the Joypur Gram Panchayat, The Pradhan Joypur Gram Panchayat invites Tender for total 11(Eleven)Nos. different works.Date of publication (online): 04.01.2024 at 17.00 Hrs. Online submission of bid starting from 04.01.2024 upto 13.01.2024 at 12.00 Hrs. Time and Date for Opening Technical Bid (Online): 15.01.2024 at 12.00 Hrs. For details please visit website https://wbenders.gov.in/Pradhan Joypur Gram Panchayat



জেলার ব্যবসায়ী মহল। পুলিশকে দেওয়া হয়েছিল ৭২ ঘণ্টার সময়সীমা। তদন্তের জন্য গঠন হয়েছে বিশেষ টিম। আসরে নেমেছে সিআইডি। তারপরেই ডাকাতির এক সপ্তাহের মাথায় প্রাথমিক সাফল্য। যদিও ব্যবসায়ীরা জানাচ্ছেন শুধু লিংকম্যান না, সমস্ত দুষ্কৃতীদের দ্রুত গ্রেফতার করতে হবে। আর ডাকাতি হওয়া গয়না উদ্ধার করে দিতে হবে। নিরাপত্তার অভাব বোধ করলে ব্যবসায়ীরা। অন্যদিকে বর্ষবরণের কার্নিভালের আগে ডাকাতির ঘটনায় একজনের গ্রেফতার হওয়ার কথা শুনে স্বস্তির নিঃশ্বাস ফেলেছে চাঁচলবাসী। বড়দিনের সন্ধ্যার ঘটনায় প্রত্যেকের মধ্যেই আতঙ্ক ছিল।

এলাকার মানুষের দাবি ছিল বর্ষবরণের কার্নিভালের আগে যাতে ডাকাতির কিনারা হয়। মালদা মার্চেন্ট চেম্বার অব কমার্সের সভাপতি জয়ন্ত কুন্ডু বলেন, আমরা সকল দুষ্কৃতীদের গ্রেফতার চাইছি। আর সমস্ত কিছু উদ্ধার করে দিতে হবে। উত্তর মালদার সমস্ত ব্যবসায়ীদের নিয়ে আমরা ৪ তারিখ পুলিশ সুপারের কাছে ডেপুটেশন দেবো। স্থানীয় বাসিন্দা প্রবীণ আগরওয়াল বলেন, একজন গ্রেফতার হয়েছে শুনলাম। আজকে সন্ধ্যাতোে শহরে অনুষ্ঠান রয়েছে কার্নিভালের। তাই এই গ্রেফতারি আমাদের একটু শান্তি দিচ্ছে। চাঁচল থানার পুলিশ জানার, ধৃতকে জিজ্ঞাসাবাদের জন্য ১৪ দিনের হেফাজতে নেওয়া হয়েছে।

গীতা পাঠশালার বর্ণাঢ্য শোভাযাত্রা

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ৩১ ডিসেম্বর : বিশ্বশান্তি কামনার লক্ষ্যে নতুন বছরকে স্বাগত জানাতে ইংরেজি ২০২৩ বছরের শেষ রবিবার বর্ণাঢ্য শোভাযাত্রা হলদিবাড়িতে। আজ রবিবার ছুটির দিন, বছরের শেষ। ইংরেজি ২০২৩ বিদায় জানাতে জলপাইগুড়ি এবং পার্শ্ববর্তী জেলা কোচবিহারের হলদিবাড়ি থেকে বিভিন্ন পার্কগুলোতে মানুষের উপস্থিতি লক্ষ্য করা গেল। জলপাইগুড়িতে ব্রহ্মাকুমারী ঈশ্বরীয় বিশ্ববিদ্যালয়ের হলদিবাড়ি গীতা পাঠশালার বর্ণাঢ্য শোভাযাত্রায় বিশ্বশান্তির প্রত্যাশায় বছর আসে বছর যায়। মানব জীবনে বাধা-বিপত্তি লেগেই থাকে। একদিকে গোটা বিশ্ব করোনার দাপট কাটিয়ে স্বস্তির নিঃশ্বাস ফেলছে। অন্যদিকে প্রতিবেশী রাষ্ট্রে চলেছে বিশ্বযুদ্ধ। ধ্বংসলীলার হাত থেকে রক্ষার তাগিদে ঈশ্বরের কাছে প্রার্থনা করে গোটা দেশ ২০২৩ কে বিদায় জানিয়ে ২০২৪কে স্বাগত জানাতে চলেছে। জলপাইগুড়ি জেলায় বিভিন্ন সামাজিক কর্মকান্ডের পাশাপাশি আধ্যাত্মিক আলোচনার অন্যতম গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে প্রজাপিতা ব্রহ্মাকুমারী ঈশ্বরীয় বিশ্ববিদ্যালয়। আজ পুরাতন বছরকে বিদায় জানিয়ে নতুন বছরকে স্বাগত জানাতে এবং গোটা বিশ্বে বিশ্বশান্তি কামনার লক্ষ্যে একটি বর্ণাঢ্য শোভাযাত্রা করে প্রজাপিতা ব্রহ্মাকুমারী ঈশ্বরীয় বিশ্ববিদ্যালয়ের হলদিবাড়ি গীতা পাঠশালা। শোভাযাত্রায় অংশগ্রহণকারীরা বিভিন্ন ধরনের শান্তির গীত পরিবেশন করে। শোভাযাত্রায় অংশগ্রহণকারীদের মাঝে ছিলো শিশু, কিশোর, যুবক-যুবতী, মহিলা ও বৃদ্ধসহ বিভিন্ন শ্রেণি ও পেশার মানুষ। শোভাযাত্রাটি হলদিবাড়ি গীতা পাঠশালা থেকে শুরু হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে আবার গীতা পাঠশালায় এসে শেষ হয়। শোভাযাত্রার শেষে গীতা পাঠশালার প্রাঙ্গণে একটি আলোচনাসভা অনুষ্ঠিত হয়। আলোচনাসভায় বক্তরা বলেন, বিশ্বে শান্তি প্রতিষ্ঠার জন্য প্রত্যেকের মধ্যে ঐক্য ও সহর্মহিতাবোধ জড়ত করা প্রয়োজন। শোভাযাত্রাটি হলদিবাড়ি গীতা পাঠশালা থেকে শুরু হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে আবার গীতা পাঠশালায় এসে শেষ হয়।

বাড়িতে উদ্ধার গৃহবধূর বুলন্ত দেহ

দুরন্ত বার্তা, আসানসোল, ৩১ ডিসেম্বর : বাড়ি থেকে এক গৃহবধূর বুলন্ত দেহ উদ্ধার হল। রবিবার ঘটনটি ঘটেছে আসানসোলের জামুড়িয়া থানার বীরকুলটি গ্রামে। মৃত গৃহবধূর নাম মিঠু ঘোষ(৩৮)। এদিন আসানসোল জেলা হাসপাতালে গৃহবধূর মৃতদেহের ময়নাতদন্ত হয়। পুলিশ সূত্রে জানা গিয়েছে, বীরকুলটি গ্রামের বাসিন্দা মিঠু ঘোষ বেশ কিছুদিন ধরে মানসিক অবসাদে ভুগছিলেন। যে কারণে তার চিকিৎসা চলছিল। তিনি বেশকিছু ওষুধও খেতেন। এরপর আজ বাড়ির লোকেরা তাঁকে ঘরের মধ্যে বুলন্ত অবস্থায় দেখতে পান। তড়িঘড়ি তাকে উদ্ধার করে আসানসোল জেলা হাসপাতালে নিয়ে আসা হলে চিকিৎসক পরীক্ষা করে মৃত বলে ঘোষণা করেন। প্রাথমিক তদন্তের পরে পুলিশের অনুমান, মানসিক অবসাদের কারণে ওই গৃহবধূ গলায় দড়ি দিয়ে আত্মঘাতী হয়েছেন। এই ঘটনায় একটি স্বাভাবিক মৃত্যুর মামলা করা হয়েছে। ঘটনার তদন্ত শুরু হয়েছে।

 KOLKATA MUNICIPAL CORPORATION – e-TENDER
ABRIDGED NIT
The Executive Engineer (E)/Lt./JZ-II, KMC invites tender online percentage rate two bid system for following works: (1) NIT No.: LTG/200/VJZ-II/23-24 Name of the Work: Miscellaneous replacement of LED lighting system at riverfront site from Princep Ghat to Scoop Restaurant Parlour. Estimated Amount: ₹ 2,99,324.00. Earnest Money: ₹ 6,000.00.
(2) NIT No.: LTG/201/VJZ-II/23-24 Name of the Work: Improvement of lighting system at Princep Ghat & surrounding areas under Br.-V. Estimate Amount: ₹ 2,94,802.00. Earnest Money: ₹ 6,000.00.
(3) NIT No.: LTG/202/VJZ-II/23-24 Name of the Work: Improvement of lighting system at Millennium Park-III under Br.-V. Estimate Amount: ₹ 2,98,561.00. Earnest Money: ₹ 6,000.00.
(4) NIT No.: LTG/204/VJZ-II/23-24 Name of the Work: Improvement of lighting system from Scoop Restaurant Parlour to Judges Ghat areas under Br.-V. Estimate Amount: ₹ 2,99,324.00. Earnest Money: ₹ 6,

আর্থিক সঙ্কটে চরম অবস্থায় হায়দরাবাদ এফসি

হায়দরাবাদ, ৩১ ডিসেম্বর : হায়দরাবাদ এফসি বর্তমানে অভ্যন্তরীণ অস্থিরতার মুখোমুখি, আপাত আর্থিক চ্যালেঞ্জে জর্জরিত ক্লাব। জামশেদপুরের হোটেল রামাদার জেনারেল ম্যানেজার জামশেদপুর এফসি-র বিরুদ্ধে ম্যাচ চলাকালীন তিন দিন ধরে ২৬টি কক্ষের বিল পরিশোধ না করার জন্য রানা দাধুভাট সহ হায়দাবাদ এফসি-র সহ-মালিকদের বিরুদ্ধে একমাত্রিআর দায়ের করেছেন বলে খবর। হায়দরাবাদ ফুটবল দলের মালিক, ম্যানেজার এবং অভিনেতা রানা দাধুভাট সহ অন্যান্যদের বিরুদ্ধে বিষ্ণুপুর থানায় প্রতারণার মামলা দায়ের করেছে হোটেল রামাদার ম্যানেজমেন্ট। রানা দাধুভাট হায়দরাবাদ ফুটবল দলের মালিক হিসাবে দায়িত্ব পালন করেন এবং মামলাটি দলের ম্যানেজার এবং অভিজিত বাজিনের পর্যন্ত বিস্তৃত। অভিযুক্তরা হলেন বিজয় মাধুরী, বরুণ ত্রিপুরানেনি, নিতিন মোহন, অ্যান্টনি থমাস, সুরেশ গোপাল কৃষ্ণ, রঙ্গনাথ রেড্ডি এবং টিকে বালাজি। ৩ থেকে ৬ অক্টোবরের মধ্যে ফুটবল দল এক লাখ টাকা অগ্রিম অর্থ দিয়ে রামাদার ২৬টি কক্ষ নাকি বুক করেছিল। তবে বকেয়া বিল না মিটিয়েই ৬ অক্টোবর সকালে পুরো টিম হোটেল ছেড়ে চলে যায় বলে অভিযোগ। দলের কর্মকর্তাদের কল এবং লিখিত ই-মেলে মাধ্যমে একাধিকবার স্টেটা করা সত্ত্বেও নাকি কোনও সাড়া পাওয়া যায়নি। হোটেল রামাদার জেনারেল ম্যানেজার দলের মালিক, ম্যানেজার এবং অন্যান্য জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে একমাত্রিআর দায়ের করেছেন। দলের প্রাক্তন খেলোয়াড় নেস্টার গির্ভালো এবং বার্থোলেমিউ ওগারচের বেতন পূরণ করতে বার্থ হওয়ায় হায়দরাবাদ এফসি সম্প্রতি এক বছরের মধ্যে দ্বিতীয় বারের মতো ট্রান্সফার নিষেধাজ্ঞার মুখোমুখি হয়েছে। মাঠের বাইরের চ্যালেঞ্জের মধ্যেও হায়রাবাদ এফসির মাঠের পারফরম্যান্স সমানভাবে হতাশাজনক। এখনও একটিও জয় নিশ্চিত করতে পারেনি। গুরুত্বপূর্ণ বিদেশী খেলোয়াড়দের খাওয়ানো এবং ট্রান্সফার নিষেধাজ্ঞার মুখোমুখি হওয়ার সমস্যাপুঞ্জি হায়রাবাদ এফসিকে উল্লেখযোগ্যভাবে প্রভাবিত করেছে।

বছর শেষে বিশেষ সম্মান রাজপুত্রকে মেসির সঙ্গেই অবসরে যাবে আর্জেন্টিনার ১০ নম্বর জার্সি



বুয়েনোস আইরেস, ৩১ ডিসেম্বর : শচিন তেজুলকরকে সম্মান জানিয়ে আগেই ১০ নম্বর জার্সিকে সিন্দুকে তুলে রাখার সিদ্ধান্ত নিয়েছিল। এবার অবসরের পথে যেতে চলেছে আরও এক ১০ নম্বর জার্সি। ক্রিকেটের নয়, ফুটবলের। বিসিসিআইয়ের দেখানো পথেই হুটতে চলেছে আর্জেন্টিনা ফুটবল ফেডারেশনও। মারাদোনা-মেসির ১০ নম্বর জার্সিকে এবার অবসরে পাঠাতে চলেছে আর্জেন্টাইন ফুটবল ফেডারেশন। ২০২২ সালে ডিসেম্বরে বিশ্বকাপ জয়ের অধরা স্বপ্ন বাস্তবায়ন করে ফেলেন মেসি। ৩৬ বছরের খরা কাটিয়ে আর্জেন্টিনা জেতে নিজেদের তৃতীয় বিশ্বকাপ আর মেসি জিতে নেয় প্রথম বিশ্বকাপ। তারপর থেকেই ফুটবল রাজপুত্রের অবসর নিয়ে চর্চা শুরু হয়। মেসি কবে অবসর নেবেন তা এখনও চূড়ান্ত নয়। তবে এলএমটেনের অবসরের সঙ্গে সঙ্গেই ইতিহাসের পাতায় চলে যাবে আর্জেন্টিনার ১০ নম্বর জার্সিও। সর্বশেষ আর্জেন্টিনাকে ২০২২ বিশ্বকাপ জেতানোর পর শেষবার তার গায়েই দেখা যাবে বিখ্যাত ১০ নম্বর জার্সি। আর্জেন্টিনার বর্তমান অধিনায়ক আনুষ্ঠানিকভাবে অবসর নিলেই তার জার্সিকে অবসরে পাঠানো হবে, এমনটাই জানিয়েছেন আর্জেন্টিনা ফুটবল ফেডারেশনের প্রধান রুদ্রিও তাপিয়া। আর্জেন্টাইন এক সংবাদমাধ্যমকে তাপিয়া বলেন, মেসি যেদিন জাতীয় দল থেকে অবসর নেবে, আমরা আর কাউকে এরপর ১০ নম্বর জার্সি পরার অনুমতি দেবো না। তার সম্মানে এই ১০ নম্বর জার্সিও আজীবনের জন্য অবসরে চলে যাবে। অন্তত এটুকু আমরা তার জন্য করতেই পারি। এর আগে শচিনের ১০ নম্বর জার্সিও একইভাবে সংরক্ষণ করেছে বিসিসিআই। ভারতীয় দলের ১০ নম্বর জার্সি বরতে একটা নামই সকলের সবার প্রথম মনে আসে। তিনি মাস্টার ব্লাস্টার শচিন তেজুলকর। বছরের পর বছর ধরে এই ১০ নম্বর জার্সিতেই ২২ গজে রাজ করেছেন আন্তর্জাতিক ক্রিকেটে একদম্বা শত সেঞ্চুরির মালিক। শুধু শচিন নয় মোির সাত নম্বর জার্সিও সংরক্ষণ করেছে বিসিসিআই। আর্জেন্টিনার কাছে ১০ নম্বর জার্সি মানে একটা আবেগ। এই জার্সিতেই মাঠে নেমে বার পায়ে ইতিহাস সৃষ্টি করেছেন মারাদোনা থেকে মেসি। মাঝে কয়েকজন বিক্ষিপ্ত ভাবে এই জার্সি গায়ে চাপালেও মারাদোনার উত্তরসূরি হিসাবে এই জার্সির মালিক হন মেসি। ৩৬ বছর পর তাঁর অধিনায়কত্বে আর্জেন্টিনা বিশ্বসেরা হয়েছিল। বিশ্বকাপের প্রতিটি ম্যাচেই বল পায়ে জাদু দেখিয়েছিলেন আর্জেন্টাইন রাজপুত্র। যে জার্সিগুলি পরে নিজের এবং আর্জেন্টিনাবাসীদের স্বপ্নপূরণ করেছিলেন মেসি, সেগুলিই নিলামে তোলা হয়েছিল কয়েক সপ্তাহ আগেই। আমেরিকার নিউইয়র্কের সাউথবে নিলামে মেসির জার্সিগুলো তোলা হয়। সব মিলিয়ে ৭.৮ মিলিয়ন ডলারে বিক্রি হয় মেসির ওই ছ’টা জার্সি।

আগ্রাসনই মূল মন্ত্র সিঁটমাচের কাছে

নয়াদিল্লি, ৩১ ডিসেম্বর : এএফসি এশিয়ান কাপের জন্য ভারতীয় দল যোগা করা হয়। এই দলে ২৬ জনকে বেছে নিয়েছেন ইগর সিঁটমাচ। কয়েক দিন আগেই সর্বভারতীয় ফুটবল ফেডারেশনের তরফে ৫০ জন ফুটবলারের একটি তালিকা প্রকাশ করা হয়েছিল। রবিবার থেকে দোহাতে একটি প্রস্তুতি শিবির শুরু করেছে ভারতীয় দল। তাই সেই ৫০ জনের তালিকা থেকেই নিজে ২৬ জনকে বেছে নিলেন ভারতীয় ফুটবল দলের হেড কোচ ইগর সিঁটমাচ। ১২ জানুয়ারি থেকে কাতারে শুরু হচ্ছে এএফসি এশিয়ান কাপ। ১৩ জানুয়ারি এএফসি এশিয়ান কাপে অভিযান শুরু করবে ভারত। প্রথম ম্যাচে ভারতের প্রতিপক্ষ অস্ট্রেলিয়া। ১৮ জানুয়ারি দ্বিতীয় ম্যাচে ভারতের প্রতিপক্ষ

উজবেকিস্তান, ২৩ জানুয়ারি গ্রুপ লিগের শেষ ম্যাচে ভারত খেলবে সিরিয়ার বিরুদ্ধে। ১০ ফেব্রুয়ারি পর্যন্ত চলবে এই প্রতিযোগিতা। এই টুর্নামেন্টের জন্য চূড়ান্ত ভারতীয় দলে আছেন তিন জন গোলরক্ষক, আটজন ডিফেন্ডার, ১০ জন মাঝমাঠের ফুটবলার। স্ট্রাইকিং লাইনের জন্য নেওয়া হয়েছে ছয় জনকে। চোট থাকলেও ইগর সিঁটমাচ দলে রেখেছেন সাহালাল। বিগত কয়েকটি টুর্নামেন্টেই ভারতীয় দলের মাঝমাঠে দাপটের সঙ্গে খেলেছেন সাহালা। চোটের জন্য আগেই স্কোয়াড থেকে ছিটকে গিয়েছেন আনোয়ার আলি। তবে জ্যাকসন সিং ও ব্রেন মার্টিনকে দলে না দেখতে পেয়ে অনেকেই অবাক হয়েছেন। চূড়ান্ত দলে মোহনবাগান এসজি থেকে জয়গা

পেয়েছেন সাত ফুটবলার। বিশাল কাইথ, শুভাশিস বোস, অনিরুদ্ধ থাপা, দীপক টাংরি, লিস্টন কোলাসো, সাহাল আব্দুল সামাদ, মনরীল সিং। ইস্টবেঙ্গল থেকে দলে আছেন নওরম মহেশ সিং, লালচাঁৎসুভার। ভারতীয় ফুটবল ফেডারেশনের পক্ষ থেকে একটি বিবৃতিতে জাতীয় কোচ ইগর সিঁটমাচ বলেছেন, আমরা যে বিষয়গুলি নিয়ে কাজ করতে চাই তা হল রক্ষণকে শক্তিশালী করা, অক্রমণাত্মক রূপান্তর এবং সেট পিসকে কাজে লাগানো। ইগর সিঁটমাচ আগেই বলেছিলেন যে তিনি নতুন মুখকে এখনই খুব বেশি সুযোগ দেবেন না। আসলে সিঁটমাচ যাদের নিয়ে আগেও কাজ করেছিলেন, তাদের নিয়েই এই অভিযানে নামতে চায়।

কোটে ফিরেই এগিয়ে চলার ইঙ্গিত নাদালের

ব্রিসবেন, ৩১ ডিসেম্বর : দীর্ঘ ৩৪৭ দিন পর কোটে ফিরলেন স্প্যানিশ টেনিস তারকা রাফায়েল নাদাল। কোটে রাফা নামা মানেই গ্যালারিতে চরম উত্তেজিত দেখা দর্শকদের। ২০২৩ সালের শেষ দিন অর্থাৎ আজ ৩১ ডিসেম্বর কামব্যাক হল নাদালের। সিঙ্গলসে নয়, ডাবলস ইভেন্টে কোটে প্রত্যাবর্তন হয়েছে রাফার। স্পেনের মার্ক লোপেজের সঙ্গে ব্রিসবেন ইন্টারন্যাশনালে পুরুষদের ডাবলসের রাউন্ড অব ৩২-এর ম্যাচে নেমেছিলেন নাদাল। কিন্তু নাদাল জয় দিয়ে শেষ করতে পারলেন না বছরটা। ২০২৩ সালের শুরুতে মেলবোর্ন পার্কে অস্ট্রেলিয়ান ওপেনের দ্বিতীয় রাউন্ডে হিপ ইনজুরির সমস্যায় ভুগছিলেন। তার পর থেকে ৩৪৭ দিন কোর্টের বাইরেই কেটেছে রাফায়েল নাদালের। চলতি বছরের জুনে তাঁর অস্ত্রোপচার হয়। এতদিন শোনা যাচ্ছিল নতুন বছরে কোটে কামব্যাক হবে রাফার। কিন্তু নতুন বছরে নয়, বরং তেইশের শেষে হিপ ইনজুরি সারিয়ে কোটে পা রাখেন রাফা। ২০১৬ সালের অলিম্পিকে স্পেনের টেনিস তারকা মার্ক লোপেজের সঙ্গে জুটিতে সোনা জিতেছিলেন রাফায়েল নাদাল। তার সঙ্গেই ফের কোটে

ফিরলেন ৩৭ বছর বয়সী নাদাল। অস্ট্রেলিয়ার ম্যায় পার্সেল ও জর্ডন থম্পসন জুটির বিরুদ্ধে কামব্যাক ম্যাচে মার্ক লোপেজের সঙ্গে নেমেছিলেন রাফায়েল নাদাল। ৬-৪, ৬-৪ ব্যবধানে সেট সেটে ম্যায় পার্সেল-জর্ডন থম্পসনের বিরুদ্ধে হেরেছেন নাদালরা। ৩৭ বছর বয়সী নাদালকে কামব্যাক ম্যাচে বিরাট সমর্থন করেন তাঁর ফ্যানেরা। স্পেনের পতাকা থেকে শুরু করে নাদালের জন্য বিশেষ বার্তা নজরে পড়ে গ্যালারিতে। ম্যাচ শেষে রাফায়েল নাদাল কোট ছেড়ে বেরানোর সময় দেখা যায় গ্যালারি থেকে ভক্তরা তাঁকে চিয়ার করতে থাকেন। নতুন বছরে ফের গ্র্যান্ড স্লানের লড়াইয়ে নামবেন টেনিস কিংবদন্তি নাদাল। সব ঠিক ঠাক থাকলে ২০২৪ সালের অস্ট্রেলিয়ান ওপেনে ফের খেলতে দেখা যাবে রাফায়েল নাদালকে। এদিকে ২০২৪ সালের পরেও খেলার ব্যাপারে আশাবাদী রাফায়েল নাদাল। যদিও এবারের অস্ট্রেলিয়া সফরটিকে কেরিয়ারে এই মহাদেশে সর্বশেষ সফর হিসেবেই বিবেচনা করছেন প্রাক্তন নম্বার ওয়ান স্প্যানিশ তারকা। ৩৭ বছর বয়সী নাদাল জানিয়েছেন ভবিষ্যত সম্পর্কে এখনও চূড়ান্ত ভাবে তিনি কিছুই ঠিক করেননি। নাদাল বলেন,



এটাই যে আমার শেষ মরসুম এখনই তা নিশ্চিত করে বলতে পারছি না। ভবিষ্যতের বিষয়গুলো এখনই বলা কঠিন। এ কারণেই আমি বলছি ‘সম্ভবত’। তবে অস্ট্রেলিয়াই এটাই আমার শেষ সফর, এ ব্যাপারে সম্ভাবনা অনেক বেশী। আমার এটাই বলতে চাই, পরের বছরও আমি এখানে আসতে পারি। আসলে ভবিষ্যতের কথা কেউ আগে থেকে বলতে পারেনা। আগামী হয় মাসে কি হবে সে বিষয়ে এখনও কোনো ধারণা যেতে পারে। গত ২০ বছরে আমি যেভাবে টেনিসটাকে উপভোগ করেছি তার নিরিখে বলা যেতেই পারে, যতদিন ফিট থাকলে ততদিন খেলতে যাবো। এটা মোটেই সহজ সিদ্ধান্ত নয়। কোমরের চোটের নিদানোর কারণে কেটা কঠিন হয়। এমনকি তার কেরিয়ারও হুমকির মুখে পড়েছিল। কিন্তু কঠিন এই সময়টাতে তিনি কখনই টেনিসের প্রতি ভালবাসা হারিয়ে ফেলেননি। আবারও ফিরে আসার প্রবল মানসিকতা ধরে রেখেছিলেন। তিনি বলেন, অবশ্যই আমাকে অবসর নিয়ে কথা বলতে হয়েছে। কিন্তু একটা মরসুম মনে হয়েছে আমার খেলা চালিয়ে যাওয়া উচিত। আমার মধ্যে সেই দৃঢ়তা ছিল।

শচিনকে সবার আগে রাখছেন ডোনাল্ড

জেহেনেসবার্গ, ৩১ ডিসেম্বর : বক্সিং ডে টেস্টে লজ্জাজনক হারের পরেও উজ্জ্বল ছিলেন বিরাট কোহলি। দুই ইনিংসে করেছিলেন ৩৮ ও ৭৬ রান। এমনকি সামগ্রিকভাবে টেস্ট দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে টিম ইন্ডিয়ার মহাতারকার পারফরম্যান্স দারুণ। সামগ্রিকভাবে শ্রোটিয়াদের বিরুদ্ধে লাল বলের ক্রিকেটে বিরাটের ব্যাটিং পরিসংখ্যান দেখার মতো। এখনও ২০১৩ থেকে ২০২৩ সাল পর্যন্ত বিরাট ১৫টি টেস্টের ২৬টি ইনিংসে করেছেন ১৩৫০ রান। সর্বোচ্চ শতরান ও ৫টি অর্ধ শতরান। যদিও বিরাটকে পান্ডা দিতে নারাজ অ্যালান ডোনাল্ড। তাঁর মতে শ্রোটিয়াদের বিরুদ্ধে সেরা ভারতীয় ব্যাটার হলেন এক ও অধিতীয় শচিন তেজুলকর। দক্ষিণ আফ্রিকা প্রাক্তন দ্রুত বোলার বলেছেন, আমাদের বিরুদ্ধে একমাত্র ভারতীয় হিসেবে মাথা উঁচু করে ব্যাট করেছে শচিন। এছাড়া আর কেউ আমাদের বিরুদ্ধে সাফল্য পায়নি। ওর ট্রিগার মোশেন্ট অসাধারণ ছিল। আমাদের দেশে কোনও

জামশেদপুরের কোচ হচ্ছেন খালিদ জামিল

জামশেদপুর, ৩১ ডিসেম্বর : জামশেদপুর এফসি খালিদ জামিলকে প্রধান কোচ হিসাবে নিয়োগের কথা জানিয়েছে। অভিজ্ঞ এবং এএফসি প্রো লাইসেন্সপ্রাপ্ত কোচ, জানুয়ারিতে শুরু হওয়া কলিঙ্গ সুপার কাপ দিয়ে জামশেদপুর এফসির সাথে তার যাত্রা শুরু করবেন। এরপর শুরু হবে ইন্ডিয়ান সুপার লিগের (আইএসএল) ২০২৩-২৪ মরসুমের বাকি ম্যাচগুলো। খালিদ জামিল একজন প্রাক্তন খেলোয়াড় এবং একজন সফল ম্যানেজার হিসাবে একাধিক ক্লাবে কাজ করেছেন। তিনিই প্রথম ভারতীয় যিনি ইন্ডিয়ান সুপার লিগের (আইএসএল) স্থায়ী প্রধান কোচ এবং একমাত্র ভারতীয় কোচ যিনি কোনও দলকে আইএসএল প্লে অফে গাইড করেছেন। খালিদের দৃষ্টান্ত কেরিয়ারের মধ্যে রয়েছে আইজলের হয়ে ২০১৬-১৭ মরসুমে আই লিগ সেরা কোচের পুরস্কার এবং নর্থ ইস্ট ইন্ডিয়াহিটেড এফসির হয়ে এফসিএআই ইন্ডিয়ান ফুটবল অ্যাসোসি-বর্ষসেরা কোচ (২০২০-২১)। জামশেদপুর এফসি-র সিইও মুকুল চৌধুরি বলেন,

আইএসএল ও আই লিগে অভিজ্ঞতা সম্পন্ন কোচ খালিদ জামিলকে আমি স্বাগত জানাই। কলিঙ্গ সুপার কাপ এবং আইএসএলের বাকি অংশে আমাদের খেলা এখনও বাকি আছে। সুতরাং, আমরা বিশ্বাস করি যে আগামী ম্যাচ থেকে আমাদের নতুন করে শুরু করতে হবে। ভারতীয় ফুটবলে আমাদের এগিয়ে নিয়ে যাওয়ার জন্য তার বোঝাপড়া, অভিজ্ঞতা এবং ট্রাক রেকর্ড রয়েছে। আইএসএলে খালিদের যাত্রা শুরু হয়েছিল নর্থইস্ট ইন্ডিয়াহিটেডের হয়ে, যেখানে তিনি ২০১৯-২০ সালে একাডেমির প্রধান ছিলেন। ক্লাবের সাথে তার সাফল্য ২০২০-২১ সালে এসেছিল যখন তাকে মরসুমের বাকি অংশের জন্য অন্তর্ভুক্তকালীন প্রধান কোচ হিসাবে নিযুক্ত করা হয়েছিল এবং দলটি ১০ ম্যাচে অপরাজিত ছিল, পাশাপাশি হাউল্ডার্স প্লে অফে পৌঁছেছিল। ভালো পারফরম্যান্সের ফলে খালিদ ২০২১-২২ মরসুমের জন্য তাদের প্রধান কোচ হিসাবে নিযুক্ত হন। তিনি আইজল এফসিকে ২০১৬-১৭ আই লিগ শিরোপা এনে দিয়েছিলেন। আইজল ভারতের উত্তর-পূর্ব অঞ্চলের প্রথম ক্লাব হিসাবে জাতীয় শিরোপা জিতেছিল।

পেস বোলারের বিরুদ্ধে মিডল স্টাম্পে গার্ড নিয়ে ব্যাট করা মোটেও সহজ নয়। শচিন বছরের পর বছর ধরে আমাদের বিরুদ্ধে বুক চিতিয়ে লড়াই করেছে। শুধু তাই অফ স্টাম্পের বাইরের ডেলিভারি কীভাবে ছাড়তে হয়, সেটা শচিনের থেকে ভালো আর কেউ জানে না। অবশ্য এখানেই থেমে থাকেননি ডোনাল্ড। ফের যোগ করেছেন, শচিন ওর দীর্ঘ কেরিয়ারে আমাদের বিরুদ্ধে সবসময় সফল হয়েছে এমনটা কিন্তু নয়। তবে সবসময় ওর মধ্যে কামব্যাক করার খিদে দেখছি। আর সেইজন্য অস্ট্রেলিয়া, ইংল্যান্ড, নিউজিল্যান্ডেও সমান সফল শচিন। কারণ ওর ফুটওয়ার্ক ১০০ শতাংশ সঠিক ছিল। ২০০টি টেস্টে শচিনের রান ১৫৯২১। সর্বোচ্চ বাংলাদেশের বিরুদ্ধে অপরাজিত ২৪৮। সঙ্গে আফ্রিকা প্রাক্তন ও ৬৮টি অর্ধ শতরান। এরমধ্যে দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে ১৯৯২ থেকে ২০১১ সাল পর্যন্ত মোট ২৫টি টেস্টের ৪৫টি ইনিংসে শচিনের ব্যাট থেকে এসেছে ১৭৪১ রান। সর্বোচ্চ ১৬৯ রান। ৪২.৪৬ গড় নিয়ে

সাফল্যের খতিয়ান তুলে আগামীর প্রত্যাশা মোদির

নয়াদিল্লি, ৩১ ডিসেম্বর : ক্যালেন্ডারের পাতা বলছে আজ ৩১ ডিসেম্বর। ২০২৩ সালের শেষ দিন। সোমবার সপ্তাহের শুরুর দিন থেকে সূচনা হবে ২০২৪ সালের। রাজনীতি-সমাজ-অর্থনীতির মতোই চলতি বছর স্মরণীয় হয়ে থাকবে ভারতীয় খেলাধুলার জগতেও। এশিয়ান গেমসে রেকর্ড সাফল্য থেকে ক্রিকেটে এশিয়া কাপ চ্যাম্পিয়ন। খেলাধুলার ক্ষেত্রেও একাধিক মাইলস্টোন সৃষ্টি করেছে এই বছর। ২০২৩ সালের শেষ দিনেও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির মুখে খেলার প্রসঙ্গ। রবিবার বছরের শেষ ‘মন কি বাত’ অনুষ্ঠানে নিজের বক্তব্য পেশ করেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। বছর শেষে ফিরে দেখার মতোই তাঁর বক্তব্যে উঠে আসে চলতি বছরের দেশের সব ক্ষেত্রে সাফল্যের কথা। সেখানেই উঠে আসে ২০২৩ সালে ভারতীয় ক্রীড়াবিদের সাফল্যের প্রসঙ্গ। ২০২৩ সালের অভূতপূর্ব সাফল্যের জন্য ক্রীড়াবিদের প্রশংসা করেন মোদি। বছরের শেষ মন কি বাতে প্রধানমন্ত্রী ভালো পারফরম্যান্সের জন্য ভারতীয় অ্যাথলিটদের শুভেচ্ছা ও অভিনন্দন জানান। একইসঙ্গে উল্লেখ করেন, এশিয়ান গেমস, প্যারা এশিয়ান গেমস, একদিনের ক্রিকেট বিশ্বকাপে ভারতীয় দলের পারফরম্যান্সের কথা। মোদির কথায়, ২০২৩ সালে আমাদের অ্যাথলিটরা দুরন্ত পারফরম্যান্স করেছেন। এশিয়ান গেমসে ১০৭টি এবং প্যারা এশিয়ান গেমসে ১১১টি পদক জিতেছেন। একইসঙ্গে প্রধানমন্ত্রী আরও বলেন, ক্রিকেটে বিশ্বকাপে ভারতীয়

পাকিস্তান সফর

নয়াদিল্লি, ৩১ ডিসেম্বর : আসম ডেভিস কাপ টেনিস টাই খেলতে ভারতীয় দল পাকিস্তান সফরের ছাড়পত্র পাবে বলে আশা করা হচ্ছে। অল ইন্ডিয়া টেনিস অ্যাসোসিয়েশন (এআইটিএ) সম্প্রতি এ তথ্য জানিয়েছে। অল ইন্ডিয়া টেনিস অ্যাসোসিয়েশন (এআইটিএ) সম্প্রতি ক্রীড়া মন্ত্রকের কাছ থেকে পরামর্শ চেয়েছিল যে তারা ৩ এবং ৪ ফেব্রুয়ারি পাকিস্তান হতে চলা ওয়ার্ল্ড গ্রুপ ওয়ান প্লে অফের জন্য একটি দল পাঠাতে পারে কি না। এআইটিএ-র সাধারণ সম্পাদক অনিল ধুপারি বলেন, আমরা এখনও লিখিতভাবে অনুমোদন পাশি, তবে শীঘ্রই এটি পাব বলে আশা করছি। ক্রীড়া মন্ত্রক বিদেশ ও স্বরাষ্ট্র মন্ত্রকের কাছে অনুরোধ পাঠিয়েছে এবং তাদের মতামতের পরেই চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে। আশা করছি শিগগিরই অনুমোদন পাব। আমরা লড়াই এবং যাত্রার জন্য প্রস্তুতি নিছি। এদিকে, পাকিস্তান টেনিস ফেডারেশন (পিটিফে) জানিয়েছে, ইসলামাবাদে ডেভিস কাপ টাইতে ভারতীয় খেলোয়াড় ও কর্মকর্তাদের অংশগ্রহণের বিষয়ে চূড়ান্ত নিশ্চিতকরণের অপেক্ষায় রয়েছে তারা। এআইটিএ আমাদের ভিসার জন্য ১১ জন কর্মকর্তা এবং সাত জন খেলোয়াড়ের ৩ একটি তালিকা পাঠিয়েছে। আমরা তাদের আগমনের চূড়ান্ত নিশ্চিতকরণের অপেক্ষায় রয়েছে। এআইটিএ জানিয়েছে যে তারা পাকিস্তান দলের আগমনের জন্য তাদের সরকারের কাছ থেকে ছাড়পত্র পাওয়ার পরেই নিশ্চিত করবে। তালিকায় এআইটিএ সভাপতি অনিল জৈন এবং সচিব অনিল ধুপারের নামও রয়েছে।

শীর্ষে রোনাল্ডো

রিয়াদ, ৩১ ডিসেম্বর : শনিবার সৌদি পেশাদার লিগে আল টাউনের বিপক্ষে আল নাসরের ৪-১ গোলের বড় জয়ে স্কোরশিটে নাম লিখিয়েছেন ক্রিস্টিয়ানো রোনাল্ডো। এর মাধ্যমে পর্তুগিজ এই সুপারস্টার সর্বোচ্চ ৫৪ গোল নিয়ে ২০২৩ সাল শেষ করলেন। সৌদির ক্লাব ও জাতীয় দলের হয়ে অফিসিয়াল ম্যাচে রোনাল্ডো ৫৯ ম্যাচে ৫৪ গোল করেছেন। এর মাধ্যমে তিনি বায়ার্ন মিউনিখের হ্যারি কেন ও পিএসজির কিলিয়ান এমবাব্লে (৫২), ম্যানচেস্টার সিটির অর্লিও হালাভুকে (৫০) পিছনে ফেলেছেন। এদের মধ্যেই কেউই এ বছর আর মাঠে নামছেন না। এর মাধ্যমে কেরিয়ারে পঞ্চমবারের মত বিশ্বের শীর্ষ গোলদাতা হিসেবে বছর শেষ করলেন রোনাল্ডো। এর আগে ২০১১, ২০১৩, ২০১৪ ও ২০১৫ সালে রিয়াল মাদ্রিদে পাকালালী তিনি এই কৃতিত্ব দেখিয়েছিলেন। ২০১৬ সালে তিনি এক ক্যালেন্ডার বছরে ৫৫ গোল করেছিলেন। এ বছর তিনি ব্যালন ডি’অর ট্রফিও জয় করেছিলেন। ৩৮ বছর বয়সী পর্তুগিজ এই সুপারস্টার ইনস্টাগ্রামে লিখেছেন, ৫৪, আমি আমার দলকে ধন্যবাদ জানাতে চাই।



রয়েছে ৭টি শতরান ও ৫টি অর্ধ শতরান। এমনকি ডোনাল্ড-শন পোলক-মাখায়া এনটিনি-ডেল স্টেইনদের পেস ও বাউন্স সামলে শচিনের পরিসংখ্যান চমকে দেওয়ার মতো। রামধনুর দেশে ১৯৯২ থেকে ২০১১ সাল পর্যন্ত মোট ১৫টি

টেস্ট খেলেছেন মাস্টার ব্লাস্টার। ২৮টি ইনিংসে করেছেন ১১৬১ রান। সর্বোচ্চ ১৬৯ রান। গড় ৪৬.৪৪। সঙ্গে রয়েছে ৭টি শতরান ও ৫টি অর্ধ শতরান। আর তাই বাকি ভারতীয় ব্যাটারদের থেকে শচিনকেই সবার উপরে রাখলেন ডোনাল্ড।

ক্রিকেটাররা তাঁদের পারফরম্যান্সের মধ্য দিয়ে সবার হৃদয় জিতে নিয়েছেন। এবার ২০২৪ সালে প্যারিস অলিম্পিক আয়োজন করছে। গোটা দেশ এই প্রতিযোগিতার জন্য অ্যাথলিটদের উদ্বুদ্ধ করছে। প্যারিস অলিম্পিক গেমস শুরু হবে ২০২৪ সালের ২৬ জুলাই। চলবে ১১ আগস্ট পর্যন্ত। এশিয়ান গেমসে রেকর্ড ১০০ পদকের লক্ষ্যমাত্রা ২০২৩ সালেই পূরণ হয়েছে। এবার ভারতের লক্ষ্য অলিম্পিকে সাফল্য পাওয়া। সেইসঙ্গে পদক সংখ্যা বাড়ানো। টোকিও অলিম্পিকে অ্যাথলেটিঙ্গে সোনা জিতে ইতিহাস সৃষ্টি করেন নীরজ চোপড়া। তাঁকে ঘিরে প্যারিসেও থাকবে সোনার প্রত্যাশা। একইসঙ্গে ব্যাডমিন্টন থেকে শুটিং এশিয়ান গেমসে চমকপ্রদ পারফরম্যান্স করেছে ভারত। ব্যর্থতার ধারা কাটিয়ে আগেই ঘুড়ে দাঁড়িয়েছে ভারতীয় হকি দল। ২০২১ সালে টোকিও অলিম্পিকে ব্রোঞ্জ জিতেছে ভারত। দীর্ঘদিন পর আবার অলিম্পিক গোড়ামিতে স্থান করে নেয় ভারতীয় হকি দল। চলতি এশিয়ান গেমসে সোনা জয়ের পাশাপাশি ভারতীয় হকি দল প্যারিস অলিম্পিকের টিকিটও কনফার্ম করে ফেলেছে। এর পাশাপাশি বছরের শুরুতেই ফুটবলের মেগা ইভেন্ট। আগামী ১২ জানুয়ারি থেকে শুরু কাতারে শুরু হচ্ছে এএফসি এশিয়ান কাপ। ২০২৪ সালে হবে টি২০ বিশ্বকাপ। আগামী বছরের জুন মাসে ওয়েস্ট ইন্ডিজ এবং মার্কিন যুক্তরাষ্ট্রে বসতে চলেছে টি২০ বিশ্বকাপের আসর।

নিজের খেলায় খুশি নন জেসন কামিন্স

কলকাতা, ৩১ ডিসেম্বর : শেষ মরসুমের মতো নিজেদের অনবদ্য পারফরম্যান্স বজায় রাখার জন্য এবছর শুরুর থেকেই দলবদলের বাজারে যথেষ্ট সক্রিয় ভূমিকা নিয়েছিল মোহনবাগান ম্যানেজমেন্ট। প্রাক্তন অধিনায়ক প্রীতম কোটালের পাশাপাশি দলের একাধিক ফুটবলারদের ছেড়ে দেয় সবুজ-মেরুন ম্যানেজমেন্ট। তার বদলে দেশীয় ফুটবলারদের পাশাপাশি একাধিক বিদেশী ফুটবলারদের দলে টানে সবুজ-মেরুন ম্যানেজমেন্ট। তাদের মধ্যে ভারতীয়দের মধ্যে দলে আছেন দাপুটে মিডফিল্ডার সাহাল আব্দুল সামাদ থেকে শুরু করে অনিরুদ্ধ থাপা ও আনোয়ার আলির মতো ফুটবলার। যা দেখে স্বাভাবিকভাবেই হইচই পড়ে গিয়েছিল দল বদলের বাজারে। তবে ভাগ্য খুব একটা মত দলের সমর্থকদের উদ্দেশ্যে বিশেষ বার্তা দিলেন এই দাপুটে স্ট্রাইকার। এবছর মোহনবাগানের সঙ্গে যুক্ত হয়ে খুব একটা ভালো পারফরম্যান্স যে করতে পারেননি, সেটা বুঝতে পারছেন ভালো ভাবেই। নিজের সোশ্যাল সাইট থেকে ক্ষমা চেয়েছেন কামিন্স। বাগান জনতার মনের মত পারফরমেন্স যে এখনও তিনি করতে পারেননি, সেটার উল্লেখ করেছেন তিনি। চলতি মরসুমে মোহনবাগান দলের যে আরো অনেক ভালো পারফরম্যান্স প্রাপ্য সেই কোথায় জানিয়েছেন এই তারকা। তবে পুরনো সমস্ত কিছু ভুলে নতুন বছর থেকে নিজেকে মেলে ধরতে বদ্বপরিবর্ক এই অজি ফুটবলার। এখন সেদিকেই তাকিয়ে সকলে।



দুরন্ত বার্তা

সব খবর সবার আগে, বাংলায়

Download The App Now

GET IT ON Google Play



ডাউনলোড করতে স্ক্যান করুন